বার্ষিক প্রতিবেদন

২০১৮-১৯

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

১. দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

ভৌগোলিক অবস্থানগত কারণে বাংলাদেশ একটি দুর্যোগ প্রবণ দেশ। প্রাকৃতিক পরিবেশ যেমন: ভূমিকম্প, বৈশ্বিক উষ্ণতা বৃদ্ধি ও জলবায়ু পরিবর্তন ইত্যাদির ঝুঁকি মোকাবিলা ছাড়াও জনসংখ্যার আধিক্য ও দারিদ্র্যের প্রকোপ এ অঞ্চলের জনগোষ্ঠীকে আরো বিপদাপন্ন করে তুলেছে। তাই বর্তমান সরকারের অন্যতম প্রধান লক্ষ্য হল প্রাকৃতিক ও মনুষ্যসৃষ্ট দুর্যোগের ঝুঁকি মোকাবিলায় যুগোপযোগী ও সমন্বিত দুর্যোগ ঝুঁকিহ্রাস ও প্রস্তুতিমূলক কার্যক্রম গ্রহণের মাধ্যমে টেকসই উন্নয়ন নিশ্চিত করা। এ লক্ষ্যে দুর্যোগ মোকাবিলার পাশাপাশি গ্রামীণ দরিদ্র জনগোষ্ঠীর কর্মসংস্থান সৃষ্টি, জনগণের আয় বৃদ্ধি, খাদ্য সরবরাহের ভারসাম্য আনয়ন এবং দারিদ্র্য বিমোচনে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা), গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) এবং অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান (ইজিপিপি) ইত্যাদি কর্মসূচি গ্রহণ ও তা সম্প্রসারণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক ব্যাপক কার্যক্রম বাস্তবায়িত হয়েছে এবং তা অব্যাহত আছে। ১৬০৬ কোটি টাকা ব্যয়ে ৫৬৪৬টি ব্রীজ/কালভার্ট নির্মাণ করা হয়েছে। বন্যা-প্রবণ ও নদী ভাঙ্গন এলাকায় ১৭৪.৬১ কোটি টাকা ব্যয়ে ১৫৬টি বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ করা হয়েছে। বাংলাদেশের উপকূলীয় অঞ্চলে ১৯৯.৭৯ কোটি টাকা ব্যয়ে ১০০ টি বহুমূখী ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র নির্মাণ করা হয়েছে। ভূমিকম্প পরবর্তী সময়ে উদ্ধার ও অনুসন্ধান কাজে ব্যবহারের জন্য ১৫৩.৫২ কোটি টাকা ব্যয়ে ৩০৩৫টি বিভিন্ন ধরনের যন্ত্রপাতি ক্রয় করা হয়েছে। মহাখালিস্থ দুর্যোগ ব্যবস্থাপনা ভবন ১৩.৩৩ কোটি টাকা ব্যয়ে ৭ তলা হতে ১০ তলা পর্যন্ত উর্দ্ধমুখী সম্প্রসারণ করা হয়েছে। ৭৮.৮৮ কোটি টাকা ব্যয়ে ১২টি ইমার্জেন্সী পিকআপ ভ্যান, ৬টি মোবাইল এ্যাম্বুলেন্স বোট, ৪টি সী সার্চ এন্ড রেসকিউ বোট, ১২টি স্মল মেরিন রেসকিউ বোট, ৩৫টি মেগা সাইরেন, ১৬টি স্যাটেলাইট ফোন ও অন্যান্য যন্ত্রপাতি ক্রয় করা হয়েছে। দুর্গত এলাকায় পানীয় জল দ্রুত সরবরাহের জন্য ১৫০.৯৬ কোটি টাকা ব্যয়ে ৩০টি ট্রাক মাউন্টেড স্যালাইন ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট কিনে প্রস্তুত রাখা হয়েছে।



১৫-১৭ মে ২০১৮ মেয়াদে অনুষ্ঠিত "2nd International Conference on Disability and Disaster Risk Management" এ মাননীয় প্রধানমন্ত্রী প্রতিবন্ধীদের সঙ্গে কথা বলছেন।

২. দুর্যোগ ব্যবস্থাপনা নীতি ও আইনগত কাঠামো উন্নয়ন

দুর্যোগ ব্যবস্থাপনা কার্যক্রমকে একটি আইনি কাঠামোর মধ্যে আনয়নের লক্ষ্যে নিম্নেবর্ণিত আইন, নীতিমালা, বিধিমালা, নির্দেশমালা প্রতিবেদন প্রণয়ন করা হয়:

- দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ক স্থায়ী আদেশাবলি (SOD), ২০১০ এর অধিকতর সংশোধন

- জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা, ২০১৬-২০২০
- দুর্যোগ ঝুঁকিহ্রাসের লক্ষ্যে সেন্দাই কর্মকাঠামো (২০১৫-২০৩০) এর বঙ্গানুবাদ
- আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন ও প্রস্তুতি দিবস উদযাপন উপলক্ষে স্মরণিকা প্রকাশ
- বার্ষিক প্রতিবেদন (২০১৬-২০১৭)
- বার্ষিক ইনোভেশন প্রতিবেদন

৩.০ মন্ত্রণালয়ের মৌলিক বিষয়াদি

৩.১ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের ভিশন স্টেটমেন্ট

প্রাকৃতিক, জলবায়ু জনিত ও মনুষ্যসৃষ্ট দুর্যোগের ক্ষতিকর প্রভাব জনগোষ্ঠীর সহণীয় পর্যায়ে নামিয়ে আনা; তবে এ কাজে গরীব ও দুঃস্থদেরকে অগ্রাধিকার দিতে হবে।

৩.২ মন্ত্রণালয়ের মিশন স্টেটমেন্ট

প্রাকৃতিক, পরিবেশগত ও মনুষ্যসৃষ্ট সকল প্রকার দুর্যোগের ক্ষতিকর প্রভাব সহনীয় ও গ্রহণযোগ্য পর্যায়ে এনে জনগণের, বিশেষ করে দরিদ্র ও দুর্দশাগ্রস্ত জনগোষ্ঠীর দুর্যোগ ঝুঁকিহ্রাস করা, জরুরি দুর্যোগ সাড়াদান ও পুনর্গঠন কার্যক্রমকে অধিকতর কার্যকর করা এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের সক্ষমতা বৃদ্ধি করা।

৩.৩ মন্ত্রণালয়ের এলোকেশন্স অব বিজনেস

১. সার্বিক দুর্যোগ ঝুঁকিহ্রাস এবং দুর্যোগে সাড়া প্রদান ব্যবস্থাপনার সাথে সম্পর্কিত আইন, নীতিমালা, আদেশাবলী পরিকল্পনা, নির্দেশনা প্রণয়ন, পুনর্বিবেচনা এবং বাস্তবায়ন সংক্রান্ত কার্যক্রম;

২. Vulnerability Group Feeding (VGF) এবং অন্যান্য সামাজিক নিরাপত্তা কর্মসূচির ডাটাবেজ সংরক্ষণ, ব্যবস্থাপনা ও MIS সংক্রান্ত কার্যাবলি;

৩. ত্রাণ ও দুর্যোগ ঝুঁকিহ্রাসকরণ কর্মসূচি, পরিকল্পনা, গবেষণা এবং মনিটরিং সংক্রান্ত কার্যক্রম;

৪. দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং এর আওতাধীন অধিদপ্তর ও সংস্থার নন-ক্যাডার ও কারিগরী কর্মচারীদের কর্মী ব্যবস্থাপনা, নিয়ন্ত্রণ, কার্য মূল্যায়ন বিষয়ক কার্যাদি;

৫. দুর্যোগ ঝুঁকিহ্রাস এবং জরুরি সাড়া প্রদান ব্যবস্থাপনার সাথে সম্পর্কিত সব ধরনের কার্যক্রমের সমন্বয়সাধন;

৬. বিভিন্ন মন্ত্রণালয়, সংস্থা, এনজিও, সর্বস্তরের স্থানীয় সরকার, কমিউনিটি ভিত্তিক সংগঠন (CBO), সুশীল সমাজ, সকল স্বার্থ সংশ্লিষ্ট পক্ষকে দুর্যোগ ঝুঁকিহ্রাসে মূল ধারায় সম্পৃক্তকরণ;

৭. জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাবের ফলে সৃষ্ট দুর্যোগ মোকাবিলায় গৃহীত প্রকল্পসমূহ বাস্তবায়ন;

৮. জরুরি ত্রাণ ও পুনর্বাসন কর্মসূচির প্রকল্প প্রণয়ন, সম্মতি প্রদান, প্রশাসন, সমন্বয় এবং তত্ত্বাবধান সংক্রান্ত যাবতীয় কার্যক্রম;

৯. সামাজিক নিরাপত্তা কর্মসূচি যথা- টিআর, ভিজিএফ, কাবিখা, স্কুল ফিডিং কর্মসূচি, গ্রামীণ অবকাঠামো নির্মাণ, ঝুঁকিহ্রাস কর্মসূচি, রাস্তাঘাট রক্ষণাবেক্ষণ কর্মসূচি অনুমোদন, প্রশাসন এবং মনিটরিং সংক্রান্ত কার্যাবলি;

১০. দুর্যোগ ঝুঁকিহ্রাসকরণে ছোট ছোট সেতু/কালভার্ট, ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র, বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ এবং রক্ষণাবেক্ষণ;

১১. এ মন্ত্রণালয়ের সাথে সম্পর্কিত বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প/কর্মসূচি প্রণয়ন এবং বাস্তবায়ন;

১২. দুর্যোগ ব্যবস্থাপনা সংক্রান্ত আঞ্চলিক ও আন্তর্জাতিক সাহায্য, ঋণ ও মঞ্জুরীর অনুসন্ধান এবং প্রশাসন ও সমন্বয়সাধন;

১৩. এ মন্ত্রণালয়ের জন্য নির্ধারিত বিষয়াবলি সম্পর্কে বিভিন্ন আঞ্চলিক ও আন্তর্জাতিক সংস্থা এবং অন্যান্য দেশের সাথে যোগাযোগ রক্ষা করা;

১৪. দুর্যোগকালে দুর্যোগের ক্ষয়ক্ষতি নিরূপণ এবং জরুরি অবস্থা জারীর ঘোষণা এবং স্থানান্তরের (Evacuation) নির্দেশ প্রদান;

১৫. দুর্যোগে সাড়াপ্রদান কার্যক্রম স্থাপন, শক্তিশালীকরণ এবং উন্নয়ন;

১৬. দুর্যোগ বিষয়ক স্থায়ী আদেশাবলি হালনাগাদকরণ এবং বাস্তবায়ন;

১৭. জাতীয় এবং স্থানীয় পর্যায়ে দুর্যোগ ব্যবস্থাপনা তথ্য কেন্দ্র (DMIC) স্থাপন, ব্যবস্থাপনা এবং পরিচালনা;

১৮. ভূমিকম্প, স্থাপনা ভেঙ্গে পড়া, সুনামী, অগ্নিকান্ড এবং যে সকল দুর্যোগে বহু মানুষের প্রাণহানি ঘটে সেক্ষেত্রে প্রতিকারমূলক এবং প্রস্তুতিমূলক পদক্ষেপ গ্রহণ;

১৯. দুর্যোগ ব্যবস্থাপনা সম্পর্কে সচেতনতা সৃষ্টি বিষয়ক প্রশিক্ষণ প্রদান ও সমন্বয়সাধন;

২০. এ মন্ত্রণালয়ের বাজেট, অর্থ সংস্থান সম্পর্কিত সকল বিষয়াবলি;

২১. শরণার্থী সম্পর্কিত কর্মসূচি বাস্তবায়ন;

২২. এ মন্ত্রণালয়ের ক্ষেত্রে প্রযোজ্য সকল আইন এবং বিধি বিধান প্রণয়ন;

২৩. এ মন্ত্রণালয়ের জন্য নির্ধারিত সকল ধরনের তথ্য প্রদান ও অনুসন্ধান কার্যক্রম;

২৪. আদালতের নির্ধারিত ফি ব্যতীত এ মন্ত্রণালয়ের জন্য প্রযোজ্য সকল ধরনের ফি সম্পর্কিত বিষয়াবলি;

২৫. দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের সঙ্গে সম্পর্কিত অন্যান্য সকল বিষয়।

৩.৪ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের প্রধান কার্যাবলি

১. দুর্যোগ ব্যবস্থাপনা সংক্রান্ত আইন, নীতি ও কর্মপরিকল্পনা প্রণয়ন এবং বাস্তবায়ন;

২. জরুরি মানবিক সহায়তা ও পুনর্বাসন কার্যক্রম সংক্রান্ত নীতি ও পরিকল্পনা প্রণয়ন এবং সংশ্লিষ্ট সকল সামাজিক নিরাপত্তা কর্মসূচির ডাটাবেস প্রস্তুত ও সংরক্ষণ;

৩. দুর্যোগ ঝুঁকিহ্রাস পরিকল্পনা প্রণয়ন, প্রশিক্ষণ ও গবেষণা কার্যক্রম গ্রহণ এবং এর সাথে সম্পৃক্ত স্থানীয়, আঞ্চলিক ও আন্তর্জাতিক বিভিন্ন উন্নয়ন সহযোগীদের মধ্যে সমন্বয় সাধন, পর্যবেক্ষণ ও মূল্যায়ণ;

৪. গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা), গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টেস্ট রিলিফ), দুঃস্থদের খাদ্য সহায়তা (ভিজিএফ), জিআর (খাদ্য), নগদ অর্থ সহায়তা (জিআর), শীত বস্ত্র সহায়তাসহ এ ধরনের অন্যান্য কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের মাধ্যমে দুর্দশা লাঘবে খাদ্য নিরাপত্তা নিশ্চিত করা;

৫. অতিদরিদ্রদের ঝুঁকিহ্রাসকল্পে বছরের বিভিন্ন সময়ে কর্মসংস্থান নিশ্চিত করার লক্ষ্যে ৪০ দিনের কর্মসূচি বাস্তবায়ন;

৬. বৈদেশিক উৎস্য হতে প্রাপ্ত খাদ্য এবং অন্যান্য জরুরি মানবিক সহায়তা ব্যবহার ও বিতরণে সমন্বয় সাধন, উন্নয়ন সহযোগী দেশ ও প্রতিষ্ঠানের সাথে সম্পৃক্ত কার্যাবলি বাস্তবায়ন;

৭. শরণার্থী বিষয়ক কর্মসূচি বাস্তবায়ন ও সংশ্লিষ্ট জাতীয় ও আন্তর্জাতিক সংস্থার সাথে সমন্বয় সাধন;

৮. দুর্যোগ ঝুঁকিহ্রাস সহায়ক ভৌত অবকাঠামো নির্মাণ;

৯. দুর্যোগ ব্যবস্থাপনা ও ঝুঁকিহ্রাস ক্ষমতা বৃদ্ধিকরণে সতর্ক সংকেতসহ মটিভেশন ও প্রশিক্ষণ বিষয়ক কার্যক্রম সম্পাদন।

৩.৫ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের মধ্যমেয়াদী কৌশলগত লক্ষ্য ও উদ্দেশ্য

কৌশলগত মধ্যমেয়াদি উদ্দেশ্য	প্রধান কার্যক্রমসমূহ	বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা
১. দুর্যোগ ব্যবস্থাপনা পদ্ধতি প্রাতিষ্ঠানিকীকরণ, পেশাদারিত্ব সৃষ্টি ও সক্ষমতা বৃদ্ধি।	• দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ে দুর্যোগপ্রবণ এলাকার সংশ্লিষ্ট সকলকে প্রশিক্ষণ প্রদান	মন্ত্রণালয়
	• দুর্যোগ ঝুঁকিহ্রাসকল্পে জাতীয় ও স্থানীয় পর্যায়ে সংস্থাভিত্তিক আপদকালীন পরিকল্পনা প্রণয়ন এবং দুর্যোগ প্রবণ ও অতিদরিদ্র জনগোষ্ঠী অধ্যুষিত এলাকা চিহ্নিতকরণ • দুর্যোগ মোকাবিলার জন্য উদ্ধারকারী যানবাহন ও যন্ত্রপাতি সংগ্রহ, সংরক্ষণ ও বিতরণ	দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
২. দুর্যোগ ঝুঁকিহ্রাসের লক্ষ্যে অবকাঠামো সম্প্রসারণ ও মানোন্নয়ন	• দ্রুত পানি নিষ্কাশনের জন্য ছোট ও মাঝারী আকারের ব্রিজ, কালভার্ট নির্মাণ • উপকূলীয় এলাকায় বহুমূখী ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র নির্মাণ ও রক্ষণাবেক্ষণ • বন্যা প্রবণ এলাকায় বহুমুখী বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ ও রক্ষণাবেক্ষণ • ঘূর্ণিঝড় সহনীয় গৃহ নির্মাণ, সামাজিক প্রতিষ্ঠানের মাঠ উঁচুকরণ ও মাটির কিল্লা নির্মাণ	দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৩. বিপদাপন্ন ও দুর্দশাগ্রস্ত জনগোষ্ঠীর দুর্দশা লাঘব ও ঝুঁকিহ্রাসকরণ	• চিহ্নিত দুর্যোগপ্রবণ এলাকায় অতি দরিদ্রদের বিশেষত দরিদ্র দুঃস্থ নারীদের কর্মসংস্থান • জলবায়ু পরিবর্তনজনিত ঝুঁকিহ্রাসের জন্য অভিযোজন কার্যক্রম গ্রহণ • অন্তর্নিহিত ঝুঁকি চিহ্নিতকরণ ও আগাম সংকেতের মাধ্যমে জীবন ও সম্পদের ক্ষয়ক্ষতি কমানো	মন্ত্রণালয়
	• কাজের বিনিময়ে খাদ্য কর্মসূচি বাস্তবায়ন • টি.আর.কর্মসূচি বাস্তবায়ন • ভি.জি.এফ. কর্মসূচি বাস্তবায়ন • জি.আর (খাদ্য) জি.আর (নগদ অর্থ), শাড়ী, লুঙ্গি, কম্বল, ঢেউটিন, গৃহনির্মাণ মুঞ্জুরি ইত্যাদি বিতরণ	দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

৩.৬ সাংগঠনিক কাঠামো ও জনবল

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের নির্বাহী প্রধান হিসেবে রয়েছেন একজন মন্ত্রী। রুলস্ অব বিজনেস অনুযায়ী মাননীয় মন্ত্রী মন্ত্রণালয়ের কর্মকান্ড বাস্তবায়নের সার্বিক দায়িত্ব পালন করছেন। এছাড়া দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ

মন্ত্রণালয়ের সার্বিক কর্মকান্ড বাস্তবায়নে সহায়তা করার জন্য একজন সচিব রয়েছেন। এ মন্ত্রণালয়ের প্রশাসনিক ও আর্থিক প্রধান হিসেবে তিনি মন্ত্রণালয়ের এবং নিম্নোক্ত ২ (দুই) টি সংস্থা ও একটি কমিশনার কার্যালয়ের তত্ত্বাবধান করেন। এগুলো হলো :

- দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি
- শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনারের কার্যালয়

ক. সাংগঠনিক কাঠামো



বিদ্যমান যানবাহন ও অফিস সরঞ্জামাদি

ক্র.নং	বিবরণ	সংখ্যা
১	মাইক্রোবাস/জীপ	৫
২	মোটর সাইকেল	১
৩	ডুপ্লিকেটিং মেঃ	১
৪	ফটোকপিয়ার	৬
৫	ফ্যাক্স মেশিন	৪
৬	কম্পিউটার	৫০
৭	প্রিন্টার	৩৫
৮	স্ক্যানার	৮
৯	সার্ভার	১
১০	প্রজেক্টার	১
১১	এয়ার কন্ডিঃ	৯
১২	ইন্টারকম সিঃ	১(৩৫ লাইন)
১৩	ওয়ারলেস সেট	১৬৪
১৪	নোট বুক কম্পিঃ	২
১৫	ব্রডব্যান্ড কানেঃ	১
১৬	ডিজিটাল ক্যাঃ	১
১৭	রাউটার	১
১৮	নেটওয়ার্ক সুইচ	৪
১৯	ইউ.পি.এস	৫১
২০	ওয়্যারলেস ব্রিজ	১
২১	ওয়্যারলেস এক্সেস পয়েন্ট	২
২২	ক্যাবল মডেম	২

জনবলের সারসংক্ষেপ

ক্র.নং	পদের নাম	সংখ্যা
১	সচিব	১
২	অতিরিক্ত সচিব	১
৩	যুগ্মসচিব	২
৪	উপসচিব	৬
৫	উপপ্রধান	১
৬	সিঃসঃসচিব	১৩
৭	সিঃসঃপ্রধান	০৩
৮	অন্যান্য	১৬
৯	মোট ১ম শ্রেণী	৪৩
১০	মোট ২য় শ্রেণী	৩৮
১১	মোট ৩য় শ্রেণী	৭৬
১২	মোট ৪র্থ শ্রেণী	৩৪
	সর্বমোট =	১৯১

* বিদ্যমান অনুমোদিত পদ-১৭৩* সৃজনকৃত নতুন পদ - ২০টি, সিনিয়র সহকারী প্রধান-৩ এর অধীন জনবল প্রদর্শন সম্ভব হয় নি, জনবল প্রাপ্তি সাপেক্ষে সাংগঠনিক কাঠামো পুন: অনুমোদনের উদ্যোগ নেয়া হবে। রোহিঙ্গা সেলঃ জনবল সংস্থাপন মন্ত্রণালয়/উন্নয়ন খাতের আওতাভূক্ত হওয়ায় মন্ত্রণালয়ে কর্মরত জনবলের হিসাবের সাথে তাঁদের অন্তর্ভূক্ত করা হয়নি।

প্রশাসন শাখার কার্যাবলী

১। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগে ন্যস্তকৃত ক্যাডারভুক্ত কর্মকর্তাগণের (প্রেষণ/সংযুক্তিসহ) অভ্যন্তরীণ পদায়ন, অবমুক্তিসহ জনপ্রশাসন বিষয়ক যাবতীয় কার্যাদি।

২। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগের গেজেটেড, নন-গেজেটেড ও কারিগরী (Technical)কর্মচারীদের নিয়োগ, পদোন্নতি, ছুটি, লিয়েন, অবসর, শৃংঙ্খলাজনিত এবং অন্যান্য জনপ্রশাসন বিষয়ক কার্যাদি ও ব্যক্তিগত নথি সংরক্ষণ।

৩। এ বিভাগের সাংগঠনিক কাঠামোসহ বিভিন্ন পদ সৃজন, সংরক্ষণ ও স্থায়ীকরণ বিষয়াদি।

৪। সিটিজেন চার্টার সংক্রান্ত কার্যাবলী।

৫। তথ্য অধিকার সংক্রান্ত কার্যাদি।

৬। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগের বিভিন্ন শাখার কর্মবন্টন।

৭। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ ও এর অধীনস্থ দপ্তরসমূহের কর্মকর্তা/কর্মচারীদের বৈদেশিক/অভ্যন্তরীণ প্রশিক্ষণ।

৮। সংস্থার কর্মপরিকল্পনা সংক্রান্ত কার্যাবলী ও তথ্য প্রেরণ।

৯। এ বিভাগ ও এর আওতাধীন সংস্থার অনিষ্পন্ন পেনশন কেইস এর তথ্যাদি প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ।

১০। আন্তর্জাতিক কমিশন/কমিটি/বোর্ড/সভা/সেমিনার ইত্যাদিতে প্রতিনিধি মনোনয়ন।

১১। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগের গেজেটেড/নন-গেজেটেড কর্মকর্তা/কর্মচারীগণের বার্ষিক গোপনীয় অনুবেদন সংরক্ষণ।

১২। বাৎসরিক স্বাস্থ্য পরীক্ষা সংক্রান্ত কার্যাবলী।

১৩। স্থায়ী আদেশ দ্বারা বিভাগের কর্মকর্তাদের প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা বন্টন।

১৪। এ বিভাগ ও এর অধীনস্থ দপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের বিদেশ ভ্রমণ সংক্রান্ত সকল কার্যাদি।

১৫। বিদেশ প্রশিক্ষণ/ ভ্রমণ শেষে প্রতিবেদন সংগ্রহ ও সংরক্ষণ।

১৬। এ বিভাগের কর্মকর্তা/কর্মচারীদের সম্পদের বিবরণী সংক্রান্ত বিষয়াদি (প্রেষণে কর্মরতদেরসহ)।

১৭। কর্মকর্তা/কর্মচারীদের ব্যক্তিগত বিষয়াবলী যেমন বাসা বরাদ্দ,জমি ক্রয়/গৃহ নির্মাণ বা গৃহ মেরামত/ সাইকেল/মটর সাইকেল অগ্রিম প্রদান/কল্যাণ তহবিলের অর্থ প্রদান ইত্যাদি।

১৮। এ বিভাগের কর্মকর্তা ও কর্মচারীদের অগ্রিম মঞ্জুরী প্রদান বিষয়ক।

১৯। এ বিভাগের কর্মকর্তা ও কর্মচারীদের নিকট প্রাপ্য সরকারী দাবী মওকুফ সংক্রান্ত বিষয়াদি।

২০। স্বাধীনতা/বিজয় দিবস উপলক্ষ্যে পুরষ্কারের জন্য মনোনয়ন প্রদান সংক্রান্ত।

২১। সচিবালয়ে প্রবেশের স্থায়ী/অস্থায়ী প্রবেশপত্র প্রদান বিষয়ক কার্যাবলী।

২২। কেন্দ্রীয়ভাবে এ বিভাগের পত্র গ্রহণ ও প্রেরণ সংক্রান্ত কার্যাবলী।

২৩। জাতীয় ও আন্তর্জাতিক দিবস উদযাপন উপলক্ষ্যে কর্মকর্তাদের তালিকা প্রেরণ, কার্ড বিতরণ ইত্যাদি।

২৪। শাখা সংশ্লিষ্ট মামলার তথ্য সংগ্রহ, সরবরাহ ও জবাব প্রস্তুতকরণ।

২৫। নৈমিত্তিক ও ঐচ্ছিক ছুটি সংক্রান্ত তথ্যাদি সংরক্ষণ।

২৬। শৃঙ্খলা সংক্রান্ত ত্রৈমাসিক রিপোর্ট জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ।

২৭। অফিসের কলাপসিবল গেইট খোলা,বন্ধকরণ এবং অফিস কক্ষসমুহের নিরাপত্তা সংক্রান্ত।

২৮। অনুসন্ধান ও তথ্য (শাখা সংশ্লিষ্ট)সংক্রান্ত বিষয়াবলী।

২৯। কর্মবন্টন তালিকা বহির্ভূত যে কোন বিষয়।

৩০। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়িত্বাবলী।

সমন্বয় ও সংসদ শাখার কার্যাবলী

১। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগের মাসিক সমন্বয় সভা সংক্রান্ত বিষয়াবলী।
২। একাধিক শাখা, অধিশাখা ও অনুবিভাগের মধ্যে পারস্পরিক সমস্যা সম্পর্কিত বিষয়াদির সমন্বয় ।
৩। জেলা প্রশাসক সম্মেলন এবং অনুরূপ জাতীয় পর্যায়ের বিষয়াদি, যে ক্ষেত্রে সমন্বয়ের প্রয়োজন।
৪। এ বিভাগের মাসিক/ বার্ষিক/ অন্যান্য প্রতিবেদন প্রণয়ন।
৫। সচিব সভার সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত।
৬। বাংলাদেশ জাতীয় সংসদের দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ সম্পর্কিত স্থায়ী কমিটির কার্যক্রমে সহায়তা প্রদান।
৭। বাংলাদেশ জাতীয় সংসদে উত্থাপিত এ বিভাগ সংশ্লিষ্ট প্রশ্নোত্তর প্রস্তুতকরণ ও প্রেরণ।
৮। মহামান্য রাষ্ট্রপতির জাতীয় সংসদে প্রদেয় ভাষণে এবং অর্থ মন্ত্রীর বাজেট বক্তৃতায় অন্তর্ভুক্তির জন্য তথ্য-উপাত্ত সরবরাহ।
৯। মন্ত্রিসভার সিদ্ধান্ত বাস্তবায়ন, অগ্রগতি প্রতিবেদন ও প্রাসঙ্গিক বিষয়াবলী।
১০। প্রধানমন্ত্রীর কার্যালয়/মন্ত্রিপরিষদ বিভাগ ও অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ যাচিত এ বিভাগের সার্বিক কর্মকান্ড/ অগ্রগতির উপর প্রতিবেদন প্রেরণ প্রেরণ।
১১। মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি/নির্দেশনা সংক্রান্ত কার্যাবলী ।
১২। প্রশাসন অনুবিভাগের অভ্যন্তরীণ সমন্বয় কাজে সহায়তা প্রদান।
১৩। শাখা সংশ্লিষ্ট মামলার তথ্য সংগ্রহ, সরবরাহ ও জবাব প্রস্তুতকরণ।
১৪। নৈমিত্তিক ও ঐচ্ছিক ছুটি সংক্রান্ত তথ্যাদি সংরক্ষণ।
১৫। অনুসন্ধান ও তথ্য (শাখা সংশ্লিষ্ট)সংক্রান্ত বিষয়াবলী ।
১৬। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়িত্বাবলী।

সেবা শাখার কার্যাবলী

১। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগের অফিসের স্থান সংস্থান।
২। এ বিভাগের কর্মকর্তা/কর্মচারীদের অফিস কক্ষ বরাদ্দ ও সজ্জিতকরণ সংক্রান্ত কাজ।
৩। কর্মকর্তা/কর্মচারীদের প্রাধিকার সংক্রান্ত বিষয়াবলী।
৪। এ বিভাগ এবং সংযুক্ত দপ্তরসমূহের দাপ্তরিক ও আবাসিক টেলিফোন সংযোগ প্রদান, খাত পরিবর্তন, বিল পরিশোধ ও আনুসংগিক বিষয়াদি।
৫। এ বিভাগের যানবাহন ব্যবস্থাপনা ও নিয়ন্ত্রণ।
৬। এ বিভাগ এবং সংযুক্ত দপ্তরসমূহের রাজস্ব বাজেটের আওতায় যানবাহন ক্রয়, মেরামত,অকেজো ঘোষণা ও বিক্রয় কার্যক্রম।
৭। প্রোটোকল সংক্রান্ত কার্যাবলী।।
৮। অফিস সরঞ্জামাদি, আইসিটি যন্ত্রপাতি, আসবাবপত্র,মনোহরী দ্রব্যাদি সংগ্রহ/ক্রয়, রক্ষণাবেক্ষণ, হিসাব সংরক্ষণ, অকেজো ঘোষণা এবং এসবের মূল্য পরিশোধের মঞ্জুরী প্রদান সংক্রান্ত কাজ।
৯। TO&E-তে যানবাহন, অফিস সরঞ্জাম ও ICT যন্ত্রপাতি অন্তর্ভুক্তির বিষয়াদি।
১০। বই/ রিপোর্ট সংগ্রহ/ ক্রয়, মূল্য পরিশোধের মঞ্জুরী প্রদান এবং গ্রন্থাগার ব্যবস্থাপনা।
১১। মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রীর স্বেচ্ছাধীন তহবিলের অর্থ মঞ্জুরী।
১২। এ বিভাগের বিভিন্ন সভা, সেমিনার, ডেলিগেট ইত্যাদি বিষয় সংশ্লিষ্ট আপ্যায়ন।
১৩। এ বিভাগের নন-ট্যাক্স রাজস্ব আদায় এবং ট্রেজারীতে জমাকরণ।
১৪। শাখা সংশ্লিষ্ট মামলার তথ্য সংগ্রহ, সরবরাহ ও জবাব প্রস্তুতকরণ।
১৫। এ বিভাগের চতুর্থ শ্রেণীর কর্মচারীদের লিভারেজ ব্যবস্থাপনা।
১৬। সভাকক্ষ ও ইন্টারকম এর সুষ্ঠু ব্যবস্থাপনা।
১৭। নৈমিত্তিক ও ঐচ্ছিক ছুটি সংক্রান্ত তথ্যাদি সংরক্ষণ।
১৮। এ বিভাগের সকল স্থান পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার বিষয়ে ব্যবস্থা গ্রহণ।
১৯। অনুসন্ধান ও তথ্য সরবরাহ সংশ্লিষ্ট কার্যাবলী।
২০। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়িত্বাবলী।

আইসিটি সেল এর কার্যাবলী

১। আইসিটি পলিসি বাস্তবায়ন।
২। প্রধানমন্ত্রীর কার্যালয় কর্তৃক নির্দেশিত আইসিটি কার্যক্রম সম্পাদন এবং কম্পিউটার কাউন্সিলের সাথে সমন্বয়।
৩। আইসিটি প্রয়োগে এ বিভাগের কার্যপদ্ধতি আধুনিকায়নে উদ্যোগ গ্রহণ,কার্যকরকরণ ও আইসিটি ক্রয় কার্যক্রমে কারিগরী সহায়তা প্রদান।
৪। জাতীয় ও স্থানীয় পর্যায়ে DMICসহ NDRCC/EOC স্থাপন ও পরিচালনার ক্ষেত্রে আইসিটি বিষয়ে কারিগরী পরামর্শ ও সহায়তা প্রদান।
৫। দুর্যোগ ব্যবস্থাপনায় স্যাটেলাইট নির্ভর প্রযুক্তি ব্যবহারের ক্ষেত্রে বিভাগ ও অধীনস্থ সংস্থাকে কারিগরী পরামর্শ, সহায়তা ও প্রশিক্ষণ প্রদান।
৬। দুর্যোগে ক্ষতিগ্রস্ত হতে পারে এমন জনগোষ্ঠীর জন্য আধুনিক প্রযুক্তি নির্ভর দুর্যোগ সতর্কীকরণ পদ্ধতি (যেমনঃ (ক) মোবাইল ফোন নির্ভর CBS,IVR,SMS,(খ) দুর্গম এলাকার জন্য Satellite Communication এবং (গ) কমিউনিটি রেডিও) চালুকরণে বিভাগ ও অধীনস্থ দপ্তরকে কারিগরী পরামর্শ প্রদান।
৭। এ বিভাগের সকল শাখা/দপ্তরকে স্ব স্ব শাখা/দপ্তরের তথ্যাদি ওয়েব-সাইটে প্রকাশের জন্য কারিগরী সহায়তা প্রদান। বিভাগাধীন সংস্থাসমূহের ওয়েব-সাইট মনিটরিং করা।
৮। এ বিভাগের ডোমেইন বেইজ ই-মেইল একাউন্ট এডমিনিষ্ট্রেশন ও মেইনটেইন্যান্স।
৯। এ বিভাগের লোকাল এরিয়া নেটওয়ার্ক এডমিনিষ্ট্রেশন ও মেইনটেইন্যান্স।
১০। কম্পিউটার ট্রাবল-স্যুটিং ও সিস্টেম সাপোর্ট।
১১। শাখা সংশিষ্ট মামলার তথ্য সংগ্রহ, সরবরাহ ও জবাব প্রস্তুতকরণ।
১২। বিভিন্ন প্রকার ডাটাবেজ সংরক্ষণ ও হালনাগাদকরণে সংশ্লিষ্ট শাখাকে কারিগরী সহায়তা প্রদান।
১৩। আইসিটি বিষয়ক প্রশিক্ষণ ।
১৪। নৈমিত্তিক ও ঐচ্ছিক ছুটি সংক্রান্ত তথ্যাদি সংরক্ষণ।
১৫। অনুসন্ধান ও তথ্য (শাখা সংশিষ্ট)সংক্রান্ত বিষয়াবলী ।
১৬। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ (এ শাখা সংশিষ্ট) সংক্রান্ত অন্যান্য বিষয়াবলী।
১৭। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়িত্বাবলী।

হিসাব শাখার কার্যাবলী

১। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগের কর্মচারীদের বেতন ও ভাতাদি আয়ন ও ব্যয়ন।
২। এ বিভাগের সকল কর্মকর্তা/কর্মচারীদের বেতন নির্ধারণে সহায়তা ও সকল প্রকার বিল প্রণয়ন।
৩। এ বিভাগের হিসাব সংরক্ষণ ও সংকলন, ক্যাশ বই ও অন্যান্য রেজিষ্টার লিখন, প্রত্যয়ন ও সংরক্ষণ।
৪। এ বিভাগের সংশ্লিষ্ট কর্মচারীদের চাকুরী বহি লিখন ও সংরক্ষণ।
৫। এ বিভাগের (মন্ত্রণালয়ের) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার কার্যালয়ের সাথে যোগাযোগ রক্ষাকরণ।
৬। এ বিভাগের কর্মচারীদের ছুটির হিসাব সংরক্ষণ।
৭। এ বিভাগের বেসামরিক অডিট/স্থানীয় ও রাজস্ব অডিটসহ অন্যান্য অডিট কার্যে সহায়তা প্রদান।
৮। এ বিভাগের হিসাবের সাথে সম্পর্কযুক্ত অন্যান্য বিষয়াবলী।
৯। এ বিভাগের গেজেটেড/নন-গেজেটেড কর্মকর্তা/কর্মচারীদের বেতন ভাতা ও চাকুরী সংক্রান্ত রেকর্ড সংরক্ষণ।
১০। শাখা সংশ্লিষ্ট মামলার তথ্য সংগ্রহ, সরবরাহ ও জবাব প্রস্তুতকরণ।
১১। পেনশন সংশ্লিষ্ট কার্যাবলী।
১২। এ বিভাগের সকল ব্যাংক হিসাব সংরক্ষণ ও পরিচালনা করা।
১৩। অভ্যন্তরীণ ও বৈদেশিক বিল সংক্রান্ত যাবতীয় কাজ।
১৪। ব্যয় সংক্রান্ত তথ্যাবলী বাজেট শাখায় সরবরাহ।
১৫। নৈমিত্তিক ও ঐচ্ছিক ছুটি সংক্রান্ত তথ্যাদি সংরক্ষণ।
১৬। অনুসন্ধান ও তথ্য (শাখা সংশ্লিষ্ট)সংক্রান্ত বিষয়াবলী।
১৭। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়িত্বাবলী।

বাজেট শাখার কার্যাবলী

১। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগের বাজেট ও হিসাব প্রণয়ন।
২। অধিদপ্তর/দপ্তর/সংযুক্ত অফিসসমূহের বাজেট পরীক্ষা ও অর্থ বিভাগে প্রস্তাব প্রেরণ।
৩। আন্তর্জাতিক সংস্থার চাঁদা পরিশোধ সংক্রান্ত।
৪। দপ্তর/সংস্থা/ এ বিভাগের হিসাব শাখার অর্থ অবমুক্তি ও ব্যয় মনিটরিং।
৫। বিভিন্ন শাখার ব্যয় সমন্বয় ও প্রতিবেদনাদি প্রস্তুতকরণ।
৬। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগের বাজেটের আনুষাংগিক খাতে মঞ্জুরী প্রদান ।
৭। খাত-ওয়ারী বরাদ্দের উপযোজন।
৮। শাখা সংশ্লিষ্ট মামলার তথ্য সংগ্রহ, সরবরাহ ও জবাব প্রস্তুতকরণ।
৯। ত্রৈমাসিক ব্যয় প্রতিবেদন প্রস্তুতকরণ।
১০। বাজেটে নতুন খাত সৃষ্টির উদ্যোগ গ্রহণ।
১১। নৈমিত্তিক ও ঐচ্ছিক ছুটি সংক্রান্ত তথ্যাদি সংরক্ষণ।
১২। অনুসন্ধান ও তথ্য (শাখা সংশিষ্ট)সংক্রান্ত বিষয়াবলী ।
১৩। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ (এ শাখা সংশিষ্ট) সংক্রান্ত অন্যান্য বিষয়াবলী।
১৪। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়িত্বাবলী ।

অডিট শাখার কার্যাবলী

১। সামাজিক নিরাপত্তা কর্মসূচিসহ বিভিন্ন কর্মসূচি, ত্রাণ কার্যক্রম ও প্রকল্প বাস্তবায়নের জন্য এ বিভাগ কর্তৃক বরাদ্দকৃত অর্থ সম্পদ ও খাদ্যশস্যের হিসাব নিরীক্ষা সংক্রান্ত কার্যক্রম।

২। সংবিধিবদ্ধ ও অভ্যন্তরীণ অডিট আপত্তির ব্রডশীট জবাবসহ পত্র যোগাযোগ সংক্রান্ত কার্যাবলী।

৩। সংবিধিবদ্ধ অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে ত্রি-পক্ষীয় সভা ও অভ্যন্তরীণ অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে দ্বি-পক্ষীয় সভা অনুষ্ঠান।

৪। মাসিক, ত্রৈমাসিক, ষান্মাসিক, বাৎসরিক প্রতিবেদন ও সংকলনভুক্ত নিরীক্ষা আপত্তি সংক্রামন্ত পাবলিক একাউন্টস কমিটির যাবতীয় কার্যাবলী।

৫। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ কর্তৃক বরাদ্দকৃত খাদ্যশস্য/সম্পদ/পুল/সেতু/নগদ অর্থে বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগ/ অধিদপ্তর/বোর্ড/আইন শৃংঙ্খলা বাহিনী- যেমন, পুলিশ, বিডিআর, আনসার, সেনা বাহিনী, নৌ-বাহিনী ইত্যাদি কর্তৃপক্ষ কর্তৃক বাস্তবায়িত প্রকল্পের অভ্যন্তরীণ হিসাব নিরীক্ষা করা।

৬। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাগণের ব্যক্তিগত দায়-দেনা সংক্রান্ত নিরীক্ষা আপত্তি যাচাই-বাছাই পূর্বক প্রত্যয়ন প্রদান।

৭। শাখা সংশিষ্ট মামলার তথ্য সংগ্রহ, সরবরাহ ও জবাব প্রস্তুতকরণ।

৮। নৈমিত্তিক ও ঐচ্ছিক ছুটি সংক্রান্ত তথ্যাদি সংরক্ষণ।

৯। অনুসন্ধান ও তথ্য (শাখা সংশিষ্ট) সংক্রান্ত বিষয়াবলী।

১০। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ (এ শাখা সংশিষ্ট) সংক্রান্ত অন্যান্য বিষয়াবলী।

১১। অডিট পরিকল্পনা প্রণয়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন।

১২। বাৎসরিক নিরীক্ষা প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশকরণ।

১৩। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়িত্বাবলী ।

পরিকল্পনা-১ শাখার কার্যাবলী

১) ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তরের উন্নয়ন প্রকল্পের (বিনিয়োগ ও কারিগরী) ডিপিপি/টিপিপি/আরডিপিপি/আরটিপিপি প্রণয়নে সহায়তাকরণ, মূল্যায়ন, অনুমোদন প্রক্রিয়াকরণ, প্রশাসনিক অনুমোদন জারী, অর্থ ছাড়করণ, জনবল নিয়োগ, জনবল রাজস্ব বাজেটে স্থানান্তরকরণ, পরিবীক্ষণ ও মূল্যায়ন, অডিট, ইত্যাদি বিষয়ে ব্যবস্থা গ্রহণ ও প্রয়োজনীয় সংশ্লিষ্ট কার্যাবলী।

২) এডিপিভুক্ত প্রকল্পের উপর মাসিক পর্যালোচনা সভা আহ্বান, সভার কার্যপত্র ও কার্যবিবরণী প্রণয়ন।

৩) আইএমইডি-র ছক অনুযায়ী ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তর কর্তৃক সমাপ্তকৃত প্রকল্পের সমাপ্তি প্রতিবেদন, এ বিভাগের মাধ্যমে আইএমইডি/পরিকল্পনা কমিশনে প্রেরণ।

৪) ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তর সংশ্লিষ্ট প্রকল্পের দেশী ও বিদেশী পরামর্শক নিয়োগ সংক্রান্ত যাবতীয় কার্যাবলী সম্পাদন।

৫) এ বিভাগের অধীন ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তরের আওতাধীন নতুন প্রকল্প চিহ্নিতকরণ, প্রক্রিয়াকরণ, প্রতিবেদন/প্রোফাইল তৈরী।

৬) ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তর সংশ্লিষ্ট প্রকল্পের বৈদেশিক সাহায্য প্রাপ্তির বিষয়ে অর্থনৈতিক সম্পর্ক বিভাগসহ বিভিন্ন সহযোগী সংস্থা/দেশ এর সাথে যোগাযোগ রক্ষাকরণ।

৭) পরিকল্পনা শাখার অভ্যন্তরীণ প্রশাসনিক বিষয়াবলী ও প্রশিক্ষণ সংক্রান্ত কার্যাবলী।

৮) ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তরের উন্নয়ন প্রকল্পে সংশ্লিষ্ট বিভিন্ন বেসরকারী সংস্থা কর্তৃক দাখিলকৃত প্রকল্প প্রস্তাবনা পরীক্ষা-নিরীক্ষাকরণ, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন সংক্রান্ত বিষয়াবলী।

৯) মাঠ পর্যায়ে প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি তদারকী, পরিবীক্ষণ ও মূল্যায়ন ।

১০) ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তর সংশ্লিষ্ট প্রকল্পের বিভিন্ন উন্নয়ন সহযোগী সংস্থার কর্তৃক দেয় উন্নয়ন প্রকল্পাদি বিষয়ে টকিং পয়েন্ট প্রণয়ন ও মতামত প্রদান।

১১) বন্যাপ্রবণ ও নদীভাঙ্গন এলাকায় বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ।

১২) বহুমুখী ঘূর্ণিঝড় আশ্রয় কেন্দ্র নির্মাণ।

১৩) গ্রামীণ রাসত্মায় ছোট ছোট (১২মিঃ দীর্ঘ পর্যমত্ম) সেতু/কালভার্ট নির্মাণ।

১৪) পার্বত্য চট্টগ্রামে গ্রামীণ রাস্তায় ছোট ছোট (১২ মি: দৈর্ঘ্য পর্যন্ত) সেতু/কালভার্ট নির্মাণ প্রকল্প।

১৫) জলবায়ু পরিবর্তন সম্পর্কিত উন্নয়ন প্রকল্প প্রণয়ন, মূল্যায়ন, অনুমোদন প্রক্রিয়াকরণ, অর্থ ছাড়করণ, জনবল নিয়োগ, অগ্রগতি তদারকি, পরীবিক্ষণ ও মূল্যায়ণ।

১৬) বৈদেশিক সাহায্য প্রাপ্তির লক্ষ্যে পিডিপিপি প্রণয়ন, পরিকল্পনা কমিশন হতে নীতিগত অনুমোদন গ্রহন ও অর্থনৈতিক সম্পর্ক বিভাগে প্রেরণ।

১৭) প্রকল্প সাহায্য সংক্রান্ত ইআরডি ও পরিকল্পনা কমিশনে অনুষ্ঠিতব্য সভার কার্যপত্রের উপর মতামত প্রণয়ন।

১৮) নৈমিত্তিক ও ঐচ্ছিক ছুটি সংক্রান্ত তথ্যাদি সংরক্ষণ।

১৯) শাখা সংশ্লিষ্ট মামলার তথ্য সংগ্রহ, সরবরাহ ও জবাব প্রস্তুতকরণ।

২০) অনুসন্ধান ও তথ্য (শাখা সংশ্লিষ্ট) সংক্রান্ত বিষয়াবলী।

২১) উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়িত্বাবলী ।

পরিকল্পনা-২ শাখার কার্যাবলী

১) এ বিভাগ কর্তৃক সরাসরি বাস্তবায়িত উন্নয়ন প্রকল্পের ডিপিপি/টিপিপি/ আরডিপিপি/ আরটিপিপি প্রণয়নে সহায়তাকরণ, মূল্যায়ন, অনুমোদন প্রক্রিয়াকরণ, প্রশাসনিক অনুমোদন জারী, অর্থ ছাড়করণ, জনবল নিয়োগ, জনবল রাজস্ব বাজেটে স্থানান্তরকরণ, পরিবীক্ষণ ও মূল্যায়ন, অডিট, ইত্যাদি বিষয়ে ব্যবস্থা গ্রহণ ও প্রয়োজনীয় সংশ্লিষ্ট কার্যাবলী।

২) মাঠ পর্যায়ে প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি তদারকী, পরিবীক্ষণ ও মূল্যায়ন ।

৩) এ বিভাগের সমাপ্ত প্রকল্পের আইএমইডি-র ছক অনুযায়ী প্রকল্প সমাপ্ত প্রতিবেদন (PCR) আইএমইডি/পরিকল্পনা কমিশনে প্রেরণ।

৪) এ বিভাগের নতুন প্রকল্প চিহ্নিতকরণ, প্রতিবেদন/প্রোফাইল তৈরী।

৫) এ বিভাগের অনুকূলে বৈদেশিক সাহায্য প্রাপ্তির বিষয়ে অর্থনৈতিক সম্পর্ক বিভাগসহ বিভিন্ন সহযোগী সংস্থা /দেশ এর সাথে যোগাযোগ রক্ষাকরণ।

৬) উন্নয়ন সহযোগী সংস্থা/দাতাদেশ কর্তৃক প্রেরিত এ বিভাগ সংশ্লিষ্ট খসড়া চুক্তি, প্রতিবেদন পরীক্ষা, জবাব তৈরী করে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সাথে সমন্বয়করণ।

৭) দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগের আওতায় বিভিন্ন উন্নয়ন সহযোগী সংস্থার সাথে উন্নয়ন প্রকল্প সংশিস্নষ্ট বিষয়ে টকিং পয়েন্ট প্রণয়ন ও মতামত প্রদান।

৮) উন্নয়ন প্রকল্পের অগ্রগতি সম্পর্কে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরিতব্য প্রতিবেদন প্রণয়ন।

৯) জাপানী সহায়তা স্যালাইন ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট স্থাপন প্রকল্প বিষয়ক কার্যাবলী।

১০) সিডিএমপি প্রকল্পের বাস্তবায়ন সংক্রান্ত যাবতীয় বিষয়াবলী।

১১) উন্নয়ন বাজেট এবং এডিপি ও আরএডিপি প্রণয়ন সংক্রামত্ম সকল কার্যাবলী।

১২) সংসদে উত্থাপিত উন্নয়ন সম্পর্কিত প্রশ্নের উত্তর প্রস্তুতকরণ ও সংসদীয় কমিটি সংক্রান্ত যাবতীয় কাজ।

১৩) আন্তঃমন্ত্রণালয় বিষয়ক যাবতীয় কার্যাবলী।

১৪) আন্তর্জাতিক বেসরকারী সংস্থা/সেভ দ্যা চিলড্রেন/ACDI/VOCA সম্পর্কিত কার্যাবলী।

১৫) পিআরএসপি, পঞ্চবার্ষিক পরিকল্পনা, বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা, SDG, MDG, Perspective Plan প্রনয়ন ও মনিটরিং সংক্রান্ত যাবতীয় কার্যাবলী।

১৬) দুর্যোগ ব্যবস্থাপনা সম্পর্কিত মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত অগ্রাধিকার প্রকল্প/প্রতিশ্রুতি বিষয়ক কার্যক্রম বাস্তবায়ন ও পরিবীক্ষণ বিষয়াবলী।

১৭) উন্নয়ন প্রকল্প বিষয়ক মহামান্য রাষ্ট্রপতি/মাননীয় প্রধানমন্ত্রীর জন্য ভাষণ/ব্রীফ ও বাজেট বক্তৃতা প্রস্তুত এবং বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা কর্তৃক চাহিত বিষয়াবলীর উপর প্রতিবেদন প্রস্তুতকরণ।

১৮) নৈমিত্তিক ও ঐচ্ছিক ছুটি সংক্রান্ত তথ্যাদি সংরক্ষণ।

১৯) অনুসন্ধান ও তথ্য (শাখা সংশ্লিষ্ট) সংক্রান্ত বিষয়াবলী।

২০) উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়িত্বাবলী ।

পরিকল্পনা-৩ শাখার কার্যাবলী

১) দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগের অধীন দুর্যোগ ব্যবস্থাপনা ব্যুরোর উন্নয়ন প্রকল্পের ডিপিপি/টিপিপি/ আরডিপিপি/আরটিপিপি প্রণয়নে সহায়তাকরণ, মূল্যায়ন, অনুমোদন প্রক্রিয়াকরণ, প্রশাসনিক অনুমোদন জারী, অর্থ ছাড়করণ, জনবল নিয়োগ, জনবল রাজস্ব বাজেটে স্থানান্তরকরণ, পরিবীক্ষণ ও মূল্যায়ন, অডিট, ইত্যাদি বিষয়ে ব্যবস্থা গ্রহণ ও প্রয়োজনীয় সংশ্লিষ্ট কার্যাবলী।

২) আইএমইডি-র ছক অনুযায়ী এ বিভাগের উন্নয়ন প্রকল্পের মাসিক, ত্রৈ-মাসিক ও বার্ষিক প্রতিবেদন সংগ্রহপূর্বক পরীক্ষা-নিরীক্ষাকরণ এবং তা আইএমইডি ও পরিকল্পনা কমিশনে প্রেরণ।

৩) দুর্যোগ ব্যবস্থাপনা ব্যুরোর সমাপ্ত প্রকল্পের আইএমইডি-র ছক অনুযায়ী প্রকল্প সমাপ্ত প্রতিবেদন (PCR) আইএমইডি/ পরিকল্পনা কমিশনে প্রেরণ।

৪) সংশ্লিষ্ট প্রকল্পের দেশী ও বিদেশী পরামর্শক নিয়োগ সংক্রান্ত যাবতীয় কার্যাবলী সম্পাদন।

৫) নতুন প্রকল্প চিহ্নিতকরণ, প্রতিবেদন/প্রোফাইল তৈরী/প্রক্রিয়াকরণ।

৬) বৈদেশিক সাহায্য প্রাপ্তির বিষয়ে অর্থনৈতিক সম্পর্ক বিভাগসহ বিভিন্ন সহযোগী সংস্থা/দেশ এর সাথে যোগাযোগ রক্ষাকরণ।

৭) সংশ্লিষ্ট বিভিন্ন বেসরকারী সংস্থার প্রকল্প প্রস্তাবনা পরীক্ষা-নিরীক্ষাকরণ, অনুমোদন, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন ইত্যাদি সংক্রান্ত বিষয়াবলী।

৮) মাঠ পর্যায়ে প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি তদারকী, পরিবীক্ষণ ও মূল্যায়ন।

৯) বিভিন্ন উন্নয়ন সহযোগী সংস্থার সাথে প্রকল্প সংশ্লিষ্ট বিষয়ে টকিং পয়েন্ট প্রণয়ন ও মতামত প্রদান।

১০) বৈদেশিক সাহায্য প্রাপ্তির লক্ষ্যে পিডিপিপি প্রণয়ন, পরিকল্পনা কমিশন হতে নীতিগত অনুমোদন গ্রহন ও অর্থনৈতিক সম্পর্ক বিভাগে প্রেরণ।

১১) প্রকল্প সাহায্য সংক্রান্ত ইআরডি ও পরিকল্পনা কমিশনে অনুষ্ঠিতব্য সভার কার্যপত্রের উপর মতামত প্রণয়ন।

১২) ECRRP শীর্ষক প্রকল্পের যাবতীয় কার্যাবলী।

১৩) প্রকিউরমেন্ট অব ইকুইপমেন্ট ফর সার্চ এন্ড রেসকিউ অপারেশন ফর আর্থ কোয়েক এন্ড আদার ডিজাস্টার শীর্ষক প্রকল্পের যাবতীয় কার্যাবলী।

১৪) উপকূলবর্তী বরগুনা পটুয়াখালী জেলার নির্দিষ্ট জনগোষ্ঠীর জন্য দুর্যোগ প্রতিরোধমূলক পুনঃনির্মাণ প্রকল্পের যাবতীয় কার্যাবলী।

১৫) অপারেশনাল সাপোর্ট টু দ্যা এমপ্লয়মেন্ট জেনারেশন প্রোগ্রাম ফর দ্যা পোরেস্ট (EGPP) প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত।

১৬) মন্ত্রী সভা, একনেক ও এনইসির প্রকল্প সংশ্লিষ্ট সিদ্ধান্তবলী ফলোআপ ও প্রতিবেদন প্রনয়ন।

১৭) ঘুর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি (সিপিসি) এর উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন সম্পর্কিত সকল কার্যক্রম সম্পাদন।

১৮) নৈমিত্তিক ও ঐচ্ছিক ছুটি সংক্রান্ত তথ্যাদি সংরক্ষণ।

১৯) শাখা সংশ্লিষ্ট মামলার তথ্য সংগ্রহ, সরবরাহ ও জবাব প্রস্তুতকরণ।

২০) অনুসন্ধান ও তথ্য (শাখা সংশ্লিষ্ট) সংক্রান্ত বিষয়াবলী ।

২১) উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়িত্বাবলী ।

প্রকৌশল সেলের কার্যাবলী

১) এ বিভাগের সকল নির্মাণধর্মী প্রকল্পের Drawing, Design, Estimate প্রণয়ন, মূল্যায়ন এবং মাঠ পর্যায়ের কাজের গুনগতমান যাচাই ও সুপারিশকরণ।

২) ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তরের সকল নির্মাণধর্মী প্রকল্পের Detail, Drowing, Design, Estimate প্রণয়ন।

৩) ঘূর্ণিঝড় সহনীয় ঘর ও আশ্রয় কেন্দ্রের ডিজাইন ও এষ্টিমেট তৈরী মূল্যায়ন ও প্রচার করণ।

৪) নির্মাণধর্মী সকল প্রকল্পের নির্মাণ অঙ্গের ব্যয় LGED/PWD এর রেট সিডিউল অনুযায়ী ঠিক আছে কি না পরীক্ষাকরণ ও মতামত প্রদান।

৫) নতুন নতুন নির্মাণ প্রকল্পের ডিপিপি প্রণয়ন।

৬) রাজস্ব বাজেটের আওতায় গৃহীত কর্মসূচির প্রাক্কলন, ড্রইং, ডিজাইন পরীক্ষাকরণ ও পর্যালোচনা এবং কর্মসূচি গ্রহণে সুপারিশকরণ এবং রাজস্ব বাজেটের আওতায় মেরামত ও সংরক্ষণ খাতে গৃহীত নির্মাণ, পুনর্বাসন ও মেরামত কর্মসূচি বাস্তবায়ন নিশ্চিতকরণ।

৭) উন্নয়ন প্রকল্প ও রাজস্ব বাজেটের কর্মসূচির আওতায় গৃহীত কার্যক্রমের প্রকৌশলগত দিক হতে পর্যালোচনা এবং সমন্বয় সাধন করা এবং বাস্তবায়িত নির্মাণ কাজের প্রকৌশলগত দিক সুষ্ঠু বাস্তবায়ন নিশ্চিতকরণে মাঠ পর্যায়ে উন্নয়ন প্রকল্প পরিদর্শন, সুষ্ঠু তদারকীসহ সময়ে সময়ে সুপারিশ প্রদান।

৮) সমাপ্তকৃত প্রকল্পসমূহের সার্বিক প্রকৌশলগত দিক মূল্যায়নকরণ।

৯) দায়িত্বপ্রাপ্ত প্রকল্পের এবং বন্যা ও ঘুর্ণিঝড় আশ্রয় কেন্দ্র নির্মাণ সংক্রান্ত যাবতীয় তথ্যাবলী সংগ্রহ, সরবরাহ এবং সংরক্ষণ সংক্রান্ত যাবতীয় কার্যাবলী।

১০) গৃহীত বিভিন্ন কর্মসূচির বিষয়ে পরিকল্পনা অধিশাখাকে কারিগরী সহায়তাকরণ।

১১) অবকাঠামো নির্মাণ যথাঃ বন্যা ও ঘূর্ণিঝড় আশ্রয় কেন্দ্র নির্মাণাদির স্থান নির্বাচন, সমীক্ষা পরিচালনা, ডিজাইন, ব্যয় প্রাক্কলন পরীক্ষা ও যাচাইকরণ।

১২) শাখা সংশ্লিষ্ট মামলার তথ্য সংগ্রহ, সরবরাহ ও জবাব প্রস্তুতকরণ।

১৩) নৈমিত্তিক ও ঐচ্ছিক ছুটি সংক্রান্ত তথ্যাদি সংরক্ষণ।

১৪) অনুসন্ধান ও তথ্য (শাখা সংশ্লিষ্ট) সংক্রান্ত বিষয়াবলী।

১৫) উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়িত্বাবলী।

ত্রাণ প্রশাসন শাখার কার্যাবলী

১। ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তর-এর সংশ্লিষ্ট কর্মকর্তাদেরঃ
   (ক) নিয়োগ, বদলী, পদোন্নতি, সহায়ীকরণ,ছুটি, প্রেষণ ও অবসর সংক্রান্ত বিষয় ;
   (খ) সিলেকশন গ্রেড/টাইম স্কেল মঞ্জুর সংক্রান্ত ;
   (গ) ভবিষ্য তহবিলের ঋণ মঞ্জুর সংক্রান্ত ;
   (ঘ) প্রভৃতি ।

২। ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তরের নিয়োগ বিধি প্রণয়ন ও সংশোধন সংক্রান্ত কার্যক্রম।

৩। ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তরের নন-ক্যাডার ২য় শ্রেণীর কর্মকর্তা/কর্মচারী এবং ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীদের বদলী, পদোন্নতি, স্থায়ীকরণ ইত্যাদি বিষয়ে রেফার্ড কেইসসমূহ।

৪। ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তর ২য় শ্রেণীর কর্মকর্তাদের প্রেষণ সংক্রান্ত বিষয়াদি।

৫। ত্রাণ অধিদপ্তর-এর নতুন পদ সৃজন ও অসহায়ী পদ সংরক্ষণ এবং শূন্য পদের ছাড়পত্র সংক্রান্ত বিষয়াদি।

৬। বেতন বৈষম্য ও অন্যান্য চাকুরী সুবিধাদি সংক্রান্ত বিষয়াদি।

৭। ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তর এরঃ-
   (ক) প্রশাসনিক বিষয়াবলী ;
   (খ) আর্থিক সংক্রান্ত বিষয়াবলী।

৮। ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তরের কর্মকর্তাদের বিভাগীয় পরীক্ষা সম্পর্কিত যাবতীয় বিষয়াদি।

৯। ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তর-এর উদ্বৃত্ত ও মুজিবনগর কর্মচারীদের আত্মীকরণ সংক্রান্ত বিষয়াবলী।

১০। ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তর-এর সার্ভিস এসোসিয়েশনের স্মারক পরীক্ষা ও প্রক্রিয়াকরণ।

১১। ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তর-এর কর্মকর্তা/কর্মচারীদের বকেয়া পাওনার বিষয়ে কার্যক্রম।

১২। ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তর-এর কর্মকর্তা/কর্মচারীদের নিকট সরকারী দাবী মওকুফ সংক্রান্ত বিষয়াবলী ।

১৩। ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তর-এর ১ম শ্রেণীর কর্মকর্তাদের বিরুদ্ধে বিভাগীয় মামলা সংক্রান্ত বিষয়াদি।

১৪। ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তর-এর ২য়/৩য়/৪র্থ শ্রেণীর কর্মচারীদের বিভাগীয় মামলার আপীল/রিভিউ কেস সংক্রান্ত কার্যাদি।

১৫। বিভাগীয় মামলায় দন্ডাদেশের বিরুদ্ধে আপীল আবেদন নিষ্পত্তি।

১৬। নন-ট্যাক্স রেভিনিউ আদায় এবং সরকারী কোষাগারে জমা প্রদান।

১৭। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগের আওতাধীন জমি-জমার ব্যবস্থাপনা ও সকল কর পরিশোধ সংক্রান্ত।।

১৯। ত্রাণ কার্য পরিচালনায় উদ্ধারকারী নৌযান বরাদ্দকরণ, রক্ষণাবেক্ষণ এবং উক্ত নৌযানের জ্বালানী/মেরামত বাবদ অর্থ ছাড়করণ।

২০। সম্পত্তির ভূমিকর/পৌরকর পরিশোধ সংক্রান্ত বিষয়াবলী।

২১। শাখা সংশ্লিষ্ট মামলার তথ্য সংগ্রহ, সরবরাহ ও জবাব প্রস্তুতকরণ।

২২। নৈমিত্তিক ও ঐচ্ছিক ছুটি সংক্রান্ত তথ্যাদি সংরক্ষণ।

২৩। বার্ষিক গোপনীয় প্রতিবেদন সংরক্ষণ।

২৪। অনুসন্ধান ও তথ্য (শাখা সংশ্লিষ্ট) সংক্রান্ত বিষয়াবলী ।

২৫। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়িত্বাবলী।

ত্রাণ কর্মসূচি-১ শাখার কার্যাবলী

১। ঢেউটিন/শিশু খাদ্য ইত্যাদি ত্রাণ সামগ্রী সংগ্রহ/সংরক্ষণ/বরাদ্দ/বিতরণ সংক্রান্ত কার্যক্রম।
২। ত্রাণ কাজে হেলিকপ্টার ব্যবহার সম্পর্কিত যাবতীয় বিষয়াবলী ।
৩। বিদেশ হতে অনুদান হিসেবে প্রাপ্ত ত্রাণ সামগ্রী গ্রহণ,পরিবহন ও বিতরণ সংক্রান্ত।
৪। ত্রাণ কার্যক্রমে বেসামরিক প্রাশাসনকে সহায়তার লক্ষ্যে সামরিক বাহিনী নিয়োগ সংক্রান্ত।
৫। ত্রাণসামগ্রী পরিবহণ ব্যয় সংক্রান্ত বিষয়াবলী ।
৬। কম্বল/শাড়ী/লুঙ্গী/বিস্কুট/শীতবস্ত্র/তাঁবু/ইত্যাদি সংগ্রহ ও বিতরণ সংক্রান্ত বিষয়াবলী।
৭। ত্রাণ সামগ্রী সংগ্রহ, বিতরণ ও সংরক্ষণ ও সংরক্ষণ সম্পর্কিত কাজে অধিদপ্তদেরর সহিত মন্ত্রণালয়ের সমন্বয় সাধন ।
৮। সংগ্রহ, পরিবহণ, বিতরণ ইত্যাদি সংক্রান্ত প্রতিবেদন প্রণয়ন।
৯। জি.আর.খাদ্যশস্য/জিআর অর্থ (অন্যান্য মঞ্জুরী)/গৃহ নির্মাণ বাবদ মঞ্জুরী খাতের সম্পদ/অর্থ বরাদ্দ, বিতরণ সংক্রান্ত বিষয়াবলী ।
১০। ঘূর্ণিঝড়/অগ্নিকান্ড/ ভূমিকম্প ইত্যাদি প্রাকৃতিক দুর্যোগকালীন ক্ষয়ক্ষতির বিস্তারিত প্রতিবেদন প্রণয়ন ও বিভাগ হতে ত্রাণ সামগ্রী বরাদ্দের বিবরণ তৈরীপূর্বক সরকারের উচ্চ পর্যায়ে অবহিতকরণ।
১১। রাষ্ট্রীয় এবং বিদেশী বেসরকারী স্বেচ্ছাসেবী সংগঠনসমুহের ত্রাণ কর্মসূচি পরিবীক্ষণ সম্পর্কিত কার্যাবলী।
১২। বিদেশ হতে প্রাপ্ত ত্রাণ সামগ্রীর শুল্কমুক্ত প্রত্যয়ন সংক্রান্ত বিষয়াবলী।
১৩। বিমান বন্দরের ল্যান্ডিং চার্জ ও পার্কিং চার্জ মওকুফ সংক্রান্ত বিষয়াবলী।
১৪। বিদেশী স্বেচ্চাসেবী সংগঠনসমুহে কর্মরত বিদেশী কনসালটেন্ট/কর্মচারীদের ভিসা মেয়াদ বৃদ্ধি, পরিচয়পত্র এবং নিরাপওv ছাড়পত্র সংক্রান্ত।
১৫। বিভাগের পুনর্বাসন কর্মসূচির পরিকল্পনা ও নীতিমালা প্রণয়ন সংক্রান্ত।
১৬। বিশ্ব খাদ্য কর্মসূচি/অন্যান্য আন্তর্জাতিক সংস্থার জরুরী ত্রাণ সংক্রান্ত।
১৭। দুর্যোগ উপদ্রুত জেলাসমূহ হতে প্রাপ্ত ক্ষয়ক্ষতির এবং বিভাগ হতে বরাদ্দকৃত ত্রাণ সামগ্রীর বিবরণ সম্বলিত প্রেস বিজ্ঞপ্তি প্রস্তুতকরণ।
১৮। শাখা সংশ্লিষ্ট মামলার তথ্য সংগ্রহ, সরবরাহ ও জবাব প্রস্তুতকরণ।
১৯। দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি বিষয়ক সকল কার্যক্রম ।
২০। ত্রাণ ও দুর্যোগ বাবস্থাপনা সংক্রান্ত কর্মসূচি, পরিকল্পনা গবেষণv এবং মনিটরিং।
২১। জরুরী ত্রাণ এবং পুনর্বাসন কর্মসূচি/ত্রাণ বিতরণ ইত্যাদির পরিকল্পনা অনুমোদন সমন্বয় ও মনিটরিং।
২২। বিভিন্ন ত্রাণ কর্মসূচি সংক্রান্ত আইন, নীতিমালা,বিধি ও পরিপত্র প্রনয়ণ।
২৩। VGF এবং VGD সংশ্লিষ্ট করণীয় কাজ ও অন্যান্য সামাজিক নিরাপত্তা কর্মসূচির ডাটাবেইজ, ব্যবস্থাপনা (DBM) ও MIS সংক্রান্ত কার্যাবলী ।
২৪। নৈমিত্তিক ও ঐচ্ছিক ছুটি সংক্রান্ত তথ্যাদি সংরক্ষণ।
২৫। অনুসন্ধান ও তথ্য (শাখা সংশ্লিষ্ট)সংক্রান্ত বিষয়াবলী ।
২৬। দুর্যোগ ব্যবস্থাপনা (এ শাখা সংশ্লিষ্ট) সংক্রান্ত অন্যান্য বিষয়াবলী।
২৭। উর্ধ্বতন কতৃপক্ষ কর্তৃক প্রদও অন্যান্য দায়িত্বাবলী ।

ত্রাণ কর্মসূচি-২ শাখার কার্যাবলী

১। বিভিন্ন সামাজিক নিরাপত্তা কর্মসূচি যথা কাবিখা ও টি.আর ইত্যাদি বাস্তবায়ন ও পরিবহন ব্যয় সংক্রান্ত বিষয়াবলী।

২। কাবিখা ও টি.আর কর্মসূচির নীতি/পরিপত্র প্রণয়ন, বাজেট ও সমন্বয় সংক্রান্ত ।

৩। কাবিখা ও টি.আর সংক্রান্ত সভা আহবান, কার্যবিবরণী প্রস্তুতকরণ ও সংরক্ষণ ।

৪। বিভাগীয় কমিশনারের সাথে সম্মেলন সংক্রান্ত কার্যাদি।

৫। বিভিন্ন বাহিনীর অনুকুলে বরাদ্দ প্রদান সংক্রান্ত ।

৬। শাখা সংশ্লিষ্ট মামলার তথ্য সংগ্রহ, সরবরাহ ও জবাব প্রস্তুতকরণ।

৭। কাবিখা ও টি.আর কর্মসূচির কার্যাদি পরিদর্শন এবং মূল্যায়ন সংক্রান্ত বিষয়াবলী ।

৮। বিভাগ এবং অধীনস্থ দপ্তরসমূহের কার্যাবলী সম্পর্কে সংবাদ মাধ্যমে প্রকাশিত/প্রচারিত বিভিন্ন বিষয়ের উপর প্রতিবেদন প্রস্তুতকরণ ও অন্যান্য প্রাসঙ্গিক বিষয়াবলী ।

৯। নৈমিত্তিক ও ঐচ্ছিক ছুটি সংক্রান্ত তথ্যাদি সংরক্ষণ।

১০। অনুসন্ধান ও তথ্য (শাখা সংশ্লিষ্ট)সংক্রান্ত বিষয়াবলী ।

১১। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়িত্বাবলী ।

জাতীয় দুর্যোগ সমন্বয় কেন্দ্রের কার্যাবলী

১। ঘূর্ণিঝড়/জলোচ্ছাস/সুনামী/ ভূমিকম্প/অগ্নিকান্ড/খরা/বন্যা প্রভৃতি প্রাকৃতিক দুর্যোগ সংক্রান্ত তথ্য/ বেতার/ টেলিফোন/ মোবাইল/ফ্যাক্সের মাধ্যমে সংগ্রহ এবং সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্মকর্তা বরাবরে প্রেরণ সংক্রান্ত কার্যাবলী;

২। বন্যার পূর্বাভাস ও দেশের সকল নদ-নদীর অবস্থা সংক্রান্ত প্রতিবেদন তৈরী এবং বিভিন্ন কর্তৃপক্ষকে অবহিতকরণ;

৩। ভূমিকম্প সংঘটিত হওয়ার সাথে সাথে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে যোগাযোগপূর্বক উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট অবহিতকরণ;

৪। সুনামী পূর্বাভাস এবং সংক্রান্ত তথ্যাদি গ্রহণ/প্রাপ্তির সাথে সাথে উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিতকরণ;

৫। আবহাওয়ার পূর্বাভাস/বঙ্গোপসাগরে নিম্নচাপের সৃষ্টি হলে নিম্নচাপ সংক্রান্ত যাবতীয় তথ্য সংগ্রহ করতঃ তাৎক্ষণিকভাবে উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিতকরণ এবং এই বিষয়ে সরকারের উচ্চ পর্যায়ের নির্দেশ/সিদ্ধান্ত সমূহ সংশ্লিষ্ট দপ্তর/জেলাসমূহে প্রেরণ;

৬। ঘূর্ণিঝড়/সুনামী/ভূমিকম্প/বন্যা ইত্যাদি প্রাকৃতিক দুর্যোগে ক্ষয়ক্ষতির তথ্য সংগ্রহ পূর্বক জেলাওয়ারী ক্ষয়ক্ষতির বিস্তারিত প্রতিবেদন প্রণয়ন ও এ বিভাগ হতে ত্রাণ সামগ্রী বরাদ্দের বিবরণ তৈরী করাসহ সরকারের উচ্চ পর্যায়ে অবহিতকরণ সংক্রান্ত কার্যাবলী;

৭। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগের বিভিন্ন শাখা কর্তৃক জারীকৃত ত্রাণ সামগ্রী/অর্থের বরাদ্দপত্র,বরাদ্দপত্রের নিশ্চয়তাপত্র ও জরুরী বার্তাদি বেতার/টেলিফোন/ ফ্যাক্সের মাধ্যমে জেলা পর্যায়ে প্রেরণ করা;

৮। জেলা/উপজেলায় স্থাপিত বেতার যন্ত্রগুলির রক্ষণাবেক্ষণ/মেরামত করাসহ জাতীয় দুর্যোগ সমন্বয় কেন্দ্রের সাথে সকল জেলা/উপজেলার দ্রুত যোগাযোগ নিশ্চিতকরণ;

৯। ই-মেইল/ফ্যাক্সের মাধ্যমে দেশ বিদেশে দুর্যোগকালীন ও দুর্যোগোত্তর সময়ে দুর্যোগ সংক্রান্ত তথ্য বিনিময় এবং নিয়মিত তথ্যাদি উচ্চ পর্যায়ে অবহিতকরণ;

১০। দুর্যোগকালে উপদ্রুত জেলাসমূহ হতে প্রাপ্ত ক্ষয়ক্ষতি এবং মন্ত্রণালয় হতে ত্রাণ সামগ্রী বরাদ্দের বিবরণ সম্বলিত প্রেস বিজ্ঞপ্তি প্রস্তুতকরণ;

১১। সাপ্তাহিক ও সরকারী ছুটি দিনসহ জাতীয় দুর্যোগ সমন্বয় কেন্দ্র স্বাভাবিক সময়ে সকাল ৮.০০ টা হতে রাত ৮.০০ টা পর্যন্ত এবং দুর্যোগকালীন সময়ে (যেমন-বন্যা/নিম্নচাপ/ঘূর্ণিঝড় ইত্যাদি) সার্বক্ষনিক খোলা রাখা নিশ্চিতকরণ;

১২। জাতীয় দুর্যোগ সমন্বয় কেন্দ্রের সকল ইলেক্ট্রনিক্স যন্ত্রপাতি যেমন ফ্যাক্স,কম্পিউটার, বেতারযন্ত্র,এলসিডি টিভি, টেলিফোন ইত্যাদি সংরক্ষণ, মেরমাত এবং সকল তথ্য ও দলিলপত্রের নিরাপত্তা এবং গোপনীয়তা রক্ষাকরণ;

১৩। NDRCG-National Disaster Response Co-ordination Group কে সাচিবিক সহায়তা প্রদান এবং প্রয়োজনে সভা আহবান করা;

১৪। আবহাওয়া অধিদপ্তর,স্পার্সো, বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র, ডিসাষ্টার ম্যানেজমেন্ট ইনফরমেশন সেন্টার, ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি, সিডিএমপি, দুর্যোগ ব্যবস্থাপনা ব্যুরো, ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তর, সশস্ত্র বাহিনী বিভাগ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সিটি কর্পোরেশন প্রভৃতি প্রতিষ্ঠানের সাথে সমন্বয় করা;

১৫। সিভিল মিলিটারী Co-ordination এ সহায়তা প্রদান (জরুরী ত্রাণ কার্য সম্পাদনের সময়);

১৬। আন্তর্জাতিক সংস্থার সাথে যোগাযোগপূর্বক বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগের তথ্যাদি আঞ্চলিক সংগ্রহ করা;

১৭। কোন প্রাকৃতিক দুর্যোগ সংঘটনের পর দুর্যোগ কবলিত এলাকার Sattelite Image/High resulation Image সংগ্রহের জন্য আন্তর্জাতিক সংস্থার নিকট Emergency Observation Request পাঠানো;

১৮। নৈমিত্তিক ও ঐচ্ছিক ছুটি সংক্রান্ত তথ্যাদি সংরক্ষণ;

১৯। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়িত্বাবলী।

দুর্যোগ ব্যবস্থাপনা কর্মসূচি-১ শাখার কার্যাবলী

১. কম্প্রিহেনসিভ ডিজেষ্টার ম্যানেজমেন্ট প্রোগ্রাম-২য় পর্যায় এর কর্মসূচি পরিকল্পনা বাস্তবায়ন মনিটরিং ও মূল্যায়ন সংক্রান্ত (অর্থ ব্যবস্থাপনা ও চুক্তি স্বাক্ষর বা অনুমোদন ব্যতীত) বিষয়াবলী।

২. জলবায়ু পরিবর্তন, ঝুঁকিহ্রাস এবং অভিযোজন বিষয়ে পরিবেশ ও বন মন্ত্রণালয়ের সাথে লিয়াজোঁ রক্ষা করা।

৩. জলবায়ু পরিবর্তন সেল এর যাবতীয় কার্যক্রমসহ বিভিন্ন দেশ ও সংস্থার সাথে সমঝোতা স্মারক ও রিপোর্ট সংক্রান্ত মতামত প্রদান।

৪. দুর্যোগ ঝুঁকিহ্রাস সংক্রান্ত ন্যাশনাল প্ল্যাটফরম ও আন্তর্জাতিক প্ল্যাটফরমের কার্যাবলী ও HFA -এর বাস্তবায়ন অগ্রগতি।

৫. দুর্যোগ ব্যবস্থাপনা সম্পর্কিত বিভিন্ন আঞ্চলিক ও আন্তর্জাতিক সংস্থাসমূহের সাথে যোগাযোগ, সদস্যপদ লাভ ও সদস্য রাষ্ট্র হিসেবে চাঁদা প্রদান সংক্রান্ত বিষয়াবলী।

৬. দুর্যোগ ব্যবস্থাপনা ও ঝুঁকিহ্রাস সংক্রান্ত বিষয়ে অনুদান, ঋণ, অনুসন্ধান ও উদ্ধার এবং কারিগরী সহায়তা ইত্যাদি কার্যক্রমে অন্তর্জাতিক ও আঞ্চলিক সহযোগিতা সংক্রান্ত বিষয়াবলী।

৭. বিদেশী উন্নয়ন সহযোগী সংস্থাসমূহের সাথে Local Consultative Group-এর Disaster and Emergency Response শীর্ষক Sub-Group সংক্রান্ত বিষয়াবলী।

৮. দুর্যোগ ব্যবস্থাপনা সম্পর্কিত বিভিন্ন আন্তর্জাতিক সংস্থার সাথে সভা / সম্মেলনের আয়োজন সংক্রান্ত বিষয়াবলী।

৯. দুর্যোগ ব্যবস্থাপনা ও মানবিক সহায়তা কার্যক্রমসহ দুর্যোগ ঝুঁকিহ্রাস ও জরুরী সতর্ক বার্তা ব্যবস্থাপনায় সার্বিক সমন্বয় সাধন।

১০. দুর্যোগ ব্যবস্থাপনার বিষয়ে জনসচেতনতা বৃদ্ধি এবং এ সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ, উন্নয়ন সমন্বয় ও ব্যবস্থাপনা।

১১. সার্ক (SAARC) ডিজেষ্টার ম্যানেজমেন্ট সেন্টার (SDMC) সংক্রান্ত বিষয়াবলী।

১২. ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি (সিপিপি'র) পলিসি কমিটি এবং বাস্তবায়ন বোর্ডের কার্যক্রম ও সিদ্ধান্ত বাস্তবায়ন এবং সিপিপি'র কর্মসূচি (Programme) সংক্রান্ত অন্যান্য বিষয়াবলী।

১৩. এনজিও বিষয়ক ব্যুরো হতে প্রাপ্ত বেসরকারি/স্বেচ্ছাসেবী সংস্থার (NGO) প্রকল্পের উপর মতামত প্রদান।

১৪. দুর্যোগ ব্যবস্থাপনা সংক্রান্ত বিভিন্ন আঞ্চলিক ও আন্তর্জাতিক মিশন ও ডেলিগেশন এর সভানুষ্ঠান/ Talking Point প্রস্তুতকরণ।

১৫. সচিব মহোদয়ের নির্দেশে অথবা বিভিন্ন মন্ত্রণালয়/ সংস্থার/ এনজিও আয়োজিত সভা/ সেমিনারে প্রতিনিধি মনোনয়ন প্রদান।

১৬. দুর্যোগ ঝুঁকিহ্রাস/ দুর্যোগ ব্যবস্থাপনা সম্পর্কিত জাতীয় ও আন্তর্জাতিক দিবস উদযাপন।

১৭. সংসদের প্রশ্নোত্তরসহ বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগের চাহিদা অনুসারে প্রতিবেদন প্রেরণ।

১৮. নৈমিত্তিক ও ঐচ্ছিক ছুটি সংক্রান্ত তথ্যাদি সংরক্ষণ।

১৯. এ শাখা সংক্রান্ত মামলার তথ্য সংগ্রহ, সরবরাহ ও জবাব প্রস্তুতকরণ।

২০. উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়িত্বাবলী।

দুর্যোগ ব্যবস্থাপনা কর্মসূচি-২ শাখার কার্যাবলী

১. দুর্যোগ ব্যবস্থাপনা ব্যুরো-এর বিভিন্ন কর্মসূচি সংক্রান্ত বিষয়াদি।

২. দুর্যোগ ব্যবস্থাপনা সংক্রান্ত আইন, বিধি ও নীতিমালা ও পরিকল্পনা সম্পর্কিত সকল কাজ।

৩. দুর্যোগ ঝুঁকিহ্রাস ও ব্যবস্থাপনা সংক্রান্ত স্থানীয়, জাতীয়, আন্তর্জাতিক তথ্য, উপাত্ত, রিপোর্ট, প্রকাশনা ইত্যাদি সংগ্রহ ও গ্রন্থাগারে সংরক্ষণের জন্য প্রেরণ।

৪. ন্যাশনাল ডিজেষ্টার ম্যানেজমেন্ট কাউন্সিল এবং ইন্টারমিনিষ্টিরিয়াল ডিজেষ্টার ম্যানেজমেন্ট কোঅর্ডিনেশন কমিটি ও ন্যাশনাল ডিজেষ্টার ম্যানেজমেন্ট এডভাইজারী কমিটির বিষয়াবলী এবং SOD-র আওতায় গঠিত অন্যান্য দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি সক্রিয়করণ সংক্রান্ত কার্যাবলী।

৫. দুর্যোগ ঝুঁকিহ্রাসকে উন্নয়নের মূল ধারায় যুক্ত করার লক্ষ্যে বিভিন্ন মন্ত্রণালয়, সংস্থা, এনজিও, সিভিল সোসাইটিসহ সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের সাথে দুর্যোগ ঝুঁকিহ্রাস সংক্রান্ত বিষয়ে সংযোগ স্থাপন কার্যক্রম পরিচালনা।

৬. ঘূর্ণিঝড়, জলোচ্ছ্বাস, বন্যা, ভূমিকম্প, সুনামী এবং অন্যান্য দুর্যোগে সতর্কতা সংকেত জারী, পূর্বাভাস মনিটরিং ও প্রত্যাহার সংক্রান্ত।

৭. দুর্যোগ পরিস্থিতি মূল্যায়ণ এবং দুর্যোগ পরিস্থিতিতে জরুরী অবস্থা ঘোষণা সংক্রান্ত সুপারিশ প্রক্রিয়াকরণ, আশ্রয়কেন্দ্র চালুকরণ এবং বিপদাপন্ন জনগোষ্ঠীকে নিরাপদ আশ্রয়ে প্রেরণ সংক্রান্ত কার্যাবলী।

৮. ঘূর্ণিঝড়, জলোচ্ছ্বাস, বন্যা, ভূমিকম্প, সুনামি, ভূমিধ্বস, ভবন ধ্বস, অগ্নিকান্ড ইত্যাদি দুর্যোগ প্রশমন এবং দুর্যোগ পরবর্তী অনুসন্ধান ও উদ্ধার কার্যক্রম।

৯. জাতীয় এবং মাঠ পর্যায়ে দুর্যোগ ব্যবস্থাপনা তথ্য কেন্দ্র ও জরুরী দুর্যোগ নিয়ন্ত্রণ কেন্দ্র স্থাপন ও ব্যবস্থাপনা।

১০. দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ এবং দুর্যোগ ব্যবস্থাপনা ব্যুরো সংক্রান্ত কার্যাবলী সম্পর্কে সংবাদ মাধ্যমে প্রকাশিত/ প্রচারিত বিভিন্ন বিষয়ের উপর প্রতিবেদন প্রস্তুতকরণ ও অন্যান্য প্রাসংগিক বিষয়াবলী।

১১. এ শাখা সংক্রান্ত মামলার তথ্য সংগ্রহ, সরবরাহ ও জবাব প্রস্তুতকরণ ।

১২. দুর্যোগ আশ্রয়কেন্দ্রের নীতিমালা, আশ্রয়কেন্দ্রের তথ্য-উপাত্ত সংগ্রহ, সংরক্ষণ ও সরবরাহ। এতদ্ব্যতীত আশ্রয় কেন্দ্রের মেরামত ও ব্যবস্থাপনা সংক্রান্ত তথ্যাদি সংগ্রহ ও পরিকল্পনা শাখায় সরবরাহকরণ।

১৩. নৈমিত্তিক ও ঐচ্ছিক ছুটি সংক্রান্ত তথ্যাদি সংরক্ষণ।

১৪. উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়িত্বাবলী।

দুর্যোগ ব্যবস্থাপনা (প্রশাসন) শাখার কার্যাবলী

১। দুর্যোগ ব্যবস্থাপনা ব্যুরো এবং ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচী সংশ্লিষ্ট নিম্নবর্ণিত কার্যাদি

ক. ১ম শ্রেণীর কর্মকর্তাদের (সংযুক্তি ব্যতীত) নিয়োগ/বদলী/পদোন্নতি/ স্থায়ীকরণ/ছুটি / প্রেষণ/অবসর সংক্রান্ত কার্যক্রম।

খ. নিয়োগ বিধি প্রণয়ন ও সংশোধন সংক্রান্ত কার্যক্রম।

গ. ১ম শ্রেণীর কর্মকর্তাদের ভ্রমণ অনুমোদন (ভ্রমণভাতা ব্যতীত) ও পরিদর্শন বিষয়াদি।

ঘ. ২য় শ্রেণীর কর্মকর্তা এবং ৩য় শ্রেণীর কর্মচারীদের বদলী, পদোন্নতি ও স্থায়ীকরণ ইত্যাদি বিষয়ে রেফার্ড কেইসসমূহ।

ঙ. ১ম শ্রেণীর কর্মকর্তাদের প্রশিক্ষণ, সেমিনার, ওয়ার্কশপ, মাঠ মহড়া ইত্যাদি সংক্রান্ত সকল বিষয়।

চ. ২য় শ্রেণীর কর্মকর্তাদের প্রেষণ সংক্রান্ত বিষয়াদি।

ছ. নতুন পদ সৃজন ও অস্থায়ী পদে পুনঃ মঞ্জুরী প্রদান সংক্রান্ত বিষয়াদি।

জ. বেতন বৈষম্য ও চাকুরী সংক্রান্ত অন্যান্য বিষয়াদি।

ঝ. প্রশাসনিক ও আর্থিক বিষয়াদি।

ঞ. কর্মকর্তাদের বিভাগীয় পরীক্ষা সংক্রান্ত বিষয়াদি।

ট. ১ম শ্রেণীর কর্মকর্তাদের বিরুদ্ধে বিভাগীয় মামলা সংক্রান্ত বিষয়াদি।

ঠ. ২য়, ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীদের বিভাগীয় মামলা সংক্রান্ত আপীল/ রিভিউ/ রিভিশন কেস সংক্রান্ত বিষয়াদি।

২। দুর্যোগ ব্যবস্থাপনা অনুবিভাগের পেন্ডিং বিষয়াবলী সংক্রান্ত সভা অনুষ্ঠান।

৩। এ শাখা-সংক্রান্ত মামলার তথ্য সংগ্রহ, সরবরাহ ও জবাব প্রস্তুতকরণ ।

৪। অনুসন্ধান ও তথ্য (শাখা সংশ্লিষ্ট) সংক্রান্ত বিষয়াবলী।

৫। দুর্যোগ ব্যবস্থাপনা (এ শাখা সংশ্লিষ্ট) সংক্রান্ত অন্যান্য বিষয়াবলী।

৬। নৈমিত্তিক ও ঐচ্ছিক ছুটি সংক্রান্ত তথ্যাদি সংরক্ষণ।

৭। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়িত্বাবলী।

শরণার্থী বিষয়ক সেল-এর কার্যাবলী

১। বাংলাদেশে অবস্থানরত মায়ানমারের শরণার্থীদের সুষ্ঠু ব্যবস্থাপনার জন্য প্রয়োজনীয় প্রকল্প প্রনয়ন, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন সংক্রান্ত বিষয়াবলী।

২। শরণার্থীদের ত্রাণ কার্যক্রমের জন্য UNHCR ও WFP এর সংগে চুক্তি সম্পাদন ও বাস্তবায়ন সংক্রান্ত বিষয়াবলী।

৩। শরণার্থীদের স্বদেশে প্রত্যাবর্তন সংক্রান্ত কার্যক্রম পরিচালনা ও সমন্বয় সাধন সংক্রান্ত বিষয়াবলী।

৪। UNHCR এর সাথে শরণার্থী সংক্রান্ত সকল কার্যক্রম।

৫। শরণার্থীদের জন্য WFP কর্তৃক আমদানীকৃত মালামালের শুল্ক মওকুফ সংক্রান্ত কার্যাবলী।

৬। দেশী-বিদেশী বিভিন্ন এনজিও কর্তৃক শরণার্থীদের জন্য বিভিন্ন সেবামূলক কার্যক্রম/অনুমতি/ পরিদর্শন/পরিবীক্ষন/মূল্যায়ন।

৭। RRRC অফিসের সাথে শরণার্থীদের সার্বিক বিষয়াবলী সংক্রান্ত কার্যক্রম।

৮। IOM এর সাথে শরণার্থীদের তৃতীয় দেশে পুন:স্থায়ীকরণ (Resettlement) সংক্রান্ত কার্যক্রম।

৯। বিদেশী দূতাবাস, দাতা গোষ্ঠী প্রতিনিধিদের শরণার্থী ক্যাম্প পরিদর্শন এবং শরণার্থীদের দ্বারা ক্ষতিগ্রস্থ স্থানীয় জনগণের উন্নয়নের জন্য প্রয়োজনীয় প্রকল্প প্রণয়ন, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন।

১০। শরণার্থী বিষয়ক কার্যক্রমে National Audit farm & International Audit farm কর্তৃক অডিট সংক্রান্ত বিষয়াবলী এবং সেলে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের অভিযোগ তদন্ত ও নিষ্পত্তিকরণ সংক্রান্ত বিষয়াবলী।

১১। ক্যাম্প পরিদর্শন ও ক্যাম্পে কর্মরত NGO দের বিভিন্ন কার্যক্রম পরিদর্শন সংক্রান্ত বিষয়াবলী।

১২। পররাষ্ট্র মন্ত্রণালয়, স্ব-রাষ্ট্র মন্ত্রণালয় ও এনজিও বিষয়ক ব্যুরোসহ অন্যান্য মন্ত্রণালয়ের সাথে শরণার্থী সংক্রান্ত বিভিন্ন কার্যক্রম সংক্রান্ত বিষয়াবলী।

১৩। আবাংগালী (বিহারী) ক্যাম্পসমূহের বিদ্যুৎ বিল এবং পানি/পয়ঃ নিষ্কাশন বিল পরিশোধসহ অন্যান্য কার্যক্রম।

১৪। আটকেপড়া পাকিস্তানীদের মধ্যে ত্রাণ বিতরণ এবং পাকিস্তানে প্রত্যাবর্তন ও অন্যান্য সমস্যা সংক্রান্ত বিষয়াবলী।

১৫। শাখা সংশ্লিষ্ট মামলার তথ্য সংগ্রহ, সরবরাহ ও জবাব প্রস্তুতকরণ ।

১৬। নৈমিত্তিক ও ঐচ্ছিক ছুটি সংক্রান্ত তথ্যাদি সংরক্ষণ।

১৭। অনুসন্ধান ও তথ্য (শাখা সংশ্লিষ্ট) সংক্রান্ত বিষয়াবলী।

১৮। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়িত্বাবলী।

বিষয়ঃ দুর্যোগ ব্যবস্থাপনা কর্মসূচি-১ অধিশাখার বিগত এক বছরের সম্পাদিত কর্মক্রমসমূহঃ

১. দুর্যোগ বিষয়ক স্থায়ী আদেশাবলি (SOD) ২০১৯

দুর্যোগ বিষয়ক স্থায়ী আদেশাবলি (Standing Orders on Disaster) ২০১৯ প্রকাশিত হয়েছে। এ প্রকাশনায় টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDG), Sendai Framework for Disaster Risk Reductionও অন্যান্য আন্তর্জাতিক চুক্তি ও সনদে প্রতিশ্রুত অঙ্গীকারসমূহ প্রতিপালন গুরুত্বের সঙ্গে বিবেচনায় আনা হয়েছে। বর্তমান সংস্করণে দুর্যোগ সংক্রান্ত আধুনিক ধারণা, প্রযুক্তিগত জ্ঞান ও কলাকৌশলের প্রতিফলন ঘটেছে। এ আদেশাবলিতে জাতীয় পর্যায় থেকে শুরু করে স্থানীয় সরকারের সকল পর্যায়ের অংশীজনের দায়িত্ব ও কার্যাবলি বর্ণনা করা হয়েছে। 'কাউকে বাদ দিয়ে নয়' সামাজিক অন্তর্ভূক্তিমূলক এ নীতির আলোকে দুর্যোগ ব্যবস্থাপনায় সকল পর্যায়ে অন্যদের পাশাপাশি নারী, শিশু, প্রবীন ও প্রতিবন্ধী ব্যক্তিদের কার্যকর অংশগ্রহণ নিশ্চিতকরণের বিষয় অন্তর্ভূক্ত করা হয়েছে।

২. Humanitarian Staging Area

ভৌগলিক অবস্থানগত কারণে বাংলাদেশ অত্যন্ত দুর্যোগঝুঁকি প্রবণ দেশ। ইতোমধ্যে দুর্যোগ ব্যবস্থাপনার ক্ষেত্রে বাংলাদেশ বিশ্বে অনুকরণীয় দৃষ্টান্ত স্থাপনে সক্ষম হলেও উচ্চমাত্রার ভূমিকম্প বা কোনো বড় ধরনের দুর্যোগের ক্ষেত্রে মানবিক সহায়তার জন্য সহায়ক সামগ্রী মজুদ, নিরাপদ সংরক্ষণ ও প্রয়োজনে দ্রুত সরবরাহ নিশ্চিত করার নিমিত্ত দেশে একটি Humanitarian Staging Area স্থাপনের উদ্যোগ নেওয়া হয়েছে। বড় ধরনের দুর্যোগ পরবর্তী মানবিক সহায়তা কার্যক্রম সফলভাবে সম্পন্ন করার জন্য Humanitarian Staging Area অত্যন্ত কার্যকরী ভূমিকা রাখবে। দুর্যোগকালীন ও দুর্যোগ পরবর্তী সময়ে জরুরি মানবিক সহায়তা, উদ্ধার সরঞ্জাম ও অন্যান্য সামগ্রী আনা নেওয়ার সুবিধার্থে বিশ্বের অন্যান্য দেশের ন্যায় বিমানবন্দরের সন্নিকটে Humanitarian Staging Area বা ওয়্যারহাউজ স্থাপনের এ উদ্যোগ। এ জন্য গত ১৮ এপ্রিল ২০১৯ তারিখে 'জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা কাউন্সিল' এর সভায় Humanitarian Staging Area স্থাপনের নিমিত্ত ঢাকার পূর্বাচলে ৫ (পাঁচ) একর জমি বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। সে প্রেক্ষিতে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) Humanitarian Staging Area নির্মাণের জন্য সাময়িকভাবে ১৭৮.৩৫ কাটা জমি বরাদ্দ প্রদান করে। রাজউক কর্তৃক বরাদ্দকৃত জমি প্রতীকী মূল্যে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের অনুকূলে বরাদ্দ প্রদানের জন্য

মাননীয় প্রধানমন্ত্রী বরাবর সারসংক্ষেপ প্রেরণ করা হয়। সারসংক্ষেপটি মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক অনুমোদিত হলে উল্লিখিত জমিতে শীঘ্রই Humanitarian Staging Area নির্মাণের কাজ শুরু করা হবে।

৩. National Emergency Operation Center (NEOC)

বাংলাদেশ ভূমিকম্প ঝুঁকিপ্রবণ দেশসমূহের মধ্যে বিশেষভাবে অন্যতম। দেশে মাঝে মাঝে স্বল্প ও মাঝারি মাত্রার ভূকম্পন অনুভূত হচ্ছে। রিখটার স্কেলে ৭ বা তার অধিক মাত্রার ভূমিকম্প সংঘঠিত হলে ঢাকা শহরের চিহ্নিত ঝুঁকিপূর্ণ ৭২ হাজার ভবন ভেঙ্গে পড়বে মর্মে বিশেষজ্ঞগণ আশংকা প্রকাশ করছেন। ভূমিকম্প সংঘটিত হলে ঢাকাসহ দেশের বিভিন্ন ঝুঁকিপূর্ণ এলাকায় টেলিফোন সংযোগ, পানি সরবরাহ, গ্যাস ও বিদ্যুৎ লাইনে বিপর্যয়সহ ব্যাপক আকারে অগ্নিকান্ড সংঘটিত হতে পারে। বিষয়টি বিবেচনায় নিয়ে বিগত ০৬/০৫/২০১৫ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা কাউন্সিল সভায় দুর্যোগকালীন ও দুর্যোগপরবর্তী অনুসন্ধান ও উদ্ধার কার্যক্রমের সমন্বয় সাধন এবং কার্যকর তত্ত্বাবধানের জন্য উচ্চ মাত্রার ভূমিকম্প সহনশীল একটি স্বয়ংসম্পূর্ণ National Emergency Operation Center (NEOC)প্রতিষ্ঠার জন্য সিদ্ধান্ত গৃহীত হয় এবং এর জন্য এক একর জমি প্রয়োজন। NEOC এর সভাপতি হিসেবে এ কেন্দ্রটি মাননীয় প্রধানমন্ত্রী সার্বক্ষণিক পর্যবেক্ষন এবং তত্ত্বাবধানের সুবিধার্থে মহোদয়ের কার্যালয়ের সন্নিকটে NEOC ভবন নির্মিত হলে এর কার্যক্রমে আরও গতিশীলতা আসবে এবং কার্যক্রমও প্রত্যাশিত মানের হবে।

গত ১৮ এপ্রিল ২০১৯ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত 'জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা কাউন্সিল (NDMC)' এর সভা অনুষ্ঠিত হয়। সভায় NEOC এর জন্য মন্ত্রিপরিষদ সচিবের নেতৃত্বে গঠিত কমিটি কর্তৃক চিহ্নিত ঢাকাস্থ তেজগাঁও এলাকায় খাদ্য অধিদপ্তরের সিএসডি এর জমির সাইট নকশা উপস্থাপন করা হয়। মাননীয় প্রধানমন্ত্রী নকশা পর্যবেক্ষণ করেন এবং তাঁর নির্দেশনা মোতাবেক NEOC প্রতিষ্ঠায় দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের অনুকূলে খাদ্য মন্ত্রণালয়ের ঢাকাস্থ তেজগাঁও সিএসডির জমি হতে কমপক্ষে ১ একর জমি দ্রুত বরাদ্দের সিদ্ধান্ত গৃহীত হয়।

মন্ত্রিপরিষদ সচিবের নেতৃত্বে গঠিত কমিটি কর্তৃক উল্লিখিত জমির প্রস্তুতকৃত সাইট নকশা অনুযায়ী খাদ্য মন্ত্রণালয়ের মন্ত্রী ও সচিব এবং এ মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ও সিনিয়র সচিব মহোদয়সহ সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ তেজগাঁও সিএসডির জমি সরেজমিনে পরিদর্শন করেন এবং সিএসডির জমি হতে NEOC এর জন্য ১ একর জমি হস্তান্তরের নিমিত্ত যৌথভাবে স্থান নির্বাচন করেন। উল্লেখ্য, বর্ণিত সূত্রগুলোর মাধ্যমে এ মন্ত্রণালয় এবং খাদ্য মন্ত্রণালয়ের মাঝে উক্ত বিষয়ে পত্র আদান প্রদান করা হয়এবং NEOC প্রতিষ্ঠা করার জন্য জমি নির্বাচন চুড়ান্ত করা হয়। NEOC প্রতিষ্ঠার জন্য চীন সরকার সহায়তা করতে সম্মত রয়েছে।

৪. Exercise on Coordinated Response (Ex COORES)

বিভিন্ন কার্যকরী পদক্ষেপের কারণে বাংলাদেশ ইতোমধ্যে বহি:বিশ্বে দুর্যোগ ব্যবস্থাপনায় একটি Role Model হিসেবে নিজেকে প্রতিষ্ঠিত করেছে। দুর্যোগ সংক্রান্ত Regional Consultative Group (RCG) ২০১৮ সালের Chair হিসেবেও বাংলাদেশ দায়িত্ব পালন করেছে। উল্লেখ্য ২০১০ সাল হতে বাংলাদেশে অনুষ্ঠিত Disaster Response and Exchange (DREE) অনুশীলনের মাধ্যমে দুর্যোগ মোকাবিলায় বাংলাদেশে অসামরিক ও সামরিকের সমন্বিত উদ্যোগ (Civil-Military Co-Operation) দুর্যোগঝুঁকি হ্রাসে বিভিন্ন দেশের দক্ষতা বৃদ্ধি পেয়েছে। সিঙ্গাপুর বাংলাদেশের সাথে যৌথভাবে Ex COORES পরিচালনায় আগ্রহ প্রকাশ করে এবং সিঙ্গাপুর ২০১৭ সাল হতে প্রতি ১ বছর অন্তর Ex COORES আয়োজনের সিদ্ধান্ত নেয়।

২০১৯ সালে সিঙ্গাপুরের সাথে বাংলাদেশের দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং সশস্ত্র বাহিনী বিভাগ যৌথভাবে সিঙ্গাপুরে Ex COORES আয়োজন করা হয়। যৌথভাবে Ex COORES 2019 আয়োজনে বাংলাদেশের অংশগ্রহণ সম্মান ও গৌরবের যা নিঃসন্দেহে বহিঃবিশ্বে দেশের ভাবমূর্তি আরও উজ্জ্বল করেছে।

৫. Regional Consultative Group (RCG)

এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের দেশসমূহে জাতিসংঘের মানবিক সহায়তা সমন্বয়কারী সংস্থা UNOCHA-এর উদ্যোগেসিভিল-মিলিটারি সমন্বয়ের মাধ্যমে বড় ধরনের দুর্যোগ মোকাবিলা কার্যক্রম জোরদারকরণের লক্ষ্যে ২০১৪ সালে মানবিক সহযোগিতার ক্ষেত্রে একক প্লাটফরম হিসেবে 'রিজিওনাল কনসালটেটিভ গ্রুপ (RCG)' গঠন করা হয়। RCG গঠনের অন্যতম উদ্দেশ্যাবলি হচ্ছে- ক) বড় ধরনের দুর্যোগ মোকাবিলায় আন্তঃদেশীয় সিভিল-মিলিটারি সমন্বয় জোরদারকরণ; খ) সিভিল-মিলিটারি জনবলের সমন্বয়ে কার্যকর অপারেশনাল প্ল্যান তৈরি ও এর অনুশীলন করা এবং গ) দুর্যোগ সাড়াদান কার্যক্রম বাস্তবায়নে অভিজ্ঞতা, শিক্ষণ ও তথ্য বিনিময়।

RCG এর প্রথম সম্মেলন ২০১৫ সালে থাইল্যান্ডের ব্যাংককে, দ্বিতীয় সম্মেলন ২০১৬ সালে ফিলিপাইনে এবং তৃতীয় সম্মেলন ২০১৭ সালে সিংগাপুরে অনুষ্ঠিত হয়। উক্ত সম্মেলনে বাংলাদেশ সরকারের প্রতিনিধি হিসেবে সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এর নিকট RCG-২০১৮ এর চেয়ারম্যানশীপ হস্তান্তর করা হয়। RCG-২০১৮ সালের ভিশন ও কর্মপরিকল্পনা অনুযায়ী বাংলাদেশযেসব কার্যক্রম পরিচালনা করছে তার মধ্যে উল্লেখযোগ্য হচ্ছেঃ আঞ্চলিক পর্যায়ে জরুরি সাড়াদানে মানবিক সহযোগিতা প্রদানে সিভিল-মিলিটারি সমন্বয় জোরদারকরণ, বিভিন্ন প্রাকৃতিক ও মানবসৃষ্ট দুর্যোগে মানবিক সহায়তা কার্যক্রম পরিচালনা এবং সমন্বয় করা। এরই ধারাবাহিকতায় গত ২৪-২৬ জানুয়ারি ২০১৯ তারিখে ঢাকার হোটেল ইন্টারকন্টিনেন্টালে সংশ্লিষ্ট দেশ ও সংগঠনের প্রতিনিধিদের অংশগ্রহণে RCG-২০১৯ এর ৪র্থ সম্মেলন অনুষ্ঠিত হয়।

বাংলাদেশে ২০১৭ সালে বলপূর্বক বাস্তুচ্যুত মায়ানমার নাগরিকদের কারণে উদ্ভুতসমস্যা সমাধানে সিভিল মিলিটারি কো-অর্ডিনেশন সফলভাবে প্রতিফলিত হচ্ছে। এ কারণে RCGএর চতুর্থ আন্তর্জাতিক সম্মেলনেবলপূর্বক বাস্তুচ্যুত মায়ানমারের নাগরিকদের জন্য সিভিল-মিলিটারি সাড়াদান সমন্বয় (Civil Military Coordination in Response to ForciblyDisplaced Myanmar Nationals) এর সাফল্যকে অগ্রাধিকার হিসেবে উপস্থাপনের বিষয়টি বিবেচনা করা হয়। এ সম্মেলন আয়োজনের মাধ্যমে দুর্যোগ মোকাবিলায় সফলতা উপস্থাপন করাসহ আন্তর্জাতিক পর্যায়ে আবারও বাংলাদেশের নেতৃত্ব প্রদানের সক্ষমতা প্রমাণিত হয়েছে।

R C G
H.E Sheikh Hasina
শেখ হাসিনা

৬. ঘূর্ণিঝড় সংক্রান্ত

ফণীঃ

৪ মে ২০১৯ সাতক্ষীরা, যশোর ও খুলনা অঞ্চল, ফরিদপুর, ঢাকা, পাবনা ও ময়মনসিংহ অঞ্চল দিয়ে ঘূর্ণিঝড় 'ফণী' বয়ে যায়। এ ঝড় মোকাবিলায় আশ্রয়কেন্দ্রে জনগণকে স্থানান্তরের প্রস্তুতিগ্রহণ, স্থানীয় প্রতিনিধি ও সিপিপির মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারী ও স্বেচ্ছাসেবকদের ঘূর্ণিঝড়ের সতর্কবার্তা জনগণের নিকট পৌঁছানো, ব্যাপক প্রচারসহ যথাযথ পূর্ব প্রস্তুতি গ্রহণ করায় মৃত্যুর হার ও ক্ষয়ক্ষতির পরিমান অনেক কম হয়েছে। এ ঝড়ে ০৫ জনের মৃত্যু ঘটে ও ৬৩ জন আহত হয়। ২৩৬৩৯ ঘরবাড়ি সম্পূর্ণ, ১৮৬৭০ আংশিক এবং ১৮০৪ হেক্টর ফসলি জমি সম্পূর্ণ ক্ষতিগ্রস্ত হয়েছিল। বিভিন্ন জেলায় ১৪ হাজার ৫০ মে.টন চাল, ৩ কোটি ৬৩ লক্ষ টাকা, ৪১ হাজার প্যাকেট শুকনা খাবার, ৪ হাজার বান্ডেল ঢেউটিন এবং ০১ কোটি ২০ লক্ষ টাকা গৃহ নির্মাণ মঞ্জুর প্রদান করা হয়েছিল।



বুলবুলঃ

৫ নভেম্বর ২০১৯ তারিখ উত্তর আন্দামান সাগর ও তৎসংলগ্ন এলাকায় অবস্থানরত সুস্পষ্ট লঘুচাপ ঘণিভূত হয়ে পূর্ব-মধ্য বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় নিম্নচাপ আকারে অবস্থান করে। নিম্নচাপটি গত ৭ নভেম্বর ২০১৯ তারিখে 'বুলবুল' এ রূপ নেয়।যার কারণে মংলা ও পায়রা সমুদ্র বন্দরের জন্য ১০ নম্বর মহাবিপদ সংকেত চট্টগ্রাম সমুদ্র বন্দরের জন্য ৯ নম্বর মহাবিপদ সংকেত এবং কক্সবাজার সমুদ্র বন্দরের জন্য ৪ নম্বর স্থানীয় হুঁশিয়ারী সংকেত প্রদান করা হয়। এ ঝড় মোকাবিলায় আশ্রয়কেন্দ্রে জনগণকে স্থানান্তরের প্রস্তুতিগ্রহণ, স্থানীয় প্রতিনিধি ও সিপিপির মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারী ও স্বেচ্ছাসেবকদের ঘূর্ণিঝড়ের সতর্কবার্তা জনগণের নিকট পৌছানো, ব্যাপক প্রচারসহ যথাযথ পূর্ব প্রস্তুতি গ্রহণ করায় মৃত্যর হার ও ক্ষয়ক্ষতির পরিমান অনেক কম হয়েছে। এ ঝড়ে মোট ১৮ জনের মৃত্যু ঘটে ও কিছু সংখ্যক লোক আহত হয়। সংশ্লিষ্ট ১৫ জেলায় চাউল, শুকনা খাবার, ঢেউটিন, গৃহ নির্মাণ এবং নগদ অর্থ বরাদ্দ দেওয়া হয় যা পুনর্বাসন কাজে উল্লেখযোগ্য ভূমিকা রেখেছে। ব্যাপক পূর্ব প্রস্তুতি থাকার কারণে ঘূর্ণিঝড় 'বুলবুল' এর প্রভাবে ঘর-বাড়ি ও ফসলি জমির ক্ষয়ক্ষতি অনেক কম হয়েছে।



৭. বন্যা সংক্রান্ত

জুলাই ২০১৯ তারিখে অতিবৃষ্টি এবং দেশে উত্তর-পূর্ব বেসিনে অবস্থিত নদীসমূহ বিশেষ করে তিস্তা, ব্রহ্মপুত্র, যমুনা, সুরমা, কুশিয়ারা ইত্যাদিতে পানি বিপদ সীমার ওপর দিয়ে প্রবাহিত হওয়ায় দেশের ১০টি জেলায় বন্যার আশঙ্কা দেখা দেওয়ায় বন্যা পুনর্বাসন কাযক্রমের অংশ হিসেবে ২৫ টি জেলাতে শুকনো খাবার, ৬৪টি জেলায় জিআর চাল এবং জিআর ক্যাশ বরাদ্দ প্রদান করা হয়। তাছাড়াও আশ্রয়কেন্দ্রের অপ্রতুলতা বিবেচনা করে সাময়িকভাবে বন্যার্তদের মানবিক সহায়তা প্রদানের নিমিত্ত বন্যা কবলিত ১০টি জেলার প্রতিটিতে ৫০০টি করে তাঁবু প্রেরণ করা হয় যাতে মানুষ প্রয়োজন অনুযায়ী আশ্রয় নিতে পেরেছে। আন্তঃমন্ত্রণালয় দুর্যোগ ব্যবস্থাপনা সমন্বয় কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী দেশে বিদ্যমান সকল স্তরের দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সভা আয়োজন করে বন্যা মোকাবিলায় কার্যকরী পদক্ষেপ নেওয়ার জন্য সংশ্লিষ্টদের আহ্বান জানানো হয়। এ বন্যায় দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি (সিপিপি)-সহ দুর্যোগ ব্যবস্থাপনা কার্যক্রমের সাথে সম্পৃক্ত মাঠ পর্যায়ের সকল সরকারি কর্মকর্তা-কর্মচারীদের ছুটি বাতিল ঘোষণা করা হয়, মন্ত্রণালয়, অধিদপ্তর, জেলা এবং উপজেলায় সার্বক্ষণিক নিয়ন্ত্রণ কক্ষ চালু করা হয় যা বন্যা মোকাবিলা ও পুনর্বাসনে কার্যকরী ভূমিকা রেখেছে।







৮. সংকট মোকাবিলায় মনোসামাজিক সেবা

ঘটনার আকস্মিকতায় সৃষ্টি হয় সংকট, মৃত্যু, মারাত্মক জখম এবং ক্ষয়ক্ষতি। তাছাড়া বিভিন্ন পারিপার্শ্বিক হুমকির সামনে মানুষ হতভম্ব ও দিশাহারা হয়ে যায়। তীব্র মনোঘাত বা ট্রমা আহত ব্যক্তি ও তার নিকট জনদের সাধারণ জীবনযাপনকে বাধাগ্রস্ত করে। ফলে তাঁদের মানসিক ভারসাম্য হারিয়ে যায়। বিষাদ, দুর্শ্চিন্তা, অসহায়ত্ব, রোগ-ক্ষোভ, লজ্জা, অপরাধবোধ, বিভ্রান্তি, ভয় ও হতাশা তীব্র মনোঘাত বা ট্রমার সৃষ্টি করে। ট্রমা গ্রস্ত মানুষের মধ্যে অস্বাভাবিক আবেগীয় প্রতিক্রিয়ার ফলে এদের মধ্যে অন্তত ১০% পরবর্তী মানসিক সমস্যার ঝুঁকিতে আক্রান্ত হয়। তাদের স্বাস্থ্য ঝুঁকিও বেড়ে যায়। এই মনোঘাত বা ট্রমা আত্মীয় স্বজন, বন্ধু, প্রতিবেশী, প্রত্যক্ষদর্শী এমনকি উদ্ধারকর্মীদেরও জর্জড়িত করে। মানসিক সংকট কাটিয়ে উঠে জীবনের ভারসাম্য ফিরিয়ে আনতে মনোসামাজিক সেবা অত্যন্ত জরুরি। এ সকল ক্ষেত্রে যত দ্রুত মনোসামাজিক সেবা প্রদান করা যায় তত মানসিক সমস্যার ঝুঁকি কমতে থাকে। সংকটের পরে তাৎক্ষণিকভাবে মনোসামাজিক সেবা গ্রহণ করলে তা পরবর্তী মানসিক সমস্যা ও রোগমুক্তিতে সাহায্য করে। দুর্যোগ পরবর্তী টমা মুক্তির লক্ষ্যে মিজ সায়মা হোসেন-এর পরামর্শে আমেরিকান মনোবিজ্ঞানী জোয়ানী বায়রন এর সহায়তায় এখন পর্যন্ত ১৯৪ জনকে মনোসামাজিক বিষয়ে বেসিক ট্রেনিং দেওয়া হয়েছে। এদের ভিতরে ৫ জন কে ক্রাইসিস রেসপন্ডার ও ৩ জনকে মাস্টার ট্রেইনার নির্বাচন করা হয়েছে। এরা কোন দুর্ঘটনা, অগ্নিকান্ড বা সাইক্লোন পরবর্তী মনোসামাজিক সেবা প্রদান করে থাকে।

৯. **এছাড়াও এ অনুবিভাগ হতে ২০১৮-২০১৯ অর্থ বছরে যেসব কার্যাবলি সম্পাদিত হয়েছে তা নিম্নরূপ :**

- ১৩ অক্টোবর ২০১৮ দুর্যোগ প্রশমন দিবস উদযাপন করা হয়েছে;
- ১০ মার্চ ২০১৯ জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস উদযাপন করা হয়েছে;
- Sendai Framework for Disaster Risk Reduction 2015-2030 বাস্তবায়নের লক্ষ্যে ইনপুট প্রদান করা হচ্ছে;
- ভূমিধস প্রতিরোধে করণীয় সম্পর্কিত প্রতিবেদন প্রণয়ন করা হয়েছে;
- ভূমিধস/ভূমিকম্প সম্পর্কিত জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে জেলাগুলোতে সভা/সেমিনারের আয়োজন করা হয়েছে;
- দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং জাতিসংঘ বিশ্ব খাদ্য কর্মসূচি-এর যৌথ উদ্যোগে ২-৩ সেপ্টেম্বর ২০১৯ তারিখে 'Symposium on Adaptive Social Protection' আয়োজন করা হয়েছে;
- দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং বিশ্ব খাদ্য কর্মসূচি-এর যৌথ উদ্যোগে ২৭-২৯ আগস্ট ২০১৯ তারিখে 'Simulation Based Logistics Gap Analysis' শীর্ষক কর্মশালার আয়োজন করা হয়েছে;
- ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট অব ডিজাস্টার ম্যানেজমেন্ট এন্ড ভালনারেবিলিটি স্টাডিজ (আইডিএমভিএস) এর ৩য় ব্যাচের ৪০ জন ছাত্র-ছাত্রীদের ২ মাস ব্যাপি ইন্টার্নশীপ কার্যক্রম সম্পন্ন করা হয়েছে।

SIMULATION BASED LOGISTICS GAP ANALYSIS WORKSHOP

SIMULATION BASED LOGISTICS GAP ANALYSIS WORKSHOP

Ministry of Disaster Management and Relief (MoDMR)

দুর্যোগ ব্যবস্থাপনা কর্মসূচি-২ অনুবিভাগ
২০১৮-২০১৯ অর্থ বছরে যেসব কার্যাবলি সম্পাদিত হয়েছে তা নিম্নরূপ:

১. ১৩ অক্টোবর ২০১৮ আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস উদযাপন করা হয়েছে।

২. ১০ মার্চ ২০১৯ জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস উদযাপন করা হয়েছে।

৩. **Sendai Framework For Disaster Risk Reduction 2015-2030** বাস্তবায়নের লক্ষ্যে আন্তঃমন্ত্রণালয় সভা করে কর্মপরিকল্পনা চুড়ান্তকরণের আলোকে কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

৪. **Incident Management System (IMS)** এর **Guideline** তৈরির বিষয়ে **USAID** এবং **USFS** এর সহযোগিতায় সেমিনার করা হয়েছে।

৫. ভূমিধস প্রতিরোধে করণীয় সম্পর্কিত প্রতিবেদন প্রণয়ন করা হয়েছে।

৬. ভূমিধস/ভূমিকম্প সম্পর্কিত জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে জেলাগুলোতে সভা/সেমিনারের আয়োজন করা হয়েছে।

৭. ময়মনসিংহ সিটি কর্পোরেশনের সম্মেলন কক্ষে ভূমিকম্পের ওপর একটি ওয়ার্কশপের আয়োজন করা হয়েছে।

৮. মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ে SDG Implementation Review (SIR) Conference-2019 এর জন্য Report প্রেরণ করা হয়েছে এবং Power Point এ উপস্থাপনা প্রদান করা হয়েছে।

৯. ১০ মার্চ 'জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস-২০১৯' উদ্‌যাপন উপলক্ষে সারাদেশের সকল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে ভূমিকম্প ও অগ্নিকান্ড বিষয়ক সচেতনতা বৃদ্ধির মহড়ার আয়োজন করা হয়েছে।

১১. ১৩ অক্টোবর ২০১৮ আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস উদযাপন উপলক্ষে সারাদেশের সকল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে ভূমিকম্প ও অগ্নিকান্ড বিষয়ক সচেতনতা বৃদ্ধির মহড়ার আয়োজন করা হয়েছে।

১১. পাহাড়ি এলাকায় ভূমিধসজনিত দুর্যোগ ব্যবস্থাপনা সংক্রান্ত নির্দেশিকা প্রণয়নের কাজ করা হয়েছে।

১২. "Asian Disaster Preparedness Center" (ADPC)-এর Board of Trustees Meeting-এ প্রতিনিধিত্ব করার জন্য কর্মকর্তা মনোনয়ন।

১৩. মাননীয় প্রধানমন্ত্রীর জাপান সফর উপলক্ষ্যে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের তথ্যাদি/ইনপুট প্রেরণ।

১৪. Regarding comments/views of Bangladesh on proposal of India to establish a Global Coalition on Disaster Resilient Infrastructure প্রতিবেদন তৈরী।

১৫. সেপ্টেম্বর, ২০১৮ তারিখ যুক্তরাষ্ট্রের নিউইয়র্কস্থ জাতিসংঘ সদর দপ্তরে জাতিসংঘের ৭৩-তম সাধারণ পরিষদের অধিবেশনে উপস্থাপনের লক্ষ্যে যাচিত ব্রিফে অন্তর্ভূক্তি লক্ষ্যে High-level Event on the Global Compact on Refugees: A Model for Greater Solidarity and Cooperation বিষয়ে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এর প্রতিবেদন তৈরী।

১৬. সেপ্টেম্বর, ২০১৮ তারিখ যুক্তরাষ্ট্রের নিউইয়র্কস্থ জাতিসংঘ সদর দপ্তরে জাতিসংঘের ৭৩-তম সাধারণ পরিষদের অধিবেশনে উপস্থাপনের লক্ষ্যে যাচিত ব্রিফে অন্তর্ভূক্তি লক্ষ্যে Disaster Risk Resilience and Bangladesh বিষয়ে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এর প্রতিবেদন তৈরী।

১৭. ২৩-০৫-২০১৯খ্রিঃ তারিখে কক্সবাজারস্থ বলপূর্বক বাস্তুচ্যুত মায়ানমার নাগরিকদের ক্যাম্প এলাকায় দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং সশস্ত্র বাহিনী বিভাগ কর্তৃক যৌথভাবে কক্সবাজারস্থ বলপূর্বক বাস্তুচ্যুত মায়ানমার নাগরিকদের ক্যাম্প এলাকায় ভূমিধস ও দুর্যোগ বিষয়ক মহড়া অনুশীলন আয়োজন করা হয়েছে।

১৮. স্বেচ্ছাসেবার সংস্কৃতি আবহমান বাংলার ঐতিহ্য, যার পরিপ্রেক্ষিতে বাংলাদেশে অনেক স্বেচ্ছাসেবী সংগঠন গড়ে উঠেছে। এছাড়া বৈশ্বিক বিভিন্ন স্বেচ্ছাসেবী সংগঠনের আলোকে বাংলাদেশেও বিভিন্ন স্বেচ্ছাসেবক সংগঠন প্রতিষ্ঠিত হয়েছে। যেমন- গার্লস গাইড, বাংলাদেশ স্কাউট, রেডক্রিসেন্ট ও ন্যাশনাল ক্যাডেট কোর ইত্যাদি।দুর্যোগ ব্যবস্থাপনার ক্ষেত্রে স্বেচ্ছাসেবকদের ভূমিকা অনস্বীকার্য এবং বাংলাদেশে স্বেচ্ছাসেবকদের প্রাতিষ্ঠানিকতার প্রয়োজনীয়তা ১৯৭০ সালের নভেম্বর মাসে প্রলয়ংকারী ঘূর্ণিঝড় ও জলোচ্ছাসের পর অনুভূত হয়। এরই ধারাবাহিকতায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নির্দেশনায় ১৯৭২ সালে ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি প্রতিষ্ঠিত হয়।

উপকূলীয় জনসাধারণ এর জানমাল রক্ষার্থে ১ জুলাই ১৯৭৩ হতে কর্মসূচিটি চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহিত হয়, যা আজ পর্যন্ত ঘূর্ণিঝড় ও জলোচ্ছাস মোকাবিলায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে যাচ্ছে। দুর্যোগ ব্যবস্থাপনা আইন-২০১২ এ নগর দুর্যোগ মোকাবিলায় সেচ্ছাসেবকের ভূমিকা ও গুরুত্ব উল্লেখ করা হয়েছে। পরবর্তীতে সরকার ৬২,০০০ নগর স্বেচ্ছাসেবক গড়ে তোলার প্রাথমিক লক্ষ্যমাত্রা নির্ধারণ করেছে। এ পরিপ্রেক্ষিতে সরকারি এবং বেসরকারি বিভিন্ন উদ্যোগের অংশ হিসেবে নগর স্বেচ্ছাসেবক তৈরী হয়েছে এবং তাদের সক্ষমতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। তবে এখন পর্যন্ত এ সকল স্বেচ্ছাসেবকদের সমন্বিতভাবে পরিচালনার জন্য কোন একক নির্দেশনা নেই। স্বেচ্ছাসেবকদের প্রয়োজনীয়তা ও গুরুত্বের কথা বিবেচনা করে এর প্রাতিষ্ঠানিকীকরণের উদ্দেশ্যে নগর স্বেচ্ছাসেবক নির্দেশিকা প্রণয়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ কাজে নগর দুর্যোগ নিয়ে কাজ করেন এমন অংশীজনদের সাথে আলোচনা করা হবে। যা ভবিষ্যতে এটি সময়ানুগ চাহিদা পূরণে সহায়ক হবে।

১৯. জাতিসংঘ কর্তৃক আয়োজিত Climate Summit সংক্রান্ত Input প্রতিবেদন তৈরী।

২০. ৩০ সেপ্টেম্বর, ২০১৮ তারিখ থেকে ০৪ অক্টোবর, ২০১৮ USAID এবং USFS এর যৌথ উদ্যোগে হোটেল আমারী, বাড়ী নং-৪৭, সড়ক নং-৪১, গুলশান-২, ঢাকা-১২১২ এ ৫ (পাঁচ) দিন ব্যাপী Incident Management System (IMS) এর উপর প্রশিক্ষণ কর্মসূচীতে মন্ত্রণালয় এবং অধিনস্থ দপ্তরের নিম্নবর্ণিত কর্মকর্তাদের নির্দেশক্রমে মনোনয়ন প্রদান করা হয়েছে।

২১. Guideline for the First Responders in the Disaster from Chemical and Technological Hazards (Biological, Radiological & Nuclear) প্রণয়ন।

২২. Plan of Action for Sendai Framework For Disaster Risk Reduction 2015-2030 প্রণয়ন।

২৩. Asian and Pacific Center for the Development of Disaster Information Management (APDIM)-এর গভর্ণিং কাউন্সিলর নির্বাচনে অংশগ্রহণ সংক্রান্ত মনোনয়ন ফরম পূরণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

২৪. Economic and Social Commission for Asia and Pacific (ESCAP) এর ৭৫তম অধিবেশনে মাননীয় অর্থমন্ত্রী কর্তৃক উপস্থাপনের জন্য প্রতিবেদন প্রেরণ।

গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-খাদ্যশস্য/নগদ টাকা) কর্মসূচি



সখিপুর বাজার হতে রাবার ড্যাম পর্যন্ত রাস্তা পুন: নির্মাণ: ইউনিয়ন- গাজিরভিটা, উপজেলা- হালুয়াঘাট, জেলা- ময়মনসিংহ

২. কাবিখা কার্যক্রম

২.১ গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা- খাদ্যশস্য/নগদ টাকা) কর্মসূচির নির্দেশিকা

গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) কর্মসূচি সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে সরকার নিম্নরূপ নির্দেশিকা জারি করেছেঃ

২.২ কর্মসূচির লক্ষ্য ও উদ্দেশ্য

(ক) কর্মসূচির উদ্দেশ্য : সামগ্রিকভাবে দুর্যোগ ঝুঁকিহ্রাসের জন্য এবং নবায়নযোগ্য জ্বালানি ও বিদ্যুতের চাহিদা পূরণের জন্য-

১. প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত গ্রামীণ অবকাঠামো নির্মাণ/পুনর্নির্মাণ;
২. স্বাভাবিক অবস্থায় গ্রামীণ অবকাঠামো উন্নয়নের জন্য এই কর্মসূচির আওতায় বিভিন্ন ধরনের প্রকল্প বাস্তবায়ন।
৩. নবায়নযোগ্য জ্বালানি ও বিদ্যুতের চাহিদা পূরণের জন্য সোলার প্যানেল ও বায়োগ্যাস প্ল্যান্ট স্থাপন।

(খ) কর্মসূচির মূল লক্ষ্য: গ্রামীণ দরিদ্র জনগণের দুর্যোগ ঝুঁকিহ্রাস এবং জলবায়ু পরিবর্তনজনিত অভিযোজনে সামাজিক ও খাদ্য নিরাপত্তা নিশ্চিত করণে সহায়তার জন্য–

১. গ্রামীণ এলাকায় কর্মসংস্থান সৃষ্টি;
২. গ্রামীণ দরিদ্র জনগণের আয় বৃদ্ধি;
৩. দেশের সর্বত্র খাদ্য সরবরাহের ভারসাম্য আনয়ন:
৪. দারিদ্র্য বিমোচনে ইতিবাচক প্রভাব সৃষ্টি এবং
৫. নবায়নযোগ্য জ্বালানি ও বিদ্যুতের চাহিদা পূরণের মাধ্যমে জৈব জ্বালানির উপর নির্ভরশীলতা কমানো, কর্মসংস্থান সৃষ্টি এবং সামগ্রিকভাবে জীবনমানের উন্নয়ন।

(গ) **কর্মসূচির উপকারভোগী বাছাই :** এই কর্মসূচির আওতায় নিম্ন বর্ণিত ব্যক্তিগণকে উপকারভোগী হিসেবে বাছাই করা যাবেঃ

১. সর্বোচ্চ ০.৫০ একর পর্যন্ত জমির মালিকানাসম্পন্ন ব্যক্তি।
২. নদী ভাঙ্গন ও প্রাকৃতিক দুর্যোগের কারণে ক্ষতিগ্রস্ত ভূমিহীন ব্যক্তি।

২.৩ খাদ্যশস্য/নগদ অর্থ বরাদ্দ প্রক্রিয়া

(ক) দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বাজেটে বরাদ্দকৃত খাদ্যশস্য/নগদ টাকা এক বা একাধিক কিস্তিতে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর বরাবর ন্যস্ত করবে এবং দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর এই খাদ্যশস্য/নগদ টাকা জেলা প্রশাসক বরাবর ৪০% জনসংখ্যা, ৩০% দুঃস্থতা এবং ৩০% আয়তনের ভিত্তিতে থোক বরাদ্দ প্রদান করবে।

(খ) জেলা প্রশাসক উপরের ২ (ক) অনুচ্ছেদে বর্ণিত আপেক্ষিক গুরুত্ব অনুসারে বরাদ্দকৃত খাদ্যশস্য/নগদ টাকা পৌরসভা ও উপজেলাওয়ারি বরাদ্দ করবেন। উপজেলা কমিটি বরাদ্দকৃত খাদ্যশস্য/নগদ অর্থের ২০% রিজার্ভ রেখে অবশিষ্ট খাদ্যশস্য/নগদ অর্থের ৫০% জনসংখ্যা এবং ৫০% আয়তনের ভিত্তিতে পৌরসভা/ইউনিয়ন ভিত্তিক পুনবরাদ্দ করিয়া প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করবে।

(গ) রিজার্ভ ২০% খাদ্যশস্য/নগদ অর্থ দ্বারা উপজেলা কমিটি সরাসরি এমনভাবে পর্যায়ক্রমে প্রকল্প গ্রহণ করবে যেন অব্যাহতভাবে কোন ইউনিয়ন বঞ্চিত না হয়। এ ক্ষেত্রে কমিটি আন্তঃইউনিয়নব্যাপী প্রকল্প গ্রহণে অগ্রাধিকার দিতে পারবে।

(ঘ) দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় বিশেষ বিবেচনায় মাননীয় সংসদ সদস্য অথবা গণ্যমাণ্য ব্যক্তিদের নিকট হতে জেলা প্রশাসকের মাধ্যমে প্রাপ্ত বিশেষ প্রকল্পে খাদ্যশস্য/নগদ টাকা বরাদ্দ করতে পারবে।

(ঙ) এই মন্ত্রণালয় হতে প্রতিটি নির্বাচনী এলাকার (সংরক্ষিত মহিলা আসন ব্যতীত) অনুকূলে খাদ্যশস্য/নগদ টাকা বিশেষ/থোক বরাদ্দ প্রদান করা যাবে। তবে সংরক্ষিত মহিলা আসনের সদস্যদের অনুকূলে কেবল মাত্র গ্রামীণ নারী উন্নয়নমূলক প্রকল্পের খাদ্যশস্য/নগদ টাকা বিশেষ/থোক বরাদ্দ প্রদান করা যাবে।

(চ) এই মন্ত্রণালয় হতে বিভিন্ন বাহিনী/ সংস্থার অনুকূলে খাদ্যশস্য/নগদ টাকা বরাদ্দ প্রদান করা যাবে।

(ছ) উপজেলা এবং সংসদীয় এলাকাভিত্তিক প্রতি বছর আগস্ট মাসের মধ্যে সারা বছরের সম্ভাব্য (Notional Allotment)বরাদ্দ জারী করতে হবে।

(জ) বরাদ্দপ্রদানকারী সংশ্লিষ্ট কর্তৃপক্ষ ৪৮ ঘন্টার মধ্যে বরাদ্দ প্রাপকের নিকট বরাদ্দপত্র পৌঁছানো নিশ্চিত করবেন।

(ঝ) ইউনিয়নে প্রকল্প গ্রহণের ক্ষেত্রে কোন ওয়ার্ড যাহাতে অব্যাহতভাবে বঞ্চিত না হয় তাহা নিশ্চিত করতে হবে। সম্ভব হলে ওয়ার্ডের কাঁচা রাস্তার পরিমাণ/শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা/সামাজিক প্রতিষ্ঠানের সংখ্যা ইত্যাদি বিষয় বিবেচনা করে প্রাপ্তব্য খাদ্যশস্য/নগদ টাকা ওয়ার্ড ভিত্তিক বিভাজন করা যেতে পারে।

২.৪ প্রকল্পের কাজের ধরণ/পরিধি

(ক) এই কর্মসূচিতে পুকুর/খাল খনন/পুনখনন, রাস্তা নির্মাণ/পুনর্নির্মাণ, রাস্তা-বাঁধ নির্মাণ/পুনর্নির্মাণ, জলাবদ্ধতা দূরীকরণের জন্য নালা ও সেচ নালা খনন/পুনর্খনন, বিভিন্ন জনকল্যাণমূলক প্রতিষ্ঠানের মাঠে মাটি ভরাট, মাটির কিল্লা নির্মাণ/পুনর্নির্মাণ কাজ, শিক্ষা প্রতিষ্ঠান, মসজিদ, মন্দির, উপাসনালয়, ধর্মীয় ও সামাজিক প্রতিষ্ঠান, হাট-বাজার, ইউনিয়ন পরিষদভবনসহ জনসমাগম হয় এমন প্রতিষ্ঠান/স্থানে ও দু:স্থ পরিবার পর্যায়ে সোলার সিস্টেম হোম সোলার, সোলার স্ট্রিট লাইট ও বায়োগ্যাস প্ল্যান্ট স্থাপনের জন্য প্রকল্প গ্রহণ করতে হবে;

(খ) ব্যক্তি মালিকানাধীন ও বিরোধপূর্ণ জমিতে উপরে উল্লিখিত প্রকল্প গ্রহণ করা যাবে না;

(গ) ব্যক্তি মালিকানাধীন পুকুর যার পানি জনগণ অবাধে ব্যবহার করতে পারে বা পুকুর সংস্কার করার পরও তা অব্যাহত থাকবে এমন নিশ্চয়তা পাওয়া গেলে প্রকল্পটি গ্রহণের বিষয়ে উপজেলা কমিটি বিবেচনা করতে পারে;

(ঘ) সম্পূর্ণ নতুন প্রকল্প গ্রহণের ক্ষেত্রে জমির প্রাপ্যতা সংক্রান্ত সনদপত্র সংশ্লিষ্ট জমির মালিক/ওয়ারিশ, ইউপি চেয়ারম্যানের প্রত্যয়নপত্র এবং উপজেলা নির্বাহী অফিসারের প্রতিস্বাক্ষরসহ প্রকল্প প্রস্তাবের সাথে আবশ্যিকভাবে দাখিল করতে হবে;

(ঙ) বর্ষণের ফলে নির্মিত রাস্তার মাটি যাতে সরে যেতে না পারে তার জন্য রাস্তার উভয় দিকে পাকা ওয়াল (রাস্তার উচ্চতার সমান অথবা যে উচ্চতা পর্যন্ত নির্মাণ করা হলে রাস্তার মাটি ধরে রাখা সম্ভব হবে সে উচ্চতা পর্যন্ত) নির্মাণের জন্য প্রকল্প গ্রহণ করা যাবে। এরূপ মাটির কাজের প্রকল্পের ক্ষেত্রে ৬০% পর্যন্ত খাদ্যশস্য নগদায়ন করে নগদ টাকা বরাদ্দের ব্যবস্থা করা যাবে;

(চ) মাটির কাজের প্রকল্পের অংশ হিসাবে প্রয়োজনে Herring Bone Bond (HBB) ইটের রাস্তা নির্মাণের জন্য প্রকল্প গ্রহণ করা যাবে;

(ছ) নির্মাণাধীন রাস্তায় ও নির্মাণাধীন/সংস্কারাধীন সরকারি পুকুর/জলাশয়ে অবৈধ দখলরোধে প্রয়োজনীয় সীমানা পিলার স্থাপন করা যাবে;

(জ) নির্মাণাধীন রাস্তার সীমানা এবং খননাধীন পুকুর/জলাশয়ের পাড় বরাবর খাঁচা স্থাপনসহ বৃক্ষ রোপণ করা যাবে;

(ঝ) শিক্ষা প্রতিষ্ঠান, মসজিদ, মন্দির, উপাসনালয়, ধর্মীয় ও সামাজিক প্রতিষ্ঠান, হাট-বাজার, ইউনিয়ন পরিষদ ভবনসহ জনসমাগম হয় এমন প্রতিষ্ঠান/স্থানে ও দু:স্থ পরিবার পর্যায়ে সোলার সিস্টেম হোম সোলার, সোলার স্ট্রিট লাইট স্থাপন এবং বায়োগ্যাস প্রকল্প বাস্তবায়ন। এরূপ প্রকল্পের জন্য মোট বরাদ্দের ৫০% খাদ্যশস্য ব্যয় করতে হবে।

২.৫ প্রকল্প গ্রহণ/বাছাই পদ্ধতি

(ক) দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়য়ের আওতায় বাস্তবায়নযোগ্য প্রকল্পসমূহ বাছাইপূর্বক এর তালিকা এই মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। উপজেলা, জেলা এবং দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে এই তালিকা রেজিস্টারে লিপিবদ্ধ রাখতে হবে। তা ছাড়াও দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের ওয়েবসাইট এবং দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের ওয়েবসাইটে আপডেট অবস্থায় আপলোড রাখতে হবে।

(খ) দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ প্রকল্প বাছাই ও অনুমোদনপূর্বক বরাদ্দ ছাড়ের জন্য ঊর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রকল্প প্রস্তাব প্রেরণ করবে।

(গ) Notional Allotment প্রাপ্তির পর স্ব-স্ব কর্তৃপক্ষ বাস্তবায়নযোগ্য প্রকল্পসমূহের একটি অগ্রাধিকার তালিকা প্রস্তুত করে মন্ত্রণালয়ে ও অধিদপ্তরে প্রেরণ করবে। উক্ত অগ্রাধিকার তালিকার বাইরে কোন প্রকল্প গ্রহণ করা যাবে না উপজেলা কর্তৃপক্ষ নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের অগ্রাধিকার তালিকা দাখিলে ব্যর্থ হলে জেলা কর্তৃপক্ষ সম্ভাব্য বরাদ্দ বাতিল করে অন্য উপজেলা/ইউনিয়নে তা বরাদ্দ করতে পারবে;

(ঘ) উপজেলা কর্তৃপক্ষ প্রকল্পের অগ্রাধিকার তালিকা প্রণয়ণের পূর্বে প্রকল্পের সম্ভাব্যতা যাচাইসহ প্রাক-জরিপ গ্রহণ করবে। কোন ব্যক্তি বা গোষ্ঠীর প্রভাবে প্রভাবান্বিত না হয়ে রাস্তা প্রকল্পের ক্ষেত্রে উপকারভোগী জনসংখ্যা, আন্তঃগ্রাম/আন্তঃইউনিয়ন যোগাযোগ রক্ষায় তা কতটুকু গুরুত্বপূর্ণ,সরকারি/বেসরকারি/সামাজিক প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ রক্ষায় তা কতটা অবদান রাখবে ইত্যাদি বিষয় বিবেচনা করে অগ্রাধিকার নির্ধারণ করতে হবে;

(ঙ) সম্ভাব্যতা যাচাইয়ে যদি কোন প্রকল্প কারিগরি ত্রুটিযুক্ত (আনফিজিবল) হয়, তবে বিকল্প প্রস্তাব গ্রহণ করা যাবে। এ ছাড়াও যে সকল প্রকল্পের ক্ষেত্রে খাদ্যশস্য নগদায়ন হবে সে ক্ষেত্রে যুক্তি সহকারে নগদায়নের পরিমাণ উল্লেখ করে প্রয়োজনীয় সুপারিশ করতে হবে। বিশেষ ক্ষেত্রে প্রাকৃতিক দুর্যোগ যেমনঃ বন্যা, অতিবর্ষণজনিত কারণে রাস্তার ব্যাপক ক্ষতি হলে সেসব রাস্তা অগ্রাধিকার ভিত্তিতে গ্রহণ করা যাবে;

(চ) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ইউনিয়ন কমিটির নিকট হতে প্রাপ্ত প্রকল্পসমূহের প্রাক-জরিপ ও প্রাক্কলন সমাপ্তির পর উপজেলা গ্রামীণ অবকাঠামো সংস্কার কমিটিতে অনুমোদনের জন্য উপস্থাপন করবেন। উপজেলা কমিটি তা পর্যালোচনাপূর্বক অনুমোদন করবে এবং সুপারিশসহ জেলা কর্ণধার কমিটি বরাবর প্রেরণ করবে;

(ছ) উপজেলা গ্রামীণ অবকাঠামো সংস্কার কমিটির সভায় উপস্থিত অধিকাংশ সদস্যের মতামতের ভিত্তিতে উপস্থাপিত প্রকল্পসমূহ চূড়ান্তভাবে অনুমোদন করতে হবে;

(জ) উপজেলা গ্রামীণ অবকাঠামো সংস্কার কমিটি এলাকার গুরুত্ব অনুসারে অগ্রাধিকার তালিকার ভিত্তিতে প্রাপ্তব্য খাদ্যশস্য/নগদ টাকায় প্রকল্প গ্রহণ করবে;

(ঝ) উপজেলা কমিটির সভার কার্যবিবরণীসহ অনুমোদিত প্রকল্প তালিকা সংশ্লিষ্ট জেলা কর্ণধার কমিটির সভায় চূড়ান্ত অনুমোদনের জন্য প্রেরণ করতে হবে;

(ঞ) এই কর্মসূচির আওতায় এই মন্ত্রণালয় হতে মাননীয় সংসদ সদস্যগণের অনুকূলে নির্বাচনী এলাকায় উন্নয়নের জন্য নির্বাচনী এলাকা ভিত্তিক বিশেষ/থোক বরাদ্দের (খাদ্যশস্য/নগদ টাকা) ক্ষেত্রে নির্ধারিত সময়ের মধ্যে মাননীয় সংসদ সদস্য কর্তৃক অনুমোদিত প্রকল্প তালিকা উপজেলা নির্বাহী অফিসারের নিকট প্রেরণ করতে হবে। মাননীয় সংসদ সদস্য প্রয়োজনবোধে বিশেষ বিবেচনায় 'খ' ও 'গ' শ্রেণিভূক্ত পৌরসভা এলাকায় এই কর্মসূচির প্রকল্প গ্রহণ করতে পারবেন। এই নির্বাচনী এলাকা ভিত্তিক বরাদ্দের ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার সংশ্লিষ্ট মাননীয় সংসদ সদস্যের পরামর্শক্রমে অনুমোদিত প্রকল্পসমূহের পিআইসি গঠন ও অনুমোদন করবেন। তবে পিআইসি গঠন প্রক্রিয়ায় ক্ষেত্র বিশেষে স্থানীয় গণ্যমান্য ব্যক্তিকে সভাপতি পদে বিবেচনা করা যাবে;

(ট) সরকার প্রয়োজনবোধে বিশেষ বিবেচনায় 'খ' এবং 'গ' শ্রেণির পৌরসভায় এই কর্মসূচির প্রকল্প গ্রহণ করতে পারবে;

(ঠ) ২ (ঘ), ২ (ঙ) এবং ৪ (ঞ) অনুচ্ছেদে বর্ণিত প্রকল্পসমূহ পিআইসি গঠন ও অনুমোদনসহ উপজেলা নির্বাহী অফিসার উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার সহায়তায় পরিপত্র অনুসারে বাস্তবায়ন করবেন। বিশেষ প্রকল্পসমূহের পিআইসি গঠন ও অনুমোদনের ক্ষেত্রেও সাধারণ প্রকল্পের বিধান প্রযোজ্য হবে;

(ড) জেলা কর্ণধার কমিটি দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর হতে বরাদ্দ পাওয়ার পর উপজেলা হতে প্রাপ্ত প্রকল্পসমূহের অগ্রাধিকার তালিকা চূড়ান্ত অনুমোদন প্রদান করবে এবং ইউনিয়ন ভিত্তিক প্রকল্পের বিপরীতে খাদ্যশস্য/নগদ টাকা বরাদ্দ প্রদান করবে;

(ঢ) প্রকল্প প্রণয়নকালে উপজেলা কমিটি গৃহীত প্রকল্পটি অন্য কোন সংস্থা/এজেন্সি কর্তৃক বাস্তবায়নের জন্য গৃহীত হয়নি মর্মে নিশ্চিত হবে;

(ণ) ইউনিয়ন হতে প্রাপ্ত প্রকল্পসমূহ যাচাই-বাছাই ও প্রত্যয়নের লক্ষ্যে প্রয়োজনবোধে উপজেলা নির্বাহী অফিসার একটি উপ-কমিটি গঠন করতে পারবেন এবং প্রয়োজনে তাহা জেলা কর্ণধার কমিটিতে পেশ করতে হবে;

২.৬ যাচাই-বাছাই উপ কমিটি

উপজেলা নির্বাহী অফিসার	-	সভাপতি
উপজেলা প্রকৌশলী	-	সদস্য
পানি উন্নয়ন বোর্ডের প্রতিনিধি (যদি থাকে)	-	সদস্য
জেলা পরিষদের প্রতিনিধি	-	সদস্য
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের প্রতিনিধি	-	সদস্য
এনজিও প্রতিনিধি (যদি থাকে)	-	সদস্য
সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান	-	সদস্য
ফিল্ড সুপারভাইজার	-	সদস্য
উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা	-	সদস্য সচিব

(ত) প্রস্তাবিত প্রকল্প কারিগরি ত্রুটিমুক্ত, অন্যকোন সংস্থা বা কর্মসূচির আওতায় তা বাস্তবায়নের জন্য গৃহীত হয়নি এবং প্রকল্পের নগদায়ন অংশের (যদি থাকে) প্রাক্কলন যথাযথভাবে করা হয়েছে মর্মে কমিটিকে প্রত্যয়ন করতে হবে;

(থ) চূড়ান্ত অনুমোদিত তালিকা ব্যাপক প্রচারের জন্য সকল ইউপি মেম্বার, সামাজিক প্রতিষ্ঠানের প্রধান, শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান প্রমুখকে প্রদান করা যেতে পারে এবং ইউপি নোটিশবোর্ডে প্রচার করা যেতে পারে;

(দ) ইউনিয়ন গ্রোথ সেন্টারে সাইনবোর্ডে প্রকল্প তালিকা প্রচার করা যেতে পারে;

(ধ) ইউনিয়ন কমিটির সভায় প্রকল্প বাছাই এবং প্রকল্পের অগ্রগতি মনিটর করতে হবে;

(ন) যে সকল নির্বাচনী এলাকার সংসদ সদস্যের পদ শূন্য বা মাননীয় সংসদ সদস্য বহিঃবাংলাদেশ ছুটি ভোগরত বা মামলায় জড়িত থেকে পলাতক বা জেল হাজতে আছেন, সে সকল নির্বাচনী এলাকার অনুকূলে বরাদ্দকৃত খাদ্যশস্য/নগদ টাকা সংশ্লিষ্ট জেলা প্রশাসক পরিপত্র অনুসরণে উপজেলা নির্বাহী অফিসারের নিকট হতে প্রকল্প তালিকা সংগ্রহ করে একটি অগ্রাধিকার তালিকা প্রস্তুতক্রমে জেলা কর্ণধার কমিটিতে অনুমোদনের জন্য উপস্থাপন করবেন।

(প) মাটির কাজের প্রকল্প গ্রহণের ক্ষেত্রে আরও যে সকল বিষয় গুরুত্ব প্রদান করতে হবে তা হল,

(১) পানি নিষ্কাশনের পর্যাপ্ত ব্যবস্থা রেখে প্রকল্প গ্রহণ করতে হবে;
(২) জলাবদ্ধতা সৃষ্টি করে এমন কোন প্রকল্প গ্রহণ করা যাবে না;
(৩) সরকারি খাস জমি বা রাস্তার পার্শ্বস্থিত খাল খনন/পুর্নখননের বিষয়টি বিবেচনায় রাখতে হবে;
(৪) পুকুর/জলাশয় ভরাটের কোন প্রস্তাব গ্রহণ করা যাবে না; এবং
(৫) বন্যার ঝুঁকি হ্রাসের লক্ষ্যে বাঁধ নির্মাণ/সংস্কারে অগ্রাধিকার দিতে হবে।

(ফ) সোলার প্যানেল স্থাপন সংক্রান্ত প্রকল্প গ্রহণের ক্ষেত্রে যে সকল বিষয়ে গুরুত্ব প্রদান করতে হবে তা হল,

(১) পর্যাপ্ত ও নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সুবিধা নাই এমন প্রতিষ্ঠানেও ঐ ধরনের প্রকল্প গ্রহণ করা যাবে;
(২) আদর্শ গ্রাম/আশ্রয়ণ প্রকল্পে এই ধরনের প্রকল্প গ্রহণকে অগ্রাধিকার দিতে হবে;

(ব) নিবন্ধিত এতিমখানা, ছাত্রাবাস ইত্যাদি স্থানে প্রয়োজনীয় উপকরণের যোগান থাকলে বায়োগ্যাস প্ল্যান্ট স্থাপনের প্রকল্প গ্রহণ করা যাবে।

২.৭ প্রকল্প প্রতি খাদ্যশস্য/নগদ টাকার বরাদ্দসীমা

(ক) মাটির কাজের ক্ষেত্রে একটি প্রকল্পের জন্য সর্বনিম্ন বরাদ্দ হবে ০৮ (আট) মে. টন চাউল অথবা ০৯ (নয়) মে. টন গম অথবা ০৮ (আট) মে. টন চালের অর্থনৈতিক মূল্যের সমপরিমাণ টাকা, গম এবং চাউলের অর্থনৈতিক মূল্য অর্থ মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত হবে। উল্লেখ্য যে, ইউনিয়নওয়ারি বিভাজনে কোন ইউনিয়ন সর্বনিম্ন সিলিং ০৮ (আট) মে. টন চাউল অথবা ০৯ (নয়) মে. টন গম অথবা ০৮ (আট) মে. টন চালের অর্থনৈতিক মূল্যের সমপরিমান টাকা অপেক্ষা কম পরিমাণ খাদ্যশস্য প্রাপ্ত হলেও সর্বনিম্ন হারে অন্তত ১টি প্রকল্প গ্রহণ করতে হবে;

(খ) মাটির কাজের ক্ষেত্রে খাদ্যশস্য দ্বারা গৃহীত প্রকল্পের মাটির কাজের সাথে অন্যান্য নির্মাণ/মেরামতের কাজের যেখানে নির্মাণ সামগ্রী ব্যবহারের প্রয়োজন হবে সে সকল কাজে যেমন- শিক্ষা প্রতিষ্ঠান, ধর্মীয় প্রতিষ্ঠান, পাইপ কালভার্ট, ব্রিজ এপ্রোচ মেরামত ইত্যাদির জন্য গম/চাউল নগদায়ন করা যাবে। এক্ষেত্রে ৪(ঙ) অনুচ্ছেদ প্রযোজ্য হবে। তবে এ কাজের জন্য বিক্রিত গম/চালের মূল্য সরকার কর্তৃক নির্ধারিত অর্থনৈতিক মূল্যের কম হতে পারবে না।

(গ) সোলার সিস্টেম ও বায়োগ্যাস প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে বরাদ্দকৃত খাদ্যশস্য সম্পূর্ণ বিক্রয় করে নগদায়ন করতে হবে।

২.৮ প্রকল্পের ডিজাইন/নমুনা

২.৮.১. রাস্তা/রাস্তা-কাম বাঁধের ডিজাইন/নমুনা রাস্তা/রাস্তা-কাম বাঁধের ডিজাইন/নমুনা নিম্নোক্তভাবে অনুসরণ করতে হবে,

ক) উপরিভাগের প্রস্থ : রাস্তার উপরিভাগের প্রস্থ হবে সর্বনিম্ন ২.৫ মিটার;

খ) রাস্তার উচ্চতা : রাস্তার উচ্চতা নির্ধারণের ক্ষেত্রে ঐ অঞ্চলের সর্বোচ্চ বন্যার (Flood Level) স্তরের উপর কমপক্ষে .৭৫ মিটার হতে হবে। স্থানীয় পরিস্থিতি ও ভৌগোলিক অবস্থাভেদে ইহা শিথিলযোগ্য হবে,

গ) সাইড স্লোপ : সর্বোচ্চ সাইড স্লোপ মাটির প্রকারভেদের উপর নির্ভর করবে। নিম্নে মাটির প্রকারভেদ হিসাবে সাইড স্লোপ উল্লেখ করা হল :

১. কাদা মাটি	:	১:৩
২. পলিযুক্ত কাদা মাটি	:	১:১.৫
৩. কাদামুক্ত পলিপাটি	:	১: ১.৫
৪. পলিমাটি	:	১:২
৫. বালিমাটি	:	১:৩

ঘ) বার্ম : প্রয়োজনে রাস্তার প্রকারভেদে রাস্তার তলদেশের উভয় পার্শ্বে ন্যূনতম ৩-৫ ফুট (০.৭৫-১.৫ মিটার) বার্ম রাখত হবে।

ঙ) মাটির ভরাট প্রকল্পের ক্ষেত্রে নিকটবর্তী স্থায়ী সমতলকে Reference Level (RL)ধরে প্রাক ও কর্মোত্তর জরিপ হিসাব করতে হবে;

চ) মাটির প্রাপ্যতা বিবেচনায় লিডের সংখ্যা ১০ টি পর্যন্ত অনুমোদন করা যাবে;

ছ) হাওর, বাওর ও উপকূলবর্তী এলাকার বাঁধ, রাস্তা, খাল ও পুকুর ইত্যাদি প্রকল্পের মাটির কাজের ক্ষেত্রে স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় কর্তৃক সরবরাহকৃত ম্যানুয়্যাল অনুসরণ করতে হবে।

২.৮.২. সোলার সিস্টেম এর ডিজাইন/নমুনা

ক) সোলার সিস্টেম স্থাপনের ক্ষেত্রে মানসম্মত প্রয়োজনীয় যন্ত্রপাতি ব্যবহার করতে হবে;

খ) বাস্তব অবস্থা বিবেচনা করে প্রয়োজনীয় ক্ষমতা ও ডিজাইন সম্পন্ন সোলার সিস্টেম হোম সোলার, সোলার স্ট্রিট লাইট স্থাপন করতে হবে।

২.৯ গ্রামীণ অবকাঠামো সংস্কার কর্মসূচি বাস্তবায়নের জন্য কমিটিসমূহ

২.৯.১ ক) জেলা কর্ণধার কমিটি

১।	জেলার সকল মাননীয় সংসদ সদস্য	উপদেষ্টা
২।	জেলা প্রশাসক	সভাপতি
৩।	পুলিশ সুপার	সদস্য
৪।	উপজেলা পরিষদ চেয়ারম্যান (সকল)	সদস্য
৫।	উপজেলা নির্বাহী অফিসার (সকল)	সদস্য
৬।	পৌরসভার মেয়র (সকল)	সদস্য
৭।	উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর	সদস্য
৮।	নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড	সদস্য
৯।	নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর	সদস্য
১০।	জেলা দূর্নীতি দমন কর্মকর্তা (উপ পরিচালক/সহকারী পরিচালক পর্যায়)	সদস্য
১১।	জেলা খাদ্য নিয়ন্ত্রক	সদস্য
১২।	জেলা মৎস্য কর্মকর্তা	সদস্য
১৩।	বিভাগীয় বন কর্মকর্তা	সদস্য
১৪।	উপপরিচালক, সমাজ সেবা অধিদপ্তর	সদস্য
১৫।	উপপরিচালক, জেলা যুব উন্নয়ন অধিদপ্তর	সদস্য
১৬।	জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা	সদস্য
১৭।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (সকল)	সদস্য
১৮।	জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা	সদস্য সচিব

২.৯.২ জেলা কর্ণধার কমিটির কর্মপরিধি

(ক) উপজেলা পর্যায়ে প্রণীত সকল গ্রামীণ অবকাঠামো সংস্কার কর্মসূচির প্রকল্প পর্যালোচনা ও অনুমোদন;
অনুমোদিত প্রতিটি প্রকল্পের বিপরীতে খাদ্যশস্য/ নগদ টাকার বরাদ্দ আদেশ জারী করণ;
জেলাধীন গ্রামীণ অবকাঠামো সংস্কার কর্মসূচির বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও উহার সুষ্ঠু বাস্তবায়ন নিশ্চিত করার ব্যবস্থাকরণ;

(খ) উপজেলা কর্তৃক প্রকল্পের বিপরীতে ছাড়কৃত খাদ্যশস্য/ নগদ টাকার সঠিক ব্যবহার হচ্ছে কিনা এবং শ্রমিকদেরকে তাদের ন্যায্য পারিশ্রমিক প্রদান করা হচ্ছে কিনা এর নিশ্চয়তা বিধান;

(গ) উপরোক্ত কোন প্রতিবন্ধকতা বা ত্রুটি নজরে আসলে প্রতিবিধানের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরকে প্রয়োজনে উপযুক্ত পদক্ষেপ প্রহণের জন্য সুপারিশ প্রদান;

(ঘ) এই কর্মসূচির আওতায় মঞ্জুরীকৃত সম্পদের আত্মসাৎ/অপচয় রোধ করার জন্য সতর্ক থাকা এবং এতদসংক্রান্ত প্রতিটি অভিযোগের তদন্ত করে এর উপর অতিসত্বর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা;

(ঙ) বিচারাধীন মামলাসমূহের বিচার ত্বরান্বিত করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

(চ) প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি,পরিবীক্ষণ ও মূল্যায়নের নিমিত্ত প্রতি মাসে কমপক্ষে একবার বৈঠকে বসা এবং মাসিক অগ্রগতি প্রতিবেদন দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে প্রেরণ;

(ছ) অন্যান্য সভার সাথে একত্রে এই সভা অনুষ্ঠিত না করে যথেষ্ট সময় নিয়ে পৃথকভাবে সভা অনুষ্ঠিত করা;

(জ) সকল প্রকার তালিকা প্রাপ্তির পর সভা অনুষ্ঠানের প্রবণতা পরিহার করে নির্ধারিত তারিখের মধ্যে যেসব প্রকল্প তালিকা পাওয়া যাবে তাহা নিয়ে সভা অনুষ্ঠান করে প্রকল্প অনুমোদন করা;এবং

(ঝ) দুই সভার মধ্যবর্তী সময়ে উপজেলা হতে প্রকল্প তালিকা পেলে পরবর্তী সভার অনুমোদন সাপেক্ষে তা অনুমোদন করা।

খ) গ্রামীণ অবকাঠামো সংস্কার সংক্রান্ত উপজেলা কমিটি

১।	স্থানীয় মাননীয় সংসদ সদস্য	উপদেষ্টা
২।	উপজেলা পরিষদ চেয়ারম্যান	সভাপতি
৩।	উপজেলা নির্বাহী অফিসার	সহ সভাপতি
৪।	উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান	সদস্য
৫।	উপজেলা প্রকৌশলী	সদস্য
৬।	উপজেলা কৃষি কর্মকর্তা	সদস্য
৭।	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা	সদস্য
৮।	উপজেলা সমাজ সেবা কর্মকর্তা	সদস্য
৯।	উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা	সদস্য
১০।	উপজেলা মৎস্য কর্মকর্তা	সদস্য
১১।	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক	সদস্য
১২।	উপ-সহকারী প্রকৌশলী (জ.স্বা.প্র)	সদস্য
১৩।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা	সদস্য
১৪।	উপজেলার সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান	সদস্য
১৫।	উপজেলার ২জন গণ্যমান্য ব্যক্তি,১জন শিক্ষক ও ১জন মহিলাসহ সর্বমোট ৪জন (উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত)	সদস্য
১৬।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা	সদস্য সচিব

২.৯.৩ গ্রামীণ অবকাঠামো সংস্কার সংক্রান্ত উপজেলা কমিটির কর্মপরিধি

১. অর্থ বছরের শুরুতে নির্ধারিত সময়ে ইউনিয়ন ভিত্তিক প্রকল্পের অগ্রাধিকার তালিকা প্রস্তুত করে জেলা কর্ণধার কমিটিতে প্রেরণ;

২. প্রাপ্ত খাদ্যশস্য/নগদ টাকা নির্ধারিত অনুপাতে ইউনিয়ন ভিত্তিক বরাদ্দ নিশ্চিত করা;

৩. সম্পদ/নগদ টাকার সুষ্ঠু ব্যবহার, যাবতীয় প্রতিবেদন প্রণয়ন, প্রাপ্ত ও ব্যয়িত খাদ্যশস্য/নগদ টাকার হিসাব সংরক্ষণ নিশ্চিত করা;

৪. নির্ধারিত সময়ের মধ্যে সকল প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়ন ও তদারকির মাধ্যমে বরাদ্দকৃত খাদ্যশস্য/নগদ টাকার সঠিক ব্যবহার নিশ্চিত করা;

৫. সরকারি কর্মকর্তাগণের পরিবীক্ষণ ও তদন্ত প্রতিবেদন এবং সুপারিশসমূহ পর্যালোচনা করা এবং যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ;

৬. কাজের মৌসুমে প্রতিমাসে প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতির উপর প্রতিবেদন প্রস্তুত করে তা জেলা প্রশাসক এবং দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে প্রেরণ করা;

৭. কমিটি সভায় মাননীয় উপদেষ্টাসহ সকল সদস্যকে উপস্থিত থাকবার জন্য আমন্ত্রণ পত্র/নোটিশ প্রাপ্তি নিশ্চিত করা;

৮. সকল প্রকল্প তালিকা প্রাপ্তির পর সভা অনুষ্ঠানের প্রবণতা পরিহার করে নির্ধারিত তারিখের মধ্যে যে সকল প্রকল্প তালিকা পাওয়া যাবে তা নিয়ে সভা অনুষ্ঠান করে প্রকল্প অনুমোদন করা;

৯. দুই সভার মধ্যবর্তী সময়ে ইউনিয়ন হতে প্রকল্প তালিকা পেলে পরবর্তী সভার অনুমোদন সাপেক্ষে তা অনুমোদন করা;

১০. ইউনিয়ন কমিটির সভা অনুষ্ঠান নিশ্চিত করার লক্ষ্যে উপজেলা কমিটির প্রতিনিধি ইউনিয়ন কমিটির সভায় থাকার ব্যবস্থা করা এবং

১১. পরিপত্রের নির্দেশনা অনুসরণ করে পিআইসি গঠিত হয়েছে কিনা তাহা নিশ্চিত হয়ে পিআইসি অনুমোদন করা।

গ) গ্রামীণ অবকাঠামো সংস্কার সংক্রান্ত ইউনিয়ন কমিটি

১. চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ	সভাপতি
২. ইউনিয়ন পরিষদের সকল সদস্য/সদস্যা	সদস্য
৩. ইউনিয়ন উপসহকারী কৃষি কর্মকর্তা	সদস্য
৪. ইউনিয়ন পরিবার পরিকল্পনা পরিদর্শক	সদস্য
৫. বিআরডিবি মাঠ সহকারী	সদস্য
৬. ইউনিয়নের ১ জন শিক্ষক, ১ জন মহিলা প্রতিনিধি, সংরক্ষিত মহিলা ওয়ার্ডের ৩ জন গণ্যমান্য ব্যক্তি (উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত)	সদস্য
৭. ইউনিয়ন পরিষদ সচিব	সদস্য সচিব

২.৯.৪ গ্রামীণ অবকাঠামো সংস্কার সংক্রান্ত ইউনিয়ন কমিটির কর্মপরিধি

১. ইউপি সদস্য/সদস্যা কর্তৃক দাখিলকৃত প্রকল্পের অগ্রাধিকার তালিকা প্রণয়নপূর্বক সুপারিশসহ তা উপজেলা কমিটিতে অনুমোদনের জন্য প্রেরণ করা। সর্বসাধারণের অবগতির জন্য প্রণীত তালিকা ইউনিয়ন পরিষদের নোটিশ বোর্ডে প্রচার করা;
২. প্রকল্পসমূহের বরাদ্দকৃত খাদ্যশস্যের/নগদ টাকার সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করা;
৩. প্রতিমাসে প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতির উপর প্রতিবেদন প্রস্তুত করে উপজেলা কমিটির নিকট প্রেরণ করা;
৪. বাস্তবায়িত প্রকল্পসমূহের সমাপ্তি প্রতিবেদন উপজেলা কমিটির নিকট প্রেরণ করা;
৫. প্রতিমাসে কমপক্ষে একবার সভায় মিলিত হয়ে কর্মসূচির সুষ্ঠু বাস্তবায়ন নিশ্চিত করা;
৬. প্রত্যেক সভার নোটিশ উপজেলা নির্বাহী অফিসারের নিকট প্রেরণ করে উপজেলা কমিটির প্রতিনিধি প্রেরণের অনুরোধ জানানো;
৭. প্রকল্পের কাজ শুরুর পূর্বেই প্রতিটি প্রকল্পের সাইন বোর্ড স্থাপন নিশ্চিত করা এবং
৮. সর্বাধিক জনগণের সমাগম হয় এমন ইউনিয়ন গ্রোথ সেন্টারে সকলের অবগতির জন্য ইউনিয়নের সকল প্রকল্পের তালিকার সাইন বোর্ড স্থাপন।

ঘ) প্রকল্প বাস্তবায়ন কমিটি

১. অনুমোদিত প্রকল্পসমূহ প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায়ন করতে হবে;

২. সাধারণ বরাদ্দের ক্ষেত্রে ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রকল্প বাস্তবায়ন কমিটি গঠন করতে হবে এবং অনুমোদনের জন্য সভার কার্যবিবরণীসহ উপজেলা গ্রামীণ অবকাঠামো সংস্কার কমিটির নিকট দাখিল করতে হবে। উপজেলা কমিটি দাখিলকৃত প্রকল্প কমিটি চূড়ান্তভাবে অনুমোদন করবে। কোন বিষয়ে দ্বিমত সৃষ্টি হলে উপজেলা কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে

৩. প্রকল্প বাস্তবায়ন কমিটির সকল সদস্যকে অবশ্যই ইউনিয়নের অধিবাসী হতে হবে। প্রত্যেক কমিটিতে অন্তত:পক্ষে একজন মহিলা সদস্য থাকবেন। চেয়ারম্যানসহ কমিটির সদস্য সংখ্যা ০৫ জন হবে। স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, প্রকল্প সংশ্লিষ্ট ওয়ার্ড মেম্বার, সংশ্লিষ্ট ওয়ার্ডের মহিলা মেম্বারগণের মধ্য হতে প্রকল্প চেয়ারম্যান মনোনীত হবেন। তবে কোন কারণে সংশ্লিষ্ট চেয়ারম্যান/মেম্বার অনুপস্থিত থাকলে ইউনিয়ন পরিষদ কর্তৃক সিদ্ধান্তের মাধ্যমে অন্য কোন মেম্বারকে প্রকল্প চেয়ারম্যান হিসেবে মনোনয়ন দেওয়া যেতে পারে

৪. কমিটিতে প্রকল্প সংশ্লিষ্ট ওয়ার্ডের নিকটবর্তী কোন ওয়ার্ডের যে কোন একজন নির্বাচিত সদস্য, স্কুল শিক্ষক(বেসরকারি) ও আনসার ভিডিপির সদস্য থাকবেন;

৫. জনকল্যাণমূলক প্রতিষ্ঠানের প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক ৫ সদস্যের একটি প্রকল্প বাস্তবায়ন কমিটি গঠন করতে হবে। এই ক্ষেত্রে প্রতিষ্ঠানের প্রধানকে বা অন্য কোন সদস্যকে প্রকল্প কমিটির সভাপতি করা যাবে। অন্য ৪ সদস্য পরিচালনা কমিটি নির্বাচন করবে। শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানকে সভাপতি করা যাবে। শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে সভাপতি করা হলে অন্য কোন শিক্ষককে সদস্য সচিব করা যাবে, তবে উভয় ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসারের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে;

৬. প্রকল্প বাস্তবায়ন কমিটিতে সদস্য হিসাবে অন্তর্ভূক্তির বিষয়ে সম্মতি আছে কিনা এর প্রমাণস্বরূপ প্রকল্প বাস্তবায়ন কমিটির প্রস্তাব ফরমে (সংলগ্নী-১) সকলের স্বাক্ষর থাকবে। প্রকল্প বাস্তবায়ন কমিটির সভাপতি এবং সদস্য সচিবের ছবি এবং ভোটার আইডি কার্ডের ফটোকপি এই ফরমের সাথে সংযুক্ত করতে হবে। উক্ত ফরম একই সাথে সদস্যদের নমুনা স্বাক্ষরের ফরম হিসাবে বিবেচিত হবে।

প্রতিটি প্রকল্পের জন্য একটি করেপ্রকল্প বাস্তবায়ন কমিটি গঠন করতে হবে। কিন্তু কোন একটি প্রকল্প যদি একাধিক ইউনিয়ন অতিক্রম করে তবে একটি প্রকল্পের একাধিক প্রকল্প বাস্তবায়ন কমিটি অর্থাৎ প্রতিটি ইউনিয়নের জন্য একটি করে কমিটি গঠন করা যাবে। একাধিক ইউনিয়ন ব্যাপী প্রকল্পের ক্ষেত্রে কোন ইউনিয়নের অংশে খাদ্যশস্যের পরিমাণ ৫০.০০০ মে. টনের বেশি হলে সে ইউনিয়ন অংশের জন্য জেলা কর্ণধার কমিটির অনুমোদনক্রমে একাধিক প্রকল্প বাস্তবায়ন কমিটি গঠন করা যাবে। একই ইউয়নাধীন কোন একটি প্রকল্পের ক্ষেত্রে খাদ্যশস্যের বরাদ্দের পরিমাণ ৫০.০০০ মে: টনের বেশি হলে সে প্রকল্পের জন্য সংশ্লিষ্ট জেলা কর্ণধার কমিটির অনুমোদনক্রমে একাধিক প্রকল্প বাস্তবায়ন কমিটি গঠন করা যাবে।

৮. একই অর্থ বছরে কোন ইউনিয়নে ৩ টির অধিক গ্রামীণ অবকাঠামো সংস্কার প্রকল্প থাকলে কমপক্ষে একটি প্রকল্পের চেয়ারম্যান মহিলা চেয়ারম্যান বা সদস্যাদের মধ্য হতে হবে।

৯. কোন অবস্থাতেই এক ব্যক্তি ২ (দুই) টির বেশি গ্রামীণ অবকাঠামো সংস্কার কর্মসূচির প্রকল্প চেয়ারম্যান হতে পারবেন না এবং কোন সরকারি কর্মচারী প্রকল্প কমিটির অন্তর্ভূক্ত থাকতে পারবেন না। তবে কোন সরকারি প্রতিষ্ঠানে খাদ্যশস্য/নগদ টাকা বরাদ্দ করা হলে ঐ প্রতিষ্ঠানের প্রধান/মনোনীত প্রতিনিধি প্রকল্প কমিটির সদস্য-সচিব হতে পারবে।

১০. ইতোপূর্বে গ্রামীণ অবকাঠামো সংস্কার/রক্ষণাবেক্ষণ/ভিজিডি/ভিজিএফ কর্মসূচির, খাদ্যশস্য, ত্রাণ সামগ্রী বা অর্থ ও মালামালসহ কোন প্রকার সরকারি সম্পদ আত্মসাতের অপরাধে যাদের বিরুদ্ধে মামলা চলছে অথবা অভিযুক্ত হিসাবে যাদের বিরুদ্ধে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কিংবা দূর্নীতি দমন কমিশন কর্তৃক তদন্ত অনুষ্ঠিত হচ্ছে অথবা সরকার কর্তৃক অনুষ্ঠিত তদন্তে জনগণের সম্পত্তি অপব্যবহার বা আত্মসাত করেছে বলে প্রমাণ পাওয়া গেছে তাদেরকে এ কমিটিতে কোনক্রমেই প্রকল্প চেয়ারম্যান/সদস্য হিসাবে মনোনীত করা যাবে না।

১১. যদি কেহ পূর্ববর্তী বৎসরের গ্রামীণ অবকাঠামো সংস্কার কর্মসূচির প্রকল্পে ব্যয়িত খাদ্যশস্যের/নগদ টাকার হিসাব অর্থাৎ মাস্টাররোল/বিল ভাউচারসহ অন্যান্য কাগজপত্রাদি দাখিল না করে থাকেন অথবা ব্যয়িত খাদ্যশস্যের/নগদ টাকার সামঞ্জস্যপূর্ণ কাজের হিসাব সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিকট বুঝাতে অসমর্থ হয়ে থাকেন তবে তাহাকে প্রকল্প বাস্তবায়ন কমিটির চেয়ারম্যান/সদস্য হিসাবে মনোনীত করা যাবে না।

১২. যদি কোন প্রকল্পের ক্ষেত্রে প্রকল্প বাস্তবায়ন কমিটি গঠন উপরোক্ত নিয়মের পরিপন্থী হয় তাহা হলে সংশ্লিষ্ট প্রকল্প সাময়িকভাবে স্থগিত বা বাতিল করা যেতে পারে।

১৩. প্রকল্প তালিকা উপজেলায় প্রেরণের সময় পিআইসি গঠন করে প্রেরণ করতে হবে।

১৪. সোলার সিস্টেম/বায়োগ্যাস কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে প্রকল্প বাস্তবায়ন কমিটি গঠন করে প্রকল্প বাস্তবায়ন করতে হবে।

২.৯.৫ সর্দার ও সুপারভাইজারের দায়িত্ব ও কর্তব্য

(১) খাদ্যশস্য/নগদ টাকা প্রকল্পের ক্ষেত্রে সর্দার বলতে কর্মরত শ্রমিক সর্দারকে বুঝাবে। তিনি দলীয় শ্রমিকদের দ্বারা মনোনীত হবেন, প্রকল্প কমিটি কর্তৃক নয়। তিনি শ্রমিকদের সাথে মাটির কাজ করলে মজুরীর অংশ পাবেন। অন্যথায় তিনি শুধুমাত্র সর্দারি প্রাপ্য হবেন।

(২) সুপারভাইজার বলতে প্রকল্প বাস্তবায়ন কমিটি কর্তৃক সাময়িকভাবে নিয়োজিত ব্যক্তিকে বুঝাবে। প্রকল্প বাস্তবায়ন কমিটির প্রথম সভায় এই সুপারভাইজার নিয়োগ অনুমোদনপূর্বক সুপারভাইজারের নাম ও ঠিকানা কার্যবিবরণীতে লিপিবদ্ধ করতে হবে। সর্দারসহ প্রায় ১০০ জন শ্রমিকের একটি দলের কাজ তত্ত্বাবধানের দায়িত্ব সাধারণত একজন সুপারভাইজারের উপর ন্যস্ত থাকবে।

২.৯.৬ সুপারভাইজারের দায়িত্ব নিম্নরূপ

১. শ্রমিকদের পরিচালনা করা,
২. প্রকল্প কমিটিকে মাল গ্রহণে সহায়তা করা,
৩. নির্ধারিত ডিজাইন ও নির্দেশ মোতাবেক কাজের নিশ্চয়তা বিধান,
৪. শ্রমিকদের পাওনা পরিশোধের সময় উপস্থিত থাকা,
৫. প্রকল্প বাস্তবায়ন কমিটি কর্তৃক নির্ধারিত অন্যান্য দায়িত্ব পালন করা,
৬. সঠিকভাবে দায়িত্ব পালন না করলে তিনি পারিশ্রমিক পাবেন না।

২.৯.৭ মাটির কাজের ক্ষেত্রে মাপ ও মজুরি

গ্রামীণ অবকাঠামো সংস্কার কর্মসূচির অধীনে শ্রমিকদের মজুরির হার প্রতি ৭ (সাত) ঘন্টা কাজের বিনিময়ে ৮ (আ... চাল/গম ধার্য করা হয়েছে।

(ক) মাটির কাজের প্রকল্প প্রণয়নে দর তফশিল গম/চাল/নগদ টাকা দ্বারা গৃহীত মাটির কাজের প্রকল্প প্রণয়নে নিম্নবর্ণিত তফসিল অনুসরণ করতে হবে।

ক্র.নং	আইটেমের বিবরণ	একক	চাল/ সমমূল্যের গম (কেজি)	নগদ টাকার ক্ষেত্রে
০১	মূল মাটির কাজ স্বাভাবিক সব ধরনের রাস্তা, বাঁধ ইত্যাদি (প্রাথমিক লিড ৩০ মিটার এবং লিফট ১.৫০ মিটার) মাটি কাটা, উত্তোলন, বহন এবং ১৫০ মিমি স্তরে বিছানো পার্শ্ব ঢাল ও নির্ধারিত নির্দেশ মত সম্পন্নকরণ।	ঘনমিটার	২.৪৮৯	চালের সমমূল্যের টাকা
০২	অতিরিক্ত লিফট ১.৫০ মিটারের উর্ধ্বে প্রতি ১.০০ মিটার অথবা তার অংশ বিশেষের (০.৩০ মিটারের কম নহে) জন্য।	ঘনমিটার	০.৩৭৩	চালের সমমূল্যের টাকা
০৩	অতিরিক্ত লিডঃ ৩০ মিটারের উর্ধ্বে প্রতি ১৫ মিটার অথবা তার অংশ বিশেষের (৫.০০ মিটারের কম নহে) জন্য। সর্বোচ্চ ১০টি।	ঘনমিটার	০.৪৯৮	চালের সমমূল্যের টাকা
০৪	ম্যানুয়্যাল কম্প্যাকশন (মাটি দৃঢ়করণ) কাঠে হাতুড়ি, বাঁশের গুড়লি অথবা দুরমুজ দ্বারা ১৫০ মিমি স্তরে ঢেলা সরবরাহ ইত্যাদি যাবতীয় কাজ নিয়োজিত কর্মকর্তার নির্দেশমত সম্পন্নকরণ।	ঘনমিটার	০.৮০৯	চালের সমমূল্যের টাকা
০৫	লেভেলিং, ড্রেসিং, ক্যাম্বারিং, পার্শ্ব ঢাল ঠিককরণ ইত্যাদি যাবতীয় কাজ নিয়োজিত কর্মকর্তার নির্দেশ মত সম্পন্নকরণ।	ঘনমিটার	০.৪৩৬	চালের সমমূল্যের টাকা
০৬	টার্ফিং: কমপক্ষে ২২৫ বর্গ মিমি আয়তনের ঘাসের চাপড়া সরবরাহ করিয়া রাস্তা, বাঁধ ইত্যাদির পার্শ্ব ঢাল এবং উপরিভাগে স্থাপন করা এবং গজাইয়া না উঠা পর্যন্ত পানি সেচসহ যাবতীয় কাজ নিয়োজিত কর্মকর্তার নির্দেশ মত সম্পন্নকরণ।	ঘনমিটার	০.৬২২	চালের সমমূল্যের টাকা
০৭	পানি সেচ: প্রয়োজন অনুযায়ী মাটি কাটার স্থান হতে পানি নিস্কাশন এবং নিরাপদ দুরত্বে সরানোসহ যাবতীয় কাজ নিয়োজিত কর্মকর্তার নির্দেশমত সম্পন্নকরণ।	ঘনমিটার	১.২৪৫	চালের সমমূল্যের টাকা
০৮	মূল মাটির কাজ: স্বাভাবিক মাটির পুকুর, নালা ও সেচনালা ইত্যাদি মাটিকাটা প্রয়োজনীয় দুরত্বে সরানো, সরানো মাটি লেভেলিং, ড্রেসিং করা (প্রাথমিক লিড ২০ মিটার এবং লিফট ২.০০ মিটার) ইত্যাদি সকল কাজ নিয়োজিত কর্মকর্তার নির্দেশ মত সম্পন্নকরণ।	ঘনমিটার	৩.১২২	চালের সমমূল্যের টাকা
০৯	অতিরিক্ত লিফট: ২.০০ মিটারের উর্ধ্বে প্রতি ১.০ মিটার অথবা তার অংশ বিশেষের (০.৩০ মিটারের কম নহে) জন্য।	ঘনমিটার	০.৪৯৮	চালের সমমূল্যের টাকা
১০	অতিরিক্ত লিড: ২০ মিটারের উর্ধ্বে প্রতি ১০ মিটার অথবা তার অংশ বিশেষের (৩.০০ মিটারের কম নহে) জন্য।	ঘনমিটার	০.৬২২	চালের সমমূল্যের টাকা
১১	শক্ত, কাদা, বালি মাটির জন্য অতিরিক্ত।	ঘনমিটার	০.২৪৯	
১২	সুপারভিশন (তদারকি) এর জন্য।	ঘনমিটার	১%	১%
১৩	সর্দারের মজুরির জন্য।	ঘনমিটার	১%	১%

২.৯.৮ মাটির সংকোচন/ক্ষয়ক্ষতির হার

প্রকল্প সমাপনান্তে ২ (দুই) মাসের মধ্যে মাপ গ্রহণকালে মোট কর্তিত মাটির ১৫% হারে এবং পরবর্তী বৎসর আরো ১০% হারে হ্রাস যোগ করে মাটির সংকোচন ও ক্ষতির হার বিবেচনা করতে হবে। মাটির কাজের ম্যানুয়াল অনুযায়ী জলাভূমি/হাওর এলাকায় সম্পাদিত প্রকল্পের ক্ষেত্রে অতিরিক্ত ৫% হ্রাস যোগ হবে। প্রাকৃতিক দুর্যোগের জন্য বর্ণিত হার ক্ষতির মাত্রা অনুযায়ী বৃদ্ধি পাবে। সংশ্লিষ্ট জেলা কর্তৃপক্ষের সুপারিশক্রমে তাহা পরীক্ষা নিরীক্ষা করে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর এই মাত্রা নির্ণয় করতে পারবে।

২.৯.৯ প্রকল্পের সাইন বোর্ড

মাটির কাজের ক্ষেত্রে প্রত্যেক প্রকল্প এলাকায় নিম্নোক্ত তথ্যাদি সম্বলিত ১.৫২৪ মিটার×০.৯১৪ মিটার (৫ ফুট×৩ ফুট) আকারের বাংলায় লিখিত একটি সাইনবোর্ড স্থাপন করতে হবে। উপজেলা কমিটি এবং ইউনিয়ন পরিষদকে এর নিশ্চয়তা বিধান করতে হবে।

২.৯.১০ বাস্তবায়ন সময়সূচি

(ক) এই কর্মসূচির অধীনে গৃহিত প্রকল্পসমুহে মহাপরিচালক,দুর্যোগ ব্যবস্থপনা অধিদপ্তরের বরাদ্দ আদেশ প্রাপ্তির তারিখ হতে ৬০ (ষাট) দিনের মধ্যে প্রকল্পের কাজ সমাপ্ত করতে হবে;

(খ) জেলা প্রশাসক বরাদ্দ পাওয়ার ১০দিনের মধ্যে জেলা কর্ণধার কমিটির সভায় উপজেলা হতে প্রাপ্ত অগ্রাধিকার তালিকা চুড়ান্ত ও প্রকল্প ভিত্তিক সম্পদ/নগদ টাকা বরাদ্দ করে উপজেলা সমূহে উপ বরাদ্দ নিশ্চিত করবে;

(গ) জেলা কর্ণধার কমিটির অনুমোদন পাওয়ার ৫০ (পঞ্চাশ) দিনের মধ্যে উপজেলা কমিটি/ক্ষেত্র বিশেষ উপজেলা নির্বাহী অফিসার প্রকল্পের কাজ সমাপ্ত করবে ও সম্পদ/নগদ টাকা উত্তোলন শেষ করবে ;

(ঘ) বাস্তবায়ন সময়সীমা কঠোরভাবে অনুসরণ করতে হবে;

(ঙ) সরকারের ভিন্ন কোন নির্দেশ না থাকলে খাদ্যশস্য এবং নগদ টাকার প্রকল্পের ক্ষেত্রে নগদ টাকা দ্বারা মজুরি প্রদান করতে হবে;

(চ) প্রয়োজনে প্রকল্পের বাস্তবায়ন সময়সীমা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় বাড়াতে ও কমাতে পারবে এবং

(ছ) নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্প বাস্তবয়ন করা না হলে জারিকৃত বরাদ্দ বাতিল বলে গণ্য হবে।

২.১০ বিভাগ ওয়ারী চূড়ান্ত প্রতিবেদনের সারাংশ সিটঃ

২.১০.১ গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-খাদ্যশস-মেট্রিকটন) কর্মসুচির চুড়ান্ত প্রতিবেদনের সারাংশ সিটঃ

ক্রঃ নং	বিভাগের নাম	জেলার সংখ্যা	প্রকল্পের ধরণ	মোট বাস্তবায়িত প্রকল্পের সংখ্যা	বরাদ্দ (খাদ্যশস্য/ নগদ টাকা)	উত্তোলিত (খাদ্যশস্য/ নগদ টাকা)	ব্যয়িত (খাদ্যশস্য/ নগদ টাকা)	অব্যয়িত (খাদ্যশস্য/ নগদ টাকা)	সুফল ভোগীর সংখ্যা	অগ্রগতির হার (%)
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
১.	ঢাকা	১৩	উন্নয়ন খাদ্যশস্য	৪১৩৫	১৭২১৮.৯১৩৫	১৭২০৪.৫৭৬	১৭২০০.১৭৪	৪.৪০২	৭৯৩১৪২	৯৯
২.	ময়মনসিংহ	৪	উন্নয়ন খাদ্যশস্য	১৬২৮	৩৭৬৯৯.৬৮৮	৩৭৬৯৯.৬৮৮	৩৭৬৯৯.৬৮৮	০	৪৯৩৩৫৩৪	১০০
৩.	খুলনা	১০	উন্নয়ন খাদ্যশস্য	২৭০৮	২৩০৫০.৬৪৫৭	২৩০০৭.৫৫০১	২৩০০৫.৫৫	২.০০০	৩০৭১৫১২	৯৯.৯৯
৪.	চট্টগ্রাম	১১	উন্নয়ন খাদ্যশস্য	২৫৫১	৩৮৫৬৪.০৩৩৮	৩৮৪০২.২১১৭	৩৮৩৬৮.২১১৭	৩৪.০০০	৪৯৪৬৬২৫	৯৯.৬৬
৫.	রাজশাহী	৮	উন্নয়ন খাদ্যশস্য	২৫৫১	২৪৪৯৭.৩৪৯২	২৪৪৩৯.৮০১৭	২৪৪৩৯.৮০১৭	০	৩৬৭১৮২২	৯৯.৬৯
৬.	রংপুর	৮	উন্নয়ন খাদ্যশস্য	১৭৮২১	২৩৯৫৮.৯৫৫৮	২৩৯৪০.৩০৫৮	২৩৯৪০.৩০৫৮	২৫৯২	৩০৬৪৫৮৬	৯৯.৯২
৭.	বরিশাল	৬	উন্নয়ন খাদ্যশস্য	১৪৪৭	১৩৫৯৪.৮৬৯৯	১৩৩৪৪.৩৬৯২	১৩৩৪৪.৩৬৯২	০	১১৭৮৪২৭	৯৭.৩৩
৮.	সিলেট	৪	উন্নয়ন খাদ্যশস্য	১৫৩৪	১৩১৯৪.৬৩৮৪	১২৮৯৫.৬২৪৪	১২৮৮৩.৪২৪৪	১৩.৯৫	৭৭১৪৬৭	৯৬.৯৭
		৬৪		৩৪৩৭৫	১৯১৭৭৯.০৯৪৩	১৯০৯৩৪.১২৬৯	১৯০৮৮১.৫২৪৮	২৬৪৬.৩৫২	২২৪৩১১১৫	৯৭.৯৯

২.১০.২ গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা উন্নয়ন-সোলার) কর্মসুচির চূড়ান্ত প্রতিবেদনের সারাংশ সিটঃ

ক্রঃ নং	বিভাগের নাম	জেলার সংখ্যা	প্রকল্পের ধরণ	মোটবাস্তবায়িত প্রকল্পের সংখ্যা	বরাদ্দ (খাদ্যশস্য/ নগদ টাকা)	উত্তোলিত (খাদ্যশস্য/ নগদ টাকা)	ব্যয়িত (খাদ্যশস্য/ নগদ টাকা)	অব্যয়িত (খাদ্যশস্য/ নগদ টাকা)	সুফল ভোগীর সংখ্যা	অগ্রগতির হার (%)
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
১.	ঢাকা	১৩	উন্নয়ন	৫	৫৫৪১৮০৬৫.১৩	৫৫৪১৮০৬৫.১৩	৫৫৪১৮০৬৫.১৩	০	৩১২৮৮	৯৯
			সোলার	৪৭৮৯৬	১১১৬৯০৬০৬৪	১১১৬৯০০৯৫০.৫	১১১৬৯০০৮৩২.২৪	১১৮.২৬	৩২৭৭২৭৩	৯৮.৬৬
২.	ময়মনসিংহ	৪	উন্নয়ন	৮	৮১৩৩৭০৪	৮১৩৩৭০৪	৮১৩৩৭০৪	০	৩৬২৩	১০০
			সোলার	২৭২৪৫	৪৯৫০৭২৪৬৯.২	৪৯৪৯২৬০৪৫.২	৪৯৪৭১০০০২.২	২১৬০৪৩.০০	৩৮৪৪৭৪	৯৭.০০
৩.	চট্টগ্রাম	১১	উন্নয়ন	১৭	১৪১৮৪৫১৯.১৩	১৪১৮৪৫১৯.১৩	১৪১৮৪৫১৯.১৩	০	২৬৬৭০	১০০
			সোলার	৩৩৭৬০	১১৭০০২৬২০৮.০০	১১৪৯১৫৬০৩৯.০০	১১৪৯১৫১২০১.০০	৪৮৩৮.০০	২৯৯২৭৪৮	৯৮.২২
৪.	খুলনা	১০	উন্নয়ন	১২	১৪৫৩৬৫৯২.৩১	১৪৫৩৬৫৯২.৩১	১৪৫৩৬৫৯২.৩১	০	১১১৬৩	১০০
			সোলার	১২৫৫৭৪	৮৬১৯৫১৫৩৩.৭০	৮৫৮৪৫৮৭৭৫.০০	৮৫৬৯৩৫৪৪৯.০০	১৫২৩৩২৬.০০	১১৮৩৬৮৭	৯৯.৯৮
৫.	রাজশাহী	৮	সোলার	১৪৬৫৮	৭৩৯৫৭১৬৫৫.৬৯	৭৩৯৫৭১৬৫৫.৬৯	৭৩৯৫৭১৬৫৫.৬৯	০	২০৭৯৩৮৩	১০০
৬.	রংপুর	৮	উন্নয়ন	৩	৫২০০৭২৫.৬	৫২০০৭২৫.৬	৫২০০৭২৫.৬	০	১০৫২২	১০০
			সোলার	৪৭১০৭	৭৩৭৮০৮২৭৫.৬৯	৭৩৭৩৪৬৫৮৪.৪২	৭৩৭৩৪৬৫৮৪.৪২	০	১৯৪৫৪০৫	৯৯.৯০
৭.	বরিশাল	৬	উন্নয়ন	০১	৪০০০০০.০০	৪০০০০০.০০	৪০০০০০.০০	০	১০৫০	১০০
			সোলার	৪২৫৫২	১৬৫৮৪০৩৭৮৫.৭	১৬৫৬২৭২৬৪১.২	১৬৫৬২৭২৬৪১.২	০	১৫৮৩৬৬৭	১০০
ব্যাচ নং	প্রশিক্ষণের সময়	মোট প্রশিক্ষণার্থী
১ম	২২ সেপ্টেম্বর হতে ২৪ সেপ্টেম্বর ২০১৮	৪০ জন
২য়	০১ অক্টোবর হতে ০৩ অক্টোবর ২০১৮	৪০ জন
৩য়	০৫ অক্টোবর হতে ০৭ অক্টোবর ২০১৮	৪০ জন
৪র্থ	২১ অক্টোবর হতে ২৩ অক্টোবর ২০১৮	৪০ জন
৫ম	০৩ নভেম্বর হতে০৫ নভেম্বর ২০১৮	৪০ জন
৬ষ্ঠ	১১ নভেম্বর হতে ১৩ নভেম্বর ২০১৮	৪০ জন
৭ম	১৪ নভেম্বর হতে ১৬ নভেম্বর ২০১৮	৪০ জন
	মোট=	২৮০ জন



যুবক ও স্বেচ্ছাসেবকদের অগ্নিনিরাপত্তা বিষয়ক প্রশিক্ষণ

যুবক ও স্বেচ্ছাসেবকদের প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠান

০৭। বিপনীবিতান, দোকান মালিক ও কর্মকর্তা/ কর্মচারীদের অগ্নিনিরাপত্তা এবং নির্বাপন এবং ভূমিকম্প প্রস্তুতি বিয়য়ক প্রশিক্ষণ:

প্রশিক্ষণের নামঃ অগ্নিনিরাপত্তা ও নির্বাপন এবং ভূমিকম্প প্রস্তুতি বিয়য়ক প্রশিক্ষণ।

স্থানঃ জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ৯২/৯৩, মহাখালী, ঢাকা।

অংশগ্রহণকারীঃ বিপনীবিতান, দোকান মালিক ও কর্মকর্তা/ কর্মচারী

ব্যাচ নং	প্রশিক্ষণের সময়	মোট প্রশিক্ষণার্থী
১ম	০৯ অক্টোবর হতে ১১ অক্টোবর ২০১৮	৩০ জন
২য়	১৫ অক্টোবর হতে ১৭ অক্টোবর ২০১৮	৩০ জন
৩য়	২৪ অক্টোবর হতে ২৬ অক্টোবর ২০১৮	৩০ জন
৪র্থ	০৩ নভেম্বর হতে০৫ নভেম্বর ২০১৮	৩০ জন
৫ম	০৭ নভেম্বর হতে ০৯ নভেম্বর ২০১৮	৩০ জন
৬ষ্ঠ	১৪ নভেম্বর হতে ১৬ নভেম্বর ২০১৮	৩০ জন
৭ম	২২ নভেম্বর হতে ২৪ নভেম্বর ২০১৮	৩০ জন
	মোট=	২১০ জন

অগ্নিনিরাপত্তা ও নির্বাপন এবং ভূমিকম্প প্রস্তুতি বিয়য়ক প্রশিক্ষণ উদ্বোধনী অনুষ্ঠান (১ম ব্যাচ)।

অগ্নিনিরাপত্তা ও নির্বাপন এবং ভূমিকম্প প্রস্তুতি বিয়য়ক প্রশিক্ষণ উদ্বোধনী অনুষ্ঠান (২য় ব্যাচ)।

০৮. দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের জন্য PPR বিষয়ক প্রশিক্ষণ

স্থান ঃ জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

অংশগ্রহণকারী ঃ অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারী।

ব্যাচ নং	প্রশিক্ষণের সময়	মোট প্রশিক্ষণার্থী
১ম	১৫ সেপ্টেম্বর থেকে ১৭ সেপ্টেম্বর ২০১৮	২০ জন
২য়	৩১অক্টোবর থেকে ০২ অক্টোবর ২০১৮	২০ জন
৩য়	০১ ডিসেম্বর হতে ০৩ ডিসেম্বর ২০১৮	২০ জন
মোট=		৬০ জন

০৯. প্রশিক্ষণের নামঃ তথ্য অধিকার আইন, জনস্বার্থ সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা) আইন, জনস্বার্থ সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা) বিধিমালা সম্পর্কিত প্রশিক্ষণ।

স্থানঃ জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ৯২/৯৩, মহাখালী, ঢাকা।

অংশগ্রহণকারীঃ অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীগণ ।

ক্রমিক নং	ব্যাচ নং	প্রশিক্ষণের সময়	মোট প্রশিক্ষণার্থী
১	১ম	১৩ ফেব্রুয়ারী ২০১৯	২৫ জন
২	২য়	২১ মে ২০১৯	২৫ জন
৩	৩য়	২৯ মে ২০১৯	২৫ জন
৪	৪র্থ	২২ আগষ্ট ২০১৯	২৫ জন
৫	৫ম	২৫ আগষ্ট ২০১৯	২৫ জন
		মোট=	১২৫ জন

তথ্য অধিকার আইন, জনস্বার্থ সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা) আইন এবং জনস্বার্থ সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা) বিধিমালা সম্পর্কিত প্রশিক্ষণ (২য়ব্যাচ)।

১০. প্রশিক্ষণের নামঃ শুদ্ধাচার বাস্তবায়ন কৌশল, নিয়মিত উপস্থিতি বিধিমালা, সরকারি কর্মচারি বিধিমালা এবং সচিবালয় নির্দেশমালা সম্পর্কিত প্রশিক্ষণ কোর্স।

স্থানঃ জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

অংশগ্রহণকারীঃ কর্মকর্তা/কর্মচারীগণ ।

ক্রমিক নং	ব্যাচ নং	প্রশিক্ষণের সময়	প্রশিক্ষণার্থী
১	১ম	১১-১২ ফেব্রুয়ারী ২০১৯	২৫ জন
২	২য়	১৯-২০ মে ২০১৯	২৫ জন
৩	৩য়	২৬-২৭ মে ২০১৯	২৫ জন
মোট=			৭৫ জন



শুদ্ধাচার বাস্তবায়ন কৌশল, নিয়মিত উপস্থিতি বিধিমালা, সরকারি কর্মচারি বিধিমালা এবং সচিবালয় নির্দেশমালা সম্পর্কিত প্রশিক্ষণ।

১১. প্রশিক্ষণের নামঃ ইনোভেশন প্রশিক্ষণ।

স্থানঃ জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

অংশগ্রহণকারীঃ অধিদপ্তরের কর্মকর্তা/জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তাগণ।

ক্রমিকনং	ব্যাচ নং	প্রশিক্ষণের সময়	মোট প্রশিক্ষণার্থী
১	১ম	১৬-১৭ জুন ২০১৯	২০ জন
		মোট=	২০ জন

১২. প্রশিক্ষণের নামঃ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বিষয়ক প্রশিক্ষণ।

স্থানঃ জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

অংশগ্রহণকারীঃ অধিদপ্তরের কর্মকর্তা/জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তাগণ ।

ক্রমিকনং	ব্যাচনং	প্রশিক্ষণের সময়	মোট প্রশিক্ষনার্থী
১	১ম ব্যাচ	১৩-১৪ জুন ২০১৯	২০ জন
২	২য় ব্যাচ	১৫-১৬ জুন ২০১৯	২০ জন
		মোট=	৪০ জন

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বিষয়ক প্রশিক্ষণ ।

দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের তথ্য

৫.০ দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

৫.১ ভূমিকা

দুর্যোগ পরবর্তী জরুরি সাড়াদানের জন্য দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের কার্যক্রমের একটি বড় অংশ জুড়ে রয়েছে ত্রাণ ও মানবিক সহায়তা কর্মসূচি। এ ছাড়া দুর্যোগ ঝুঁকি হ্রাসের লক্ষ্যে এবং দরিদ্র ও সুবিধাবঞ্চিত মানুষের সক্ষমতা বৃদ্ধির জন্য খাদ্য নিরাপত্তাসহ প্রাক-দুর্যোগ পূর্ব-প্রস্তুতি, দুর্যোগকালীন ও দুর্যোগোত্তর অবস্থা মোবাবিলা, ত্রাণ-সামগ্রী বিতরণ, পুনর্বাসন কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন এবং গ্রামীণ অবকাঠামো সংস্কার ও রক্ষণাবেক্ষণ, গ্রামীণ এলাকায় ১৫ মিটার পর্যন্ত দীর্ঘ ব্রীজ-কালভার্ট নির্মাণ কর্মসূচি, ঘূর্ণিঝড় ও বন্যা আশ্রয় কেন্দ্র নির্মাণ, ব্যারাক হাউস নির্মাণ ও উপকূলীয় এলাকায় বহুমুখী ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র নির্মাণ এ অধিদপ্তরের মাধ্যমে বাস্তবায়ন করা হয়ে থাকে।

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে প্রাপ্ত সম্পদের সুষ্ঠু ও সঠিক ব্যবহার এবং গৃহীত যাবতীয় কর্মকান্ড যথাযথ বাস্তবায়নের উদ্দেশ্যে ১৯৮৩ সালে ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তর এবং ১৯৯১ সালে প্রলয়ঙ্করী জলোচ্ছ্বাসের পর জনগণের সচেতনতা বৃদ্ধির লক্ষে দুর্যোগ ব্যবস্থাপনা ব্যুরো সৃষ্টি করা হয়। দুর্যোগ ব্যবস্থাপনা আইন-২০১২ প্রণয়নের মাধ্যমে দুর্যোগ ব্যবস্থাপনা কার্যক্রমকে লক্ষ্যভিত্তিক, সমন্বিত ও শক্তিশালী করার কার্যক্রম গ্রহণ করা হয় এবং সাবেক ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তর এবং দুর্যোগ ব্যবস্থাপনা ব্যুরোকে একত্রিত করে ২০১২ সনে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর সৃষ্টি করা হয়।

৫.২ অধিদপ্তরের দায়িত্ব ও কার্যাবলি

ক) দুর্যোগ ঝুঁকিহ্রাস কর্মসূচি গ্রহণের মাধ্যমে বিভিন্ন প্রকার দুর্যোগের ক্ষতিকর প্রভাব সহনীয় পর্যায়ে নামিয়ে এনে সার্বিক দুর্যোগ লাঘব করা;

খ) দুর্যোগের কারণে ক্ষতিগ্রস্ত ও দুর্দশাগ্রস্ত জনগোষ্ঠীর জন্য জরুরি মানবিক সহায়তা, পুনরুদ্ধার ও পুনর্বাসন কর্মসূচি দক্ষতার সাথে পরিচালনা করা;

গ) দুর্যোগ ঝুঁকিহ্রাস ও জরুরি সারাদান কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট সরকারি ও বেসরকারি সংস্থাসমূহের কার্যক্রমসমূহকে সমন্বিত, লক্ষ্যভিত্তিক ও শক্তিশালী করা;

ঘ) দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ে সরকার কর্তৃক প্রদত্ত নির্দেশনা সুপারিশ ইত্যাদি বাস্তবায়ন করা;

ঙ) জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা নীতিমালা ও জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা বাস্তবায়ন করা;

চ) সকল ধরনের দুর্যোগ মোকাবিলায় কার্যকর দুর্যোগ ব্যবস্থাপনা কাঠামো গড়ে তুলবার লক্ষ্যে সমীচীন ও প্রয়োজনীয় বলে বিবেচিত অন্যান্য কার্যক্রম গ্রহণ করা।

৬.১ জনবল কাঠামো

একটি কার্যকর দুর্যোগ ব্যবস্থাপনা কাঠামো তৈরি করার বিষয়ে দুর্যোগ ব্যবস্থাপনা আইন-২০১২তে নির্দেশনা রয়েছে। সে লক্ষ্যে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর সৃষ্টি হওয়ার পর অধিদপ্তরের সংশোধিত জনবল কাঠামো তৈরির নিমিত্তে জনবল কাঠামোর একটি খসড়া দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ে অনুমোদনের প্রক্রিয়াধীন রয়েছে। বর্তমানে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের প্রধান কার্যালয়, জেলা এবং উপজেলা কাঠামোতে সর্বমোট ২,৭১২ জন কর্মকর্তা/কর্মচারির পদ রয়েছে; পদবিন্যাস নিম্নের ছকে দেখানো হলোঃ

ক্রমিক নং	পদের নাম ও গ্রেড	পদের সংখ্যা
১.	মহাপরিচালক (গ্রেড-২)	০১
২.	পরিচালক (৫ম/৩য়/২য়)	০৮
৩.	উপ পরিচালক (৫ম)	১৯
৪.	নির্বাহী প্রকৌশলী (৫ম)	০২
৫.	জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (৭ম)	৬৪
৬.	কম্পিউটার প্রোগ্রামার (৯ম)	০২
৭.	সহকারী পরিচালক (৯ম)	১৩
৮.	কমিউনিকেশন এন্ড মিডিয়া স্পেশালিষ্ট	০১
৯.	হিসাব রক্ষণ কর্মকর্তা	০১
১০.	গবেষণা কর্মকর্তা	০২
১১.	সহকারী প্রকৌশলী	০২
১২.	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (৯ম গ্রেড)	২০০
১৩.	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (১০ম গ্রেড)	৩০৭
১৪.	কর্মচারী (১১-২০ গ্রেড)	২০৮৬
	মোট =	২,৭১২

৬.২ বাজেট বরাদ্দ

দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের ৪৯৩২ কোডে ২০১৭-১৮ অর্থ বছরের বাজেট করা হয়। প্রধান কার্যালয়, জেলা ত্রাণ ও পুনর্বাসন কার্যালয় ও উপজেলা কার্যালয়ের বাজেট বিভাজন নিম্নে দেওয়া হলো :

৬.২.১ দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর (প্রধান কার্যালয়)

১.২ বাজেট বরাদ্দ

দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের ৪৯৩২ কোডে ২০১৮-১৯ অর্থ বছরের বাজেট পাওয়া যায়। দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর প্রধান কার্যালয়, জেলা ত্রাণ ও পুর্নবাসন কার্যালয় ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়ের বাজেট বিভাজন নিম্নে দেয়া হলো :

১.২.১. ২০১৮-১৯ অর্থ বছরে বাজেটের বিভিন্ন খাতে বরাদ্দ প্রাপ্ত অর্থ, ব্যয়িত অর্থ ও অবশিষ্ট/অনুত্তোলিত অর্থের বিবরণ

১৪৯০২০১ (প্রধান কার্যালয়)ঃ

(অংক সমূহ হাজার টাকায়)

কোড নম্বর ও খাত	২০১৮-১৯ অর্থ বছরে বাজেট বরাদ্দ	২০১৮-১৯ অর্থ বছরে ব্যয়	অবশিষ্ট/অনুত্তোলিত অর্থ	মন্তব্য
১	২	৩	৪	৫
৩১১১১০১ - মূল বেতন (অফিসার)	৪৬০৯৮	৪১৫৪৭	৪৫৫১	
৩১১১২০১ - মূল বেতন (কর্মচারী)	৪০১২৮	৩৫৯৭৬	৪১৫২	
৩১১১৩০১ - দায়িত্ব ভাতা	২৪৫	৭০	১৭৫	
৩১১১৩০২ - যাতায়াত ভাতা	৭৫০	৪৭৩	২৭৭	
৩১১১৩০৬ - শিক্ষা ভাতা	১৫৮৮	১৩৮২	২০৬	
৩১১১৩১০ - বাড়ীভাড়া ভাতা	৩৪৫৮৬	৩১৩০৪	৩২৮২	
৩১১১৩১১ - চিকিৎসা ভাতা	৪২৮২	৩৮২৩	৪৫৯	
৩১১১৩১২ - মোবাইল/সেলফোন ভাতা	২০০	২০০	০	
৩১১১৩১৩ - আবাসিক টেলিফোন নগদায়ন ভাতা	২৫০	২৫০	০	
৩১১১৩১৪ - টিফিন ভাতা	৪১৮	৩১৭	১০১	
৩১১১৩১৬ - ধোলাই ভাতা	১৭০	৮৫	৮৫	
৩১১১৩২৫ - উৎসব ভাতা	১২৭০০	১১৩৮৭	১৩১৩	
*৩১১১৩২৭ - অধিকাল ভাতা	৮০০০	৬৯০০	১১০০	
৩১১১৩২৮ - শ্রান্তি ও বিনোদন ভাতা	২০০০	১৮৪০	১৬০	
৩১১১৩৩১ - আপ্যায়ন ভাতা	১২৫	৩২	৯৩	
৩১১১৩৩২ - সম্মানী ভাতা	২৮০০	২৩২৬	৪৭৪	
৩১১১৩৩৫ - বাংলা নববর্ষ ভাতা	১৩৫০	১১৩২	২১৮	
৩১১১৩৩৮ - অন্যান্য ভাতা	২০০	২০০	০	
উপমোট - নগদ মজুরী ও বেতনঃ	**১৫৫৮৯০**	**১৩৯২৪৪**	**১৬৬৪৬**	
৩২১১১০২ পরিষ্কার.পরিচ্ছন্নতা সামগ্রী	৩০০	২৯৭	৩	
৩২১১১০৬ আপ্যায়ন ব্যয়	১৮০০	৮৩৯	৯৬১	
৩২১১১০৯ সাকুল্য বেতন (সরকারী কর্মচারী ব্যতীত)	২৪৫০	১৮৬৮	৫৮২	
৩২১১১১০ আইন সংক্রান্ত ব্যয়	১০০০	৩৬৮	৬৩২	
*৩২১১১১১ সেমিনার/কনফারেন্স ব্যয়	৫০০০	৪০৮	৪৫৯২	
*৩২১১১১৩ বিদ্যুৎ	৩০৯৪	৩০০৫	৮৯	
৩২১১১১৪ উপযোগ সেবা (Utility service) চার্জ	১৫০	১৯	১৩১	
*৩২১১১১৫ পানি	৯০০	৫৯০	৩১০	
৩২১১১১৬ কুরিয়ার	২০০	৯৩	১০৭	
৩২১১১১৭ ইন্টারনেট/ফ্যাক্স/টেলেক্স	৬০০	২৭৩	৩২৭	
*৩২১১১১৯ ডাক	৩৫০	৩৫০		
*৩২১১১২০ টেলিফোন	১৫৫০	৪৯৫	১০৫৫	
*৩২১১১২৫ প্রচার ও বিজ্ঞাপন ব্যয়	২৮০০	৬১৪	২১৮৬	
৩২১১১২৭ বইপত্র ও সাময়িকী	২৭৫	৫৬	২১৯	
৩২১১১৩০ যাতায়াত খাত	৩০০	৩৪	২৬৬	
৩২১১১৩১আউট সোর্সিং	১০৫০০০	৯৬৪১৮	৮৫৮২	
উপমোট - প্রশাসনিক ব্যয়ঃ	**১২৫৭৬৯**	**১০৫৭২৭**	**২০০৪২**	
৩২২১১০২ লাইসেন্স ফি	৩০০	২৪৯	৫১	
৩২২১১০৫ টেষ্টিং ফি	৮০০	৫৮৩	২১৭	

কোড নম্বর ও খাত	২০১৮-১৯ অর্থ বছরে বাজেট বরাদ্দ	২০১৮-১৯ অর্থ বছরে ব্যয়	অবশিষ্ট/অনুত্তোলিত অর্থ	মন্তব্য
১	২	৩	৪	৫
৩২২১১০৭ অনুলিপি ব্যয়	৬০০	১১৫	৪৮৫	
উপমোট - ফি, চার্জ ও কমিশন	১৭০০	৯৪৭	৭৫৩	
৩২৩১৩০১ প্রশিক্ষণ	২৭৫০০	১৫৮০	২৫৯২০	
উপমোট - প্রশিক্ষণঃ	২৭৫০০	১৫৮০	২৫৯২০	
৩২৪৩১০১ পেট্রোল, ওয়েল ও লুব্রিকেন্ট	৫৫০০	৫৪৬৩	৩৭	
৩২৪৩১০২ গ্যাস ও জ্বালানী	৬৫০০	৬৪৩৭	৬৩	
উপমোট - পেট্রোল, ওয়েল ও লুব্রিকেন্ট ঃ	১২০০০	১১৯০০	১০০	
৩২৪৪১০১ ভ্রমণ ব্যয়	৭৫০০	৪২২২	৩২৭৮	
উপমোট - ভ্রমণ ও বদলীঃ	৭৫০০	৪২২২	৩২৭৮	
৩২৫৫১০১ কম্পিউটার সামগ্রী	২০০০	৮৯০	১১১০	
৩২৫৫১০২ মুদ্রণ ও বাঁধাই	১১০০	৫৫৭	৫৪৩	
৩২৫৫১০৪ ষ্ট্যাম্প ও সীল	১৭৫	০	১৭৫	
৩২৫৫১০৫ অন্যান্য মনিহারি	৪০০০	১২১৮	২৭৮২	
উপমোট - মুদ্রণ ও মনিহারিঃ	৭২৭৫	২৬৬৫	৪৬১০	
৩২৫৬১০১ সাধারণ সরবরাহ	০			
২৫৬১০৬ পোশাক	৫১০	৫১০	০	
উপমোট - সাধারণ সরবরাহ ও কাঁচামাল সামগ্রীঃ	৫১০	৫১০	০	
৩২৫৭১০৩ গবেষণা ব্যয়	১২৫০	০	১২৫০	
৩২৫৭৩০১ অনুষ্ঠান/ উৎসবাদি	১২০০	১০৬৯	১৩১	
উপমোট - পেশাগত সেবা সামগ্রী ও বিশেষ ব্যয়ঃ	২৪৫০	১০৬৯	১৩৮১	
৩২৫৮ মেরামত ও সংরক্ষণ				
৩২৫৮১০১ মোটরযান	৪২০০	৪১৯৫	৫	
৩২৫৮১০২ আসবাবপত্র	৩০০	১১৮	১৮২	
৩২৫৮১০৩ কম্পিউটার	৪৫০	০	৪৫০	
৩২৫৮১০৫ অন্যান্য যন্ত্রপাতি ও সরঞ্জামাদি	৫০০	১৭৭	৩২৩	
৩২৫৮১০৭ অনাবাসিক ভবন	৭৯২৫	৭১৭৬	৭৪৯	
***৩২৫৮১০৮ অন্যান্য ভবন ও স্থাপনা	৪৫২০০	৪১৩৩৬	৩৮৬৪	
৩২৫৮১১৫ স্বাস্থ্য বিধান ও পানি সরসরাহ	২০০	৫৯	১৪১	
৩২৫৮১১৯ বৈদ্যুতিক স্থাপনা	৭০০	৪৮	৬৫২	
৩২৫৮১৪০ মোটরযান রক্ষণাবেক্ষণ ব্যয়	১০৭৭৫	৮৯৮০	১৭৯৫	
উপমোট - মেরামত ও সংরক্ষণঃ	৭০২৫০	৬২০৮৯	৮১৬১	
উপমোট - পণ্য ও সেবার ব্যবহারঃ	২৫৪৯৫৪	১৯০৭০৯	৬৪২৪৫	
*৩৮২১১০২ ভূমি উন্নয়ন কর	১৩৫০	০	১৩৫০	
*৩৮২১১০৩ পৌর কর	৭৫০০	০	৭৫০০	
উপমোট - আবর্তক স্থানান্তর যা অন্যত্র শ্রেণিবদ্ধ নয়ঃ	৮৮৫০		৮৮৫০	
উপমোট - আবর্তক ব্যয়ঃ	৪১৯৬৯৪	৩২৯৯৫৩	৮৯৭৪১	
৪১১২১০১ মোটরযান	৩০০০০	১৫৯০০	১৪১০০	
৪১১২২০১ তথ্য যোগাযোগ প্রযুক্তি সরঞ্জামাদি	২০০০	০	২০০০	
৪১১২২০২ কম্পিউটার ও আনুষাংগিক	৫০০	৫০০	০	
৪১১২৩০৪ প্রকৌশল ও অন্যান্য সরঞ্জামাদি	৫০০	৪৯৯	১	
৪১১২৩০৫ অগ্নিনির্বাপক সরঞ্জামাদি	৫০০	১৯০	৩১০	
৪১১২৩১০ অফিস সরঞ্জামাদি	৫০০	২৯৭	২০৩	
৪১১২৩১৪ আসবাবপত্র	৭০০	৬৬৩	৩৭	
উপমোট - যন্ত্রপাতি ও সরঞ্জামাদিঃ	৩৪৭০০	১৮০৪৯	১৬৬৫১	
উপমোট - অআর্থিক সম্পদঃ	৩৪৭০০	১৮০৪৯	১৬৬৫১	
মোট- প্রধান কার্যালয়, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরঃ	৪৫৪৩৯৪	৩৪৮০০২	১০৬৩৯২	

১.৩ ১৪৯০২০২- জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তার কার্যালয়সমূহঃ

(অংক সমূহ হাজার টাকায়)

কোড নম্বর ও খাত	২০১৮-১৯ অর্থ বছরে বাজেট বরাদ্দ	২০১৮-১৯ অর্থ বছরে ব্যয়	অবশিষ্ট/অনুত্তোলিত অর্থ	মন্তব্য
১	২	৩	৪	৫
৩১১১১০১ - মূল বেতন (অফিসার)	৫৪৯২৬	৫৪৯২৬	০	
৩১১১২০১ - মূল বেতন (কর্মচারী)	৯৪৯৮০	৯২৮০০	২১৮০	
৩১১১৩০১ - দায়িত্ব ভাতা	১৮৫	১৮৫	০	
৩১১১৩০২ - যাতায়াত ভাতা	২৩০	১৯২	৩৮	
৩১১১৩০৬ - শিক্ষা ভাতা	৩০২০	২৮৮০	১৪০	
৩১১১৩০৯ - পাহাড়ি ভাতা	৯১৫	৭৫০	১৬৫	
৩১১১৩১০ - বাড়ীভাড়া ভাতা	৪৪০৭৪	৪০৬৪০	৩৪৩৪	
৩১১১৩১১ - চিকিৎসা ভাতা	১১০০০	১০৫৬০	৪৪০	
৩১১১৩১৪ - টিফিন ভাতা	১২৫০	৯৬০	২৯০	
৩১১১৩১৬ - ধোলাই ভাতা	২৫০০	২২৪০	২৬০	
৩১১১৩২৫ - উৎসব ভাতা	২৩০০০	২২০৮০	৯২০	
৩১১১৩২৭ - অধিকাল ভাতা	১৩৬৪০	১৩৬৪০	০	
৩১১১৩২৮ - শ্রান্তি ও বিনোদন ভাতা	৩৮০০	২৯৩৫	৮৬৫	
৩১১১৩৩২ - সম্মানী ভাতা	৩২৫	০	৩২৫	
৩১১১৩৩৫ - বাংলা নববর্ষ ভাতা	২৩০০	১৯২০	৩৮০	
৩১১১৩৩৮ - অন্যান্য ভাতা	৩৫০	০	৩৫০	
উপমোট - নগদ মজুরি ও বেতনঃ	২৫৬৪৯৫	২৪৬৭০৮	৯৭৮৭	
উপমোট- কর্মচারীদের প্রতিদান (compensation)	২৫৬৪৯৫	২৪৬৭০৮	৯৭৮৭	
৩২১১১১৩ বিদ্যুৎ	৬১০	৩০০	৩১০	
৩২১১১১৯ ডাক	৮০০	৭০২	৯৮	
৩২১১১২০ টেলিফোন	২৫০০	২১৬৪	৩৩৬	
উপমোট - প্রশাসনিক ব্যয়ঃ	৩৯১০	৩১৬৬	৭৪৪	
৩২৪৩ পেট্রোল, ওয়েল ও লুব্রিকেন্ট				
৩২৪৩১০১ পেট্রোল, ওয়েল ও লুব্রিকেন্ট	৭৭৭৮	৬৩৭০	১৪০৮	
উপমোট - পেট্রোল, ওয়েল এন্ড লুব্রিকেন্টঃ	৭৭৭৮	৬৩৭০	১৪০৮	
৩২৪৪ ভ্রমণ ও বদলি				
৩২৪৪ ১০১ ভ্রমণ ব্যয়	১২২০০	১০৩২৯	১৮৭১	
উপমোট - ভ্রমণ ও বদলিঃ	১২২০০	১০৩২৯	১৮৭১	
৩২৫৫ - মুদ্রণ ও মনিহারি				
৩২৫৫১০১ কম্পিউটার সামগ্রী	৩৩০০	২৪৭৩	৮২৭	
৩২৫৫১০৫ অন্যান্য মনিহারি	৭৫০০	৬৮৭১	৬২৯	
উপমোট - মুদ্রণ ও মনিহারিঃ	১০৮০০	৯৩৪৪	১৪৫৬	
৩২৫৬ সাধারণ সরবরাহ ও কাঁচামাল সামগ্রী				
৩২৫৬১০৬ পোশাক	১০০০	৯৫০	৫০	
উপমোট - সাধারণ সরবরাহ ও কাঁচামাল সামগ্রীঃ	১০০০	৯৫০	৫০	
৩২৫৮ মেরামত ও সংরক্ষণ				
৩২৫৮১০১ মোটরযান	৩৫৮২	২৯৩১	৬৫১	
৩২৫৮১০২ আসবাবপত্র	৯০০	৯০০		
৩২৫৮১০৩ কম্পিউটার	২৮০০	২৮০০		
উপমোট - মেরামত ও সংরক্ষণঃ	৭২৮২	৬৬৩১	৬৫১	
উপমোট - পণ্য ও সেবার ব্যবহারঃ	৪২৯৭০	৩৬৭৯০	৬১৮০	
৩৮ অন্যান্য ব্যয়				
৩৮২১ - আবর্তক স্থানান্তর যা অন্যত্র শ্রেণিবদ্ধ নয়ঃ				
*৩৮২১১০২ ভূমি উন্নয়ন কর	১৭৫০০	১৭৫০০	০	

কোড নম্বর ও খাত	২০১৮-১৯ অর্থ বছরে বাজেট বরাদ্দ	২০১৮-১৯ অর্থ বছরে ব্যয়	অবশিষ্ট/অনুত্তোলিত অর্থ	মন্তব্য
১	২	৩	৪	৫
উপমোট - আবর্তক স্থানান্তর যা অন্যত্র শ্রেণিবদ্ধ নয়ঃ	১৭৫০০	১৭৫০০	০	
উপমোট - অন্যান্য ব্যয়ঃ	১৭৫০০	১৭৫০০	০	
উপমোট - আবর্তক ব্যয়ঃ	৩১৬৯৬৫	৩০০৯৯৮	১৫৯৬৭	
৪০ মূলধন ব্যয়				
৪১ আর্থিক সম্পদ				
৪১১২ যন্ত্রপাতি ও সরঞ্জামাদি				
৪১১২৩১৪ আসবাবপত্র	৩০৩৫	৩০৩৫	০	
উপমোট - যন্ত্রপাতি ও সরঞ্জামাদিঃ	৩০৩৫	৩০৩৫	০	
মোট - জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তার কার্যালয়সমূহঃ	৩২০০০০	৩০৪০৩৩	১৫৯৬৭	
মোট - জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তার কার্যালয়সমূহঃ	৩২০০০০	৩০৪০৩৩	১৫৯৬৭	

১.৪ ১৪৯০২০৩- (উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসসমূহ)ঃ

(অংক সমূহ হাজার টাকায়)

কোড নম্বর ও খাত	২০১৮-১৯ অর্থ বছরে বাজেট বরাদ্দ	২০১৮-১৯ অর্থ বছরে ব্যয়	অবশিষ্ট/অনুত্তোলিত অর্থ	মন্তব্য
১	২	৩	৪	৫
৩১১১১০১ - মূল বেতন (অফিসার)	১৯৩৪৪০	১৯২৬৬০	৭৮০	
৩১১১২০১ - মূল বেতন (কর্মচারী)	১৬১২০০	১৬০৫৫০	৬৫০	
৩১১১৩০১ - দায়িত্ব ভাতা	১৭০	১৭০	০	
৩১১১৩০৬ - শিক্ষা ভাতা	৯০০০	৮৮৯২	১০৮	
৩১১১৩০৯ - পাহাড়ি ভাতা	৩৩০০	৩০০০	৩০০	
৩১১১৩১০ - বাড়ী ভাড়া ভাতা	১০৭৫০০	১০৬২১০	১২৯০	
৩১১১৩১১ - চিকিৎসা ভাতা	১৯৫০০	১৭২৯০	২২১০	
৩১১১৩১৪ - টিফিন ভাতা	১৫০০	১৪৮২	১৮	
৩১১১৩২৫ - উৎসব ভাতা	৫৮০০০	৫৬৮১০	১১৯০	
৩১১১৩২৮ - শ্রান্তি ও বিনোদন ভাতা	৬৬০০	৩৪৩৪	৩১৬৬	
৩১১১৩৩২ - সম্মানী ভাতা	৫০০	০	৫০০	
৩১১১৩৩৫ - বাংলা নববর্ষ ভাতা	৬০০০	৪৯৪০	১০৬০	
৩১১১৩৩৮ - অন্যান্য ভাতা	৭১৫	০	৭১৫	
উপমোট - নগদ মজুরি ও বেতনঃ	৫৬৭৪২৫	৫৫৫৪৩৮	১১৯৮৭	
উপমোট- কর্মচারীদের প্রতিদান (compensation)	৫৬৭৪২৫	৫৫৫৪৩৮	১১৯৮৭	
*৩২১১১১৩ বিদ্যুৎ	৮৫০০	৮৩২০	১৮০	
*৩২১১১১৯ ডাক	৯৩০	৮৩২	৯৮	
*৩২১১১২০ টেলিফোন	৫৫০০	৫৪০০	১০০	
উপমোট - প্রশাসনিক ব্যয়ঃ	১৪৯৩০	১৪৫৫২	৩৭৮	
৩২৪৪ ভ্রমণ ও বদলি				
৩২৪৪ ১০১ ভ্রমণ ব্যয়	৫৫০০০	৫৪৯৯৫	৫	
উপমোট - ভ্রমণ ও বদলিঃ	৫৫০০০	৫৪৯৯৫	৫	
৩২৫৫ - মুদ্রণ ও মনিহারি				
৩২৫৫১০১ কম্পিউটার সামগ্রী	২৮৮৫	২৮৭০	১৫	
৩২৫৫১০৫ অন্যান্য মনিহারি	৪০০০০	৩৯৯৯৭	৩	
উপমোট - মুদ্রণ ও মনিহারিঃ	৪২৮৮৫	৪২৮৬৭	১৮	
৩২৫৮ মেরামত ও সংরক্ষণ				
৩২৫৮১০২ আসবাবপত্র	৪২০০	৪২০০	০	

কোড নম্বর ও খাত	২০১৮-১৯ অর্থ বছরে বাজেট বরাদ্দ	২০১৮-১৯ অর্থ বছরে ব্যয়	অবশিষ্ট/অনুত্তোলিত অর্থ	মন্তব্য
১	২	৩	৪	৫
৩২৫৮১০৩ কম্পিউটার	১২৫০০	১২৪৮৯	১১	
উপমোট - মেরামত ও সংরক্ষণঃ	১৬৭০০	১৬৬৮৯	১১	
উপমোট - পণ্য ও সেবার ব্যবহারঃ	১২৯৫১৫	১২৯১০৩	৪১২	
উপমোট - আবর্তক ব্যয়ঃ	৬৯৬৯৪০	৬৮৪৫৪১	১২৩৯৯	
৪০ মূলধন ব্যয়				
৪১ আর্থিক সম্পদ				
৪১১২ যন্ত্রপাতি ও সরঞ্জামাদি				
৪১১২৩১৪ আসবাবপত্র	১২০০০	১২০০০	০	
উপমোট - যন্ত্রপাতি ও সরঞ্জামাদিঃ	১২০০০	১২০০০	০	
মোট - উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসসমূহঃ	৭০৮৯৪০	৬৯৬৫৪১	১২৩৯৯	

গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-খাদ্যশস্য/নগদ টাকা) কর্মসূচি

সখিপুর বাজার হতে রাবার ড্যাম পর্যন্ত রাস্তা পুন:নির্মাণঃ ইউনিয়ন- গাজিরভিটা, উপজেলা- হালুয়াঘাট, জেলা- ময়মনসিংহ

ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি (সিপিপি)-এর তথ্য

১৭.০ ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি (সিপিপি)

১৭.১ ভূমিকা

ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি এর একটি যৌথ কর্মসূচি। ১৯৭০ সালের নভেম্বর মাসের প্রলয়ংকরী ঘূর্ণিঝড় ও জলোচ্ছ্বাসের পর জাতিসংঘের সাধারণ পরিষদের অনুরোধক্রমে তৎকালীন লীগ অব রেড ক্রস বর্তমানে ইন্টারন্যাশনাল ফেডারেশন অব রেড ক্রস এন্ড রেড ক্রিসেন্ট সোসাইটি বাংলাদেশের উপকূলীয় জনসাধারণের জীবন ও সম্পদ রক্ষার্থে ১৯৭২ সালে ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি প্রতিষ্ঠা করে। এই কর্মসূচির গুরুত্ব বিবেচনা করে বাংলাদেশ সরকার ১ জুলাই ১৯৭৩ হতে কর্মসূচিটির দায়িত্ব গ্রহণ করে। কর্মসূচিটি তৎকালীন প্রধানমন্ত্রী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক অনুমোদিত হয়। ফলে ১৯৭৩ সালের ১ জুলাই হতে ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি বাংলাদেশ সরকার ও বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি এর একটি যৌথ কর্মসূচি হিসেবে বাংলাদেশের উপকূলীয় অঞ্চলে দুর্যোগ ব্যবস্থাপনায় বিশেষ করে ঘূর্ণিঝড় ও জলোচ্ছ্বাসে সতর্ক সংকেত প্রচার, দুর্গতদের আশ্রয় কেন্দ্রে আনয়ন, উদ্ধার ও অনুসন্ধান, প্রাথমিক চিকিৎসা এবং ত্রাণ ও পুনর্বাসন কাজে সহায়তা ইত্যাদি সফলতার সাথে করে আসছে।

১৭.২ ভিশন

বাংলাদেশের উপকুলীয় ও নদী তীরবর্তী জনসাধারণের দুর্যোগ মোকাবিলায় সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে ঘূর্ণিঝড়ে প্রাণহানি ও সম্পদের ক্ষয়ক্ষতি হ্রাস/কমিয়ে আনা।

১৭.৩ উদ্দেশ্য

১. দুর্যোগে সাড়া প্রদানের সক্ষমতা বৃদ্ধি।
২. দুর্যোগে প্রাণহানি ও সম্পদের ক্ষয়ক্ষতি হ্রাস করা।
৩. সমাজ কল্যাণে মানবিক দৃষ্টিকোণ থেকে স্বেচ্ছাসেবক দলের দক্ষতা, স্পৃহা, অভিজ্ঞতা বৃদ্ধি ও আত্মত্যাগী মনোভাব সৃষ্টি করা।
৪. দুর্যোগ প্রস্তুতি কার্যক্রম শক্তিশালী এবং উন্নয়ন করা।
৫. ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচির স্বেচ্ছাসেবক, কর্মকর্তা ও কর্মচারীদের দক্ষতা বৃদ্ধি করা।
৬. দুর্যোগে দ্রুত সাড়া প্রদানের জন্য বেতার যোগাযোগ শক্তিশালী করা।
৭. আবহাওয়ার সতর্ক সংকেত বোধগম্য ও প্রতিষ্ঠিত করা এবং ঘূর্ণিঝড় সংকেত এর সহিত সম্পৃক্ত জনসাধারণকে কার্যকরি সাড়া প্রদানে নিশ্চিত করা।

১৭.৪ কর্মসূচির কর্ম এলাকা

- কক্সবাজার জেলার টেকনাফ উপজেলা হতে সাতক্ষীরা জেলার শ্যামনগর উপজেলা।
- ১৩টি জেলায় (কক্সবাজার, চট্টগ্রাম, ফেনী, নোয়াখালী, লক্ষীপুর, ভোলা, বরগুনা, বরিশাল, পটুয়াখালী, পিরোজপুর, বাগেরাহাট, খুলনা এবং সাতক্ষীরায়) সিপিপির কার্যক্রম বিস্তৃত।
- নদী তীরবর্তী আরো ৬টি জেলায় (চাঁদপুর, মাদারীপুর, ফরিদপুর, শরীয়তপুর, গোপালগঞ্জ, ঝালকাঠি সম্প্রসারণ করা হয়েছে) সিপিপির কার্যক্রম বিস্তৃত করার কার্যক্রম রয়েছে।
- এ কর্মসূচিতে বর্তমানে উপকুলীয় ১৩টি জেলার আওতাধীন ৪০টি উপজেলার ৩৫০টি ইউনিয়নে মোট ৩৬৮৪টি ইউনিটে (গ্রাম কমিটি) ১৮,৪২০ জন মহিলাসহ সর্বমোট ৫৫,২৬০ জন সাংকেতিক যন্ত্রাদি সজ্জিত প্রশিক্ষণ প্রাপ্ত স্বেচ্ছাসেবক রয়েছে।

১৭.৫ সিপিপির কার্যক্রম

- ঘূর্ণিঝড়ের সংকেত প্রচার
- দুর্গতদের আশ্রয় কেন্দ্রে স্থানান্তর
- উদ্ধার ও অনুসন্ধান কার্যক্রম
- প্রাথমিক চিকিৎসা প্রদান
- ত্রাণ ও পুনর্বাসন কার্যক্রমে সহায়তা
- স্বেচ্ছাসেবক টিম গঠন
- স্বেচ্ছাসেবকদের প্রশিক্ষণ প্রদান: জেলে, ইমাম প্রমুখ কমিউনিটিকে মোটিভেশনাল প্রশিক্ষণ প্রদান
- স্বেচ্ছাসেবক গিয়ার ও সাংকেতিক যন্ত্রপাতি বিতরণ
- ঘূর্ণিঝড় বিষয়ক মাঠ মহড়া আয়োজন
- সচেতনতামূলক স্বেচ্ছাসেবক র‍্যালী আয়োজন
- পোস্টার লিফলেট বিতরণ
- বিভিন্ন সামাজিক কার্যক্রমে অংশগ্রহণ
- ওয়্যারলেস নেটওয়ার্ক সুষ্ঠুভাবে রক্ষণাবেক্ষণ

১৭.৬ ঘূর্ণিঝড় পূর্ব এবং ঘূর্ণিঝড় চলাকালীন কার্যক্রম

সতর্ক সংকেত প্রচার

- ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি এইচএফ এবং ভিএইচএফ ওয়্যারলেস সেট এর মাধ্যমে সরাসরি প্রধান কার্যালয় থেকে বাংলাদেশের উপকূলীয় এলাকায় যোগাযোগ রক্ষা করে থাকে।
- বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর থেকে আবহাওয়ার বার্তা পাওয়ার সাথে সাথে ওয়্যারলেস সেটের মাধ্যমে সিপিপির উপকুলীয় এলাকায় প্রেরণ করা হয়ে থাকে। একইভাবে স্বেচ্ছাসেবকগণ আবহাওয়ার বার্তা গ্রহণ করেন এবং ঘূর্ণিঝড়ের সতর্ক সংকেত স্থানীয় জনসাধারণের মধ্যে সচেতনতা বৃদ্ধির জন্য প্রচার করে থাকেন। তাছাড়া সতর্ক সংকেত পাওয়ার পর কখন কি করতে হবে সে বিষয়ে সম্যক ধারণা দেওয়া হয়ে থাকে।

সিপিপি'র স্বেচ্ছাসেবকদের সাথে আলাপচারিতায় দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের সচিব জনাব মোঃ শাহ কামাল

১৭.৭ সংকেত প্রচার প্রক্রিয়া

সংকেত প্রচার পদ্ধতিঃ

সতর্কীকরণ বিজ্ঞপ্তি প্রচার

- সংকেত নং ১-৩ঃ
  - জনে জনে (মৌখিক) প্রচার
- সংকেত নং ৪
  - সিপিপি বোর্ড মিটিং, জেলা, উপজেলা ও ইউনিয়ন দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সভা আহ্বান
  - ১টি পতাকা উত্তোলন
  - মাইক, মেগাফোনে বহুল প্রচার
- সংকেত নং ৫-৭ঃ
  - মাইক, মেগাফোনে বহুল প্রচার
  - ২টি পতাকা উত্তোলন
  - বিপদাপন্নদের আশ্রয়কেন্দ্রে আনয়ন (কর্তৃপক্ষের নির্দেশক্রমে)
- সংকেত নং ৮-১০
  - মাইক, মেগাফোন, সাইরেনের মাধ্যমে ব্যাপক প্রচার
  - ৩টি পতাকা উত্তোলন
  - দুর্গতদের আশ্রয়কেন্দ্রে অবস্থান নিশ্চিতকরণ

১৭.৮ সিপিপির সাংগঠনিক কাঠামো

ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচির প্রধান কার্যালয় ঢাকার নিয়ন্ত্রণাধীন ৭টি জোনাল কার্যালয় রয়েছে। জোনাল কার্যালয়ের আওতাধীন ৪০টি উপজেলা রয়েছে এবং উপজেলা কার্যালয়ের আওতাধীন ৩৫০টি ইউনিয়ন রয়েছে। উক্ত কার্যালয়ের আওতাধীন ৩,৫৮৪টি ইউনিট রয়েছে। প্রতিটি ইউনিটে ১৫ জন স্বেচ্ছাসেবক রয়েছে। এর মধ্যে ১০ জন পুরুষ এবং ৫ জন মহিলা স্বেচ্ছাসেবক রয়েছে। উক্ত ইউনিটে ৫টি বিভাগ যথা, সংকেত, আশ্রয়, উদ্ধার, প্রাথমিক চিকিৎসা এবং ত্রাণ বিভাগ। প্রতিটি বিভাগে ৩ জন করে স্বেচ্ছাসেবক রয়েছে।

সিপিপি স্বেচ্ছাসেবকদের প্রশিক্ষণ, অনুশীলন ও কার্যক্রম মহড়া

১৭.৯ স্বেচ্ছাসেবক প্রশিক্ষণ

১। ২০১৭-১৮ অর্থ বছরে সরকারি অর্থায়নে ৪০টি উপজেলায় মোট ২০,৪০০ জন স্বেচ্ছাসেবককে (দুর্যোগে ঝুঁকি ব্যবস্থাপনা, অনুসন্ধান-উদ্ধার, ভূমিকম্প ও প্রাথমিক চিকিৎসা) প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

১৭.১০ বলপূর্বক বাস্তুচ্যুত মায়ানমার নাগরিকদের ক্যাম্পসমূহে সিপিপি

- দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের নির্দেশনায় সিপিপি স্বেচ্ছাসেবকগণ প্রথম রেসপন্ডার হিসেবে যোগদান করে।
- প্রাথমিকভাবে তাঁবু সরবরাহ, খাদ্য বিতরণ, খাবার পানির সংস্থান ইত্যাদি কাজে এবং পথ প্রদর্শক ও দোভাষী হিসেবে সিপিপি স্বেচ্ছাসেবকগণ কাজ করেন।
- প্রতিটি ক্যাম্পে ক্যাম্প-ইন-চার্জগণের সহায়তাকারী হিসেবে শুরু থেকে সিপিপি স্বেচ্ছাসেবকগণ নিয়োজিত আছেন।
- দুর্যোগ ঝুঁকি হ্রাস কর্মসূচির অংশ হিসেবে প্রতিটি ক্যাম্পে ১০০ জন করে মোট ৩,০০০ জন অস্থায়ী স্বেচ্ছাসেবক রোহিঙ্গা জনগোষ্ঠির মধ্য হতে নির্বাচন করে প্রশিক্ষণ প্রদান এবং ভলান্টিয়ার গিয়ার ও সাংকেতিক যন্ত্রপাতি সরবরাহ করা হয়েছে।
- তিনটি বৃহৎ আকারের মহড়া এবং প্রতিটি ক্যাম্পে রোহিঙ্গা জনগোষ্ঠির স্বেচ্ছাসেবকগণের অংশ গ্রহণে ১টি করে মহড়া আয়োজন চলছে।
- উক্ত জনগোষ্ঠির বোধগম্য ভাষায় আবহাওয়া সতর্কতা ও দুর্যোগ তথ্য প্রচারের ব্যবস্থা নেওয়া হয়েছে।
- প্রতিটি ক্যাম্পে দুর্যোগ নিয়ন্ত্রণ কক্ষ এবং ওয়্যারলেস স্টেশন স্থাপনের কাজ চলছে।

১৭.১১ ঘূর্ণিঝড় বিষয়ক মাঠ মহড়া

২০১৭-১৮ অর্থ বছরে সরকারি অর্থায়নে ৪০টি উপজেলায় ৪০টি ঘূর্ণিঝড় বিষয়ক মাঠ মহড়ার আয়োজন করা হয়েছে এবং ১৫৬টি ইউনিয়নে গণসচেতনতা বৃদ্ধিমূলক র‍্যালি অনুষ্ঠিত হয়েছে।

১৭.১২ সাংকেতিক যন্ত্রপাতি এবং স্বেচ্ছাসেবক গিয়ার সরবরাহ ও বিতরণ

২০১৭-১৮ অর্থ বছরে সরকারি অর্থায়নে ৪টি উপজেলায় স্বেচ্ছাসেবকদের জন্য সাংকেতিক যন্ত্রপাতি এবং স্বেচ্ছোসেবক গিয়ার এর ১১টি আইটেম রেইনকোর্ট, সুপার মেগাফোন, হ্যান্ড সাইরেন, সিগনাল ফ্লাগ মাষ্ট, সিগনাল ফ্লাগ, সিপিপি ভেষ্ট, রেডিও, টর্চ লাইট, বাই সাইকেল, লাইফ জ্যাকেট, প্রাথমিক চিকিৎসা ব্যাগ, উদ্ধার ব্যাগ ইত্যাদি) দরপত্রের মাধ্যমে ক্রয় করা হয়েছে এবং সংশ্লিষ্ট উপজেলার স্বেচ্ছাসেবকদের মধ্যে বিতরণ করা হয়েছে।

১৭.১৩ স্বেচ্ছাসেবক ডাটা বেইজ

সিপিপির সর্বমোট ৫৫,২৬০ জন স্বেচ্ছাসেবকের ডাটাবেজ জাতীয় তথ্য বাতায়নে যুক্ত করা হয়েছে এবং অনলাইনে প্রদর্শিত হচ্ছে।

১৭.১৪ স্বেচ্ছাসেবক সমাবেশ/সভা

২০১৭-১৮ অর্থ বছরে সিপিপির মাঠ পর্যায়ে ১১৬টি উপজেলা কমিটির সভা, ৬২৮টি ইউনিয়ন কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে।

১৭.১৫ বাজেট

২০১৭-১৮ অর্থ বছরে ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচির জন্য ২০ কোটি টাকা বরাদ্দ ছিল। তন্মধ্যে ১৭ কোটি টাকা খরচ হয়েছে। অব্যয়িত অর্থ সরকারি কোষাগারে জমা দেওয়া হয়েছে।

১৭.১৬ অর্জন

- সারা বিশ্বে দুর্যোগ ব্যবস্থাপনার ক্ষেত্রে সিপিপি একটি মডেল হিসেবে স্বীকৃত।
- লক্ষ মানুষের জীবনরক্ষার স্বীকৃতিস্বরূপ থাইল্যান্ডের 'স্মিথ টুমসারক এওয়ার্ড-১৯৯৮' অর্জন ।
- মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক 'চ্যাম্পিয়ন অব দি আর্থ' সম্মাননা অর্জনের অন্যতম নেপথ্য সহায়ক।
- ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ৩ নভেম্বর ২০১৬ তারিখে AMCDRR সম্মেলনে বাংলাদেশের কমিউনিটি বেইজড সাইক্লোন প্রিপেয়ার্ড প্রোগ্রামকে "গ্লোবাল বেস্ট প্রাকটিস" নামে অভিহিত করেন।
- উপকূলীয় জনগণ কর্তৃক কর্মসূচিটিকে সাদরে গ্রহণ এবং স্বেচ্ছাসেবকগণের নিবেদিতপ্রাণ সেবার কারণে সমাজে বিশেষ সম্মানজনক অবস্থান।
- কোনরূপ আর্থিক কিংবা অনুরূপ প্রাপ্তির আশা ব্যতিরেকে দেশ ও জাতির স্বার্থে স্বেচ্ছাসেবার মনোভাব সৃষ্টি।
- স্বেচ্ছাসেবকগণের মাঝে ঘূর্ণিঝড় দুর্যোগের সীমারেখা ছাড়িয়ে সড়ক দুর্ঘটনা, নৌ-যানডুবি, নদীভাঙনসহ অন্যান্য দুর্যোগ, যেমন- বন্যা, ভূমিকম্প, বজ্রপাত, ভূমিধস ইত্যাদি দুর্যোগে সেবা প্রদানের মনোভাব ও সক্ষমতা সৃষ্টি।
- সিপিপির কার্যক্রমের বিশ্বাসযোগ্যতা ও নির্ভরতার কারণে জনগণের মধ্যে দুর্যোগে সাড়া প্রদানের প্রবণতা বৃদ্ধি।
- উপকূলীয় এলাকায় দুর্যোগ ব্যবস্থাপনার পাশাপাশি সমাজ কল্যাণমূলক বিভিন্ন কর্মকান্ডে সক্রিয় অংশগ্রহণ।
- নারীর ক্ষমতায়ন ও অংশগ্রহণ বৃদ্ধি। কঠিন, শ্রমসাধ্য, বিপদসংকুল সেবায় নারী স্বেচ্ছাসেবকদের অংশগ্রহণ।
- জীবন ও সম্পদহানি উল্লেখযোগ্য হারে হ্রাস। জীবনহানির ক্ষেত্রে লক্ষের অংককে একক অংকে নামিয়ে আনা।

শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন
কমিশনারের কার্যালয় সংক্রান্ত তথ্য

২০১৮-২০১৯ অর্থ বছরে বাংলাদেশে আশ্রয় গ্রহণকারী বাস্তুচ্যুত মিয়ানমার নাগরিকদের মানবিক সহায়তা কার্যক্রমের প্রতিবেদন

১.০ ভূমিকা:

মিয়ানমারের অভ্যন্তরে সংঘটিত নানা নিপীড়নমূলক ঘটনাবলী ও জাতিগত সহিংসতার শিকার হয়ে রোহিঙ্গাদের আগমন ও অবস্থান বাংলাদেশের জন্য একটি দীর্ঘমেয়াদী সমস্যা। মানবসৃষ্ট এ বিপর্যয় যে কোন প্রাকৃতিক দুর্যোগের চেয়ে কোন অংশে কম নয়। ১৯৭৮ সালে মিয়ানমারের অভ্যন্তরে পরিচালিত নিষ্পেষণমূলক Operation *Nagamin* বা 'ড্রাগন অপারেশন' এর কারণে প্রথম বাংলাদেশে রোহিঙ্গাদের অনুপ্রবেশ ঘটে। সে সময়ে প্রায় ২ লক্ষ রোহিঙ্গা বাংলাদেশে প্রবেশ করে। পরবর্তীতে জবরদস্তিমূলক শ্রম, ধর্ষণ ও ধর্মীয় নিপীড়নের শিকার হয়ে নভেম্বর ১৯৯১ হতে জুন ১৯৯২ পর্যন্ত সময়ে পুনরায় ২ লক্ষ ৫০ হাজারের অধিক রোহিঙ্গা বাংলাদেশে আশ্রয় গ্রহণ করে। সত্তর ও নব্বই দশকে আশ্রয় গ্রহণকারী রোহিঙ্গাদের অধিকাংশ দ্বিপাক্ষিক সমঝোতার আওতায় স্বদেশে ফেরত গেলেও শেষোক্ত পর্যায়ে আশ্রয় গ্রহণকারীদের একটি অংশ (৩৩,৯৫৬ জন) এখনো উখিয়া ও টেকনাফের ২টি শরণার্থী শিবিরে আটকে আছে। পরবর্তীতে ২০০৯ হতে ২০১৭ সালের ফেব্রুয়ারী মাসের মধ্যে বিভিন্ন পর্বে প্রায় ৩ লক্ষ রোহিঙ্গা বাংলাদেশে প্রবেশ করে। তবে ২০১৭ স্নালের ২৫ আগষ্ট হতে শুরু হওয়া অভিনিষ্ক্রমণ (exodus) পূর্বের সব রেকর্ড ছাড়িয়ে গেছে।

২০১৭ সালের ২৩ আগষ্ট ছিল মায়ানমার সরকারের উদ্যোগে ২০১৬ সালে জাতিসংঘের সাবেক মহাসচিব কফি আনানের নেতৃত্বে গঠিত Advisory Commission on Rakhine State এর "Towards a Peaceful, Fair and Prosperous Future for the People of Rakhine" শীর্ষক চূড়ান্ত প্রতিবেদন প্রকাশের নির্ধারিত তারিখ। এর ঠিক একদিন পরে অর্থাৎ ২৪ আগষ্ট রাখাইনের মংডু এলাকায় কতিপয় পুলিশ ফাঁড়িতে ARSA নামক কথিত সন্ত্রাসী গোষ্ঠির সশস্ত্র আক্রমণের খবর বহুল প্রচার পায়। এর পরপরই মংডু এলাকায় শুরু হয় মিয়ানমার সেনাবাহিনীর Clearance Operation অভিযান। মূলত রোহিঙ্গা মুসলমানদের বিরুদ্ধে পরিচালিত নজিরবিহীন এই অভিযানে সেনা সদস্যদের সাথে রাখাইনের বৌদ্ধরাও যোগ দেয়। অভিযানে সেনা সদস্য ও সশস্ত্র বৌদ্ধদের হাতে মংডু, বুচিডং, রাচিডং ও সিটুওয়ে এলাকার রোহিঙ্গারা হত্যা, ধর্ষণ, লুন্ঠন, অগ্নিসংযোগসহ প্রায় সকল ধরণের অত্যাচার ও নিগ্রহের শিকার হয়। রোহিঙ্গাদের ওপর সংঘটিত ওই নৃশংস ঘটনাকে বিশ্ব মিডিয়া "জাতিগত নিধন" হিসেবে আখ্যা দেয়। অনেকে একে "গণহত্যা" বা "মানবতাবিরোধী অপরাধ" হিসেবেও অভিহিত করেছেন। নিজ দেশের সেনাবাহিনী ও বৌদ্ধ প্রতিবেশীদের যৌথ আক্রমণ হতে রক্ষা পেতে তখন হতে এ যাবৎ সাত লক্ষেরও অধিক রোহিঙ্গা কক্সবাজার এলাকায় আশ্রয় নিয়েছে। এদের মধ্যে কিছু সংখ্যক হিন্দু রোহিঙ্গাও আছে। সব মিলিয়ে বর্তমানে বাংলাদেশে রোহিঙ্গাদের সংখ্যা এখন ১০ লক্ষ ছাড়িয়ে গেছে।

২.০ মানবিক সহায়তা কার্যক্রম:

২.১ আশ্রয় শিবিরের বিন্যাস ও আবাসন

সেপ্টেম্বর, ২০১৭ মাসে ২,০০০ একর ভূমিতে আশ্রয় শিবির নির্মাণের উদ্যোগ গ্রহণ করা হয়। আশ্রয়প্রার্থীদের সংখ্যা ক্রমাগতভাবে বৃদ্ধি পাওয়ায় উখিয়ার কুতুপালং-বালুখালী নতুন ক্যাম্প এলাকার আওতা সম্প্রসারণের লক্ষ্যে প্রয়োজনীয় ভূমির পরিমাণ প্রাথমিকভাবে বরাদ্দকৃত ২,০০০ একরের স্থলে ৩,৫০০ একরে পুন:নির্ধারণ করা হয়। পরে ভূমিধস ও বন্যার ঝুঁকিতে থাকা রোহিঙ্গাদের নিরাপদ স্থানে স্থানান্তরের জন্য আরও ৫০০ একর ভূমি বরাদ্দ করা হয়েছে। এছাড়া, উখিয়া উপজেলার হাকিমপাড়া, জামতলী, পুটিবুনিয়া এবং টেকনাফ উপজেলার চাকমারকুল, উনচিপ্রাং, শামলাপুর, লেদা, আলীখালী, জাদীমুরা এবং নয়াপাড়া সম্প্রসারিত এলাকা ক্যাম্পের আওতায় আনা হয়েছে। নতুন ক্যাম্পসমূহে ব্যবহৃত মোট ভূমির পরিমাণ প্রায় ৬,৫০০ একর। প্রশাসনিক ব্যবস্থাপনার সুবিধার্থে উখিয়ার কুতুপালং-বালুখালী আশ্রয় শিবিরটিকে ২০টি ক্যাম্পে বিভক্ত করা হয়েছে। ফলে পূর্বের দু'টি সহ বর্তমানে ক্যাম্পের মোট সংখ্যা দাঁড়িয়েছে ৩৪টি। নতুন ৩৪টি ক্যাম্পে সর্বমোট ২১২,৬০৭টি অস্থায়ী শেল্টারে আশ্রয়প্রার্থীদের আবাসনের ব্যবস্থা করা হয়েছে। ক্যাম্প ব্যবস্থাপনার জন্য জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক পদায়িত কর্মকর্তাদেরকে দায়িত্ব প্রদান করা হয়েছে। নতুন ক্যাম্পগুলোতে প্রশাসনিক অবকাঠামো তৈরীসহ এর তত্ত্বাবধান ও সংরক্ষণের ক্ষেত্রে ইউএনএইচসিআর আর্থিক ও কারিগরী সহায়তা প্রদান করছে।

২.২ খাদ্য নিরাপত্তা ও খাদ্য বহির্ভুত আইটেম (NFI)

বর্তমানে নতুন ৩৪টি ক্যাম্পে ডব্লিউএফপি কর্তৃক ৮,৩১,৬৫০ জন আশ্রয়প্রার্থীকে খাদ্য সহায়তা প্রদান করা হচ্ছে [জেনারেল ফুড ডিস্ট্রিবিউশন (GFD) এর আওতায় ৩,৯৬,০৯৯ জনকে চাল, ডাল, তেল এবং ই-ভাউচার এর মাধ্যমে ৪,৩৫,৫৫১ জনকে ১৯ প্রকার খাদ্য সামগ্রী]। জেলা প্রশাসন ও বাংলাদেশ সেনাবাহিনীর সহযোগিতায় সেপ্টেম্বর, ২০১৭ হতে বিভিন্ন সরকারী দফতর, বেসরকারী সংস্থা, স্থানীয় দানশীল ব্যক্তিবর্গ ও বন্ধুপ্রতিম দেশ হতে প্রাপ্ত খাদ্য ও খাদ্য জাতীয় অন্যান্য ত্রাণ বিতরণ করা হচ্ছে।

লেদা, আলীখালী, জাদীমুরা এবং নয়াপাড়া সম্প্রসারিত এলাকা ক্যাম্পের আওতায় আনা হয়েছে। নতুন ক্যাম্পসমূহে ব্যবহৃত মোট ভূমির পরিমাণ প্রায় ৬,৫০০ একর। প্রশাসনিক ব্যবস্থাপনার সুবিধার্থে উখিয়ার কুতুপালং-বালুখালী আশ্রয় শিবিরটিকে ২০টি ক্যাম্পে বিভক্ত করা হয়েছে। ফলে পূর্বের দু'টি সহ বর্তমানে ক্যাম্পের মোট সংখ্যা দাঁড়িয়েছে ৩৪টি। নতুন ৩৪টি ক্যাম্পে সর্বমোট ২১২,৬০৭টি অস্থায়ী শেল্টারে আশ্রয়প্রার্থীদের আবাসনের ব্যবস্থা করা হয়েছে। ক্যাম্প ব্যবস্থাপনার জন্য জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক পদায়িত কর্মকর্তাদেরকে দায়িত্ব প্রদান করা হয়েছে। নতুন ক্যাম্পগুলোতে প্রশাসনিক অবকাঠামো তৈরীসহ এর তত্ত্বাবধান ও সংরক্ষণের ক্ষেত্রে ইউএনএইচসিআর আর্থিক ও কারিগরী সহায়তা প্রদান করছে।

২.২ খাদ্য নিরাপত্তা ও খাদ্য বহির্ভূত আইটেম (NFI)

বর্তমানে নতুন ৩৪টি ক্যাম্পে ডব্লিউএফপি কর্তৃক ৮,৩১,৬৫০ জন আশ্রয়প্রার্থীকে খাদ্য সহায়তা প্রদান করা হচ্ছে [জেনারেল ফুড ডিস্ট্রিবিউশন (GFD) এর আওতায় ৩,৯৬,০৯৯ জনকে চাল, ডাল, তেল এবং ই-ভাউচার এর মাধ্যমে ৪,৩৫,৫৫১ জনকে ১৯ প্রকার খাদ্য সামগ্রী]। জেলা প্রশাসন ও বাংলাদেশ সেনাবাহিনীর সহযোগিতায় সেপ্টেম্বর, ২০১৭ হতে বিভিন্ন সরকারী দফতর, বেসরকারী সংস্থা, স্থানীয় দানশীল ব্যক্তিবর্গ ও বন্ধুপ্রতিম দেশ হতে প্রাপ্ত খাদ্য ও খাদ্য জাতীয় অন্যান্য ত্রাণ বিতরণ করা হচ্ছে।

ডব্লিউএফপি কর্তৃক পুরনো নয়াপাড়া এবং কুতুপালং ক্যাম্পে অবস্থানরত শরণার্থীদের দৈনিক রেশন সামগ্রী হিসাবে চাল, ডাল, লবন, তৈল, চিনি, আলু, মরিচ, হলুদ ইত্যাদি ই-ভাউচারের মাধ্যমে প্রদান করা হচ্ছে। এ দু'টি ক্যাম্পে উপরিউক্ত প্রধান খাদ্যদ্রব্য ছাড়াও বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির মাধ্যমে জ্বালানী, টুথ পাউডার, সাবান ও অন্যান্য নন-ফুড আইটেমও সরবরাহ করা হয়।

২.৩ স্বাস্থ্য সেবা

আশ্রয় গ্রহণকারীদের জন্য স্থাপিত নতুন ৩৪টি ক্যাম্পে ও সংলগ্ন স্থানে মোট ৭টি ফিল্ড হাসপাতাল ও ১২৯টি প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা কেন্দ্র স্থাপন করা হয়েছে। তন্মধ্যে ৩১টি হাসপাতাল/স্বাস্থ্য কেন্দ্র ২৪ ঘণ্টা সেবা প্রদান করছে। হাসপাতাল/স্বাস্থ্য কেন্দ্রসমূহে সর্বমোট ৯৬৩টি নতুন আইপিডি শয্যা চালু করা হয়েছে। এমএসএফ ও আরএইচইউ পরিচালিত বিদ্যমান স্বাস্থ্য কেন্দ্রসমূহের সক্ষমতাও (৩৫ শয্যার কলেরা হাসপাতালসহ) বৃদ্ধি করা হয়েছে। সবকটি ক্যাম্পে সরকারী-বেসরকারী মিলে মোট ১২৪টি সংস্থা বর্তমানে স্বাস্থ্য সেবা প্রদানে নিয়োজিত আছে।

অরবিস ইন্টারন্যাশনাল (Orbis International) এর সহায়তায় আশ্রয় গ্রহণকারীদের আই কেয়ার সার্ভিস প্রদানের লক্ষ্যে স্থানীয় বায়তুশ শরফ চক্ষু হাসপাতাল এর সাথে একটি চুক্তি সম্পাদন করা হয়েছে। এর আওতায় ১,০০০ জনের ক্যাটার‍্যাক্ট আই সার্জারী সম্পাদন ও ৫,০০০ জনকে চশমা প্রদানের কার্যক্রম শুরু হয়েছে। তাছাড়া, পেডিয়াট্রিক অপথালমোলজি কর্মসূচীর অধীনে এ বছরে ৫০,০০০ শিশুকে স্ক্রিনিং করাসহ প্রয়োজনীয় চিকিৎসা প্রদানের কার্যক্রমও চলমান আছে।

নতুন আশ্রয়প্রার্থীদের মাঝে মহামারী রোধ ও স্বাস্থ্য ঝুঁকি হ্রাসের লক্ষ্যে ১,৩৫,৫১৯ (১ম রাউন্ড) ও ৩,৫৪,৯৮২ (২য় রাউন্ড) জনকে এমআর, ৭২,৩৩৪ (১ম রাউন্ড) ও ২,৩৬,৬৯৬ (২য় রাউন্ড) জনকে ওপিভি এবং ২,২৫,৪৪৬ জনকে ভিটামিন এ ক্যাপসুল দেয়া হয়েছে। প্রথম দফায় ৭,০০,৪৮৭ জন এবং ২য় দফায় ১,৯৯,৪৭২ জন এবং পরবর্তীতে আরো ৮,৭৯,২৭৩ জনকে কলেরা ভ্যাকসিনও দেয়া হয়েছে। এর পাশাপাশি ৩,১৫,৮৮৯ (১ম রাউন্ড), ৩,৬৩,৯৮৭ (২য়

রাউন্ড) ও ৪,২৩,৫৬৩ (৩য় রাউন্ড) জনকে ডিপথেরিয়া ভ্যাকসিন দেওয়া হয়েছে। এ পর্যন্ত ২৮,১৫৫ জন গর্ভবতী নারীকে সনাক্ত ও প্রিন্যাটাল সেবা প্রদান করা হয়েছে।

নয়াপাড়া ও কুতুপালং ক্যাম্পের স্বাস্থ্য ইউনিট শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনারের কার্যালয়ের প্রত্যক্ষ তত্ত্বাবধানে পরিচালিত হয়। প্রতি ক্যাম্পে ২ জন করে ডাক্তার নিয়মিত স্বাস্থ্য কেন্দ্রের বহির্বিভাগের (OPD) মাধ্যমে স্বাস্থ্য সেবা দিয়ে থাকেন। প্রয়োজনীয় ক্ষেত্রে উখিয়া/টেকনাফ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এবং কক্সবাজার সদর হাসপাতাল ও চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে রেফারেল পদ্ধতিতে শরণার্থী রোগীদের চিকিৎসা প্রদান করা হয়। উভয় ক্যাম্পে পরিবার পরিকল্পনা, টিকাদান কর্মসূচী, প্রসুতি-পূর্ব, প্রসুতি উত্তর সেবা প্রদানের জন্য হাসপাতালের বর্হিবিভাগ এবং থেরাপিউটিক ও সাপ্লিমেন্টারী ফিডিং সেন্টার রয়েছে।

২.৪ পানি ও পয়ঃনিষ্কাশন

(ক) সবগুলো ক্যাম্পে এ পর্যন্ত ৬,০০৭টি অগভীর নলকূপ, ৩,৬৩২টি গভীর নলকূপ ও ১১টি কুয়া স্থাপন করা হয়েছে। তন্মধ্যে ২৪৬টি অগভীর নলকূপ ইতোমধ্যে অকেজো (Decommissioning) করা হয়েছে। বর্তমানে কোন অগভীর নলকূপ স্থাপন করতে দেয়া হচ্ছে না।

(খ) উখিয়ার কুতুপালং-বালুখালী নতুন ক্যাম্প এলাকার ১২ নং ক্যাম্পে জাইকা ও আইওএম যৌথ উদ্যেগে ৩০,০০০ লোকের জন্য পানি সরবরাহের উপযোগি ১,৪০০ ফুট গভীরতাসম্পন্ন একটি বৃহৎ নলকূপ স্থাপনের কাজ প্রায় শেষ পর্যায়ে।

স্থানীয়সহ রোহিঙ্গাদের জন্য এ ধরণের আরো উচ্চক্ষমতা সম্পন্ন নলকূপ স্থাপনের কাজ চলমান আছে। সর্বশেষ এডিবি'র সহায়তায় ডিপিএইচই'র ব্যবস্থাপনায় টেকনাফে একটি নতুন পানি শোধনাগার স্থাপন, পাইপলাইনের মাধ্যমে ৪০টি পানি সরবরাহ ব্যবস্থা এবং ৭টি নতুন ভ্রাম্যমাণ পানির ট্যাংকার (Mobile Water Career) সরবরাহের পরিকল্পনা গৃহীত হয়েছে।

নতুন ক্যাম্পসমূহে শৌচ সুবিধা প্রদানের লক্ষ্যে ৫৮,০৩০ হাজারের অধিক ল্যাট্রিন স্থাপন করা হয়েছে। প্রথম দিকে স্থাপিত অস্থায়ী ল্যাট্রিনের মধ্যে ৮,৬৯৪টি ইতোমধ্যে অকেজো (Decommissioning) করা হয়েছে। অকেজো করা লাট্রিন প্রতিস্থাপনসহ প্রয়োজনীয় ক্ষেত্রে নতুন ল্যাট্রিন স্থাপনের পরিকল্পনা বাস্তবায়নাধীন আছে। ইতোমধ্যে উখিয়ার কুতুপালং-বালুখালী নতুন ক্যাম্প এলাকায় ইউনিসেফের আর্থিক সহায়তায় দূর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে বাংলাদেশ সেনাবাহিনীর ১৬ ইসিবির মাধ্যমে ১০,০০০টি ল্যাট্রিন নির্মিত হয়েছে। আরো ১,৫০০টি ল্যাট্রিন স্থাপনের কার্যক্রম চলমান আছে। বর্তমানে মোট ৪৯,৯৩০টি ল্যাট্রিন সম্পূর্ণ সচল রয়েছে। ল্যাট্রিনসমূহের ব্যবহারযোগ্যতা অক্ষুন্ন রাখার লক্ষ্যে ক্ষুদ্র, মাঝারি ও বড় আকারে পয়:ব্যবস্থাপনার (Fecal Sludge Management) উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

ক্যাম্প এলাকায় এ পর্যন্ত ১৬,৯৫৭টি গোসলখানা স্থাপন করা হয়েছে। ইউনিসেফের আর্থিক সহায়তায় দূর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে বাংলাদেশ সেনাবাহিনীর ১৬ ইসিবির মাধ্যমে আরো ৫,০০০টি গোসলখানা স্থাপনের কার্যক্রম চলমান আছে। এডিবি'র সহায়তায় নতুন আরো ১,০০০টি গোসলখানা স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এডিবি'র অর্থায়নে ক্যাম্প এলাকায় ২টি সমন্বিত কঠিন বর্জ্য ব্যবস্থাপনা (Solid Waste Management) কাঠামো নির্মাণের প্রস্তাবও চূড়ান্ত হয়েছে।

২.৫ অবকাঠামো ও বিদ্যুৎ

এলজিইডি কর্তৃক বাস্তবায়নাধীন মোট ১২.৩৩ কি.মি. দৈর্ঘের ১৪টি রাস্তার কাজ সম্পন্ন হয়েছে। ইউএনএইচসিআর এর অর্থায়নে এএফডি কর্তৃক নির্মাণাধীন ১০.০০ কি.মি. দীর্ঘ মূল সড়কের কাজ শেষ হয়েছে। আইওএম ও ইউএনএইচসিআর এর সহায়তায় ৩টি বক্স কালর্ভাট ও ৯টি পাইপ কালর্ভাটও ইতোমধ্যে নির্মিত হয়েছে। আইওএম কর্তৃক ৫টি এক্সেস রোডে ৬.৪ কি.মি.এইচবিবি রাস্তা নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে। এডিবি'র অর্থায়নে নতুন প্রকল্পের আওতায় ক্যাম্প এলাকায় আরো ৩০ কি.মি. সড়ক নির্মাণ ও মেরামত প্রকল্প গৃহীত হয়েছে, যা এলজিইডি বাস্তবায়ন করবে। সড়ক ও মহাসড়ক বিভাগের (RHD) ব্যবস্থাপনায় কক্সবাজার-টেকনাফ সড়ক, এন আই চৌধুরী সড়ক এবং ফলিয়াপাড়া সড়ক উন্নয়নের কাজও এই প্রকল্পে অন্তর্ভুক্ত রয়েছে। এডিবি এসব প্রকল্প ২০১৮-২০২১ সালের মধ্যে বাস্তবায়নের পরিকল্পনা গ্রহণ করেছে।

ডব্লিউএফপি কর্তৃক ২০টি অস্থায়ী গুদাম নির্মাণ করা হয়েছে। আরো গুদাম নির্মাণের কাজ চলমান আছে। এডিবি'র অর্থায়নে ১৩টি স্থানে নতুন ৫০টি Food distribution Outlet নির্মাণ করা হবে। ক্যাম্পবহির্ভূত এলাকায় ১০টি প্রাথমিক বিদ্যালয়ে এডিবি'র সহায়তায় এলজিইডি'র ব্যবস্থাপনায় "সাইক্লোন আশ্রয় কেন্দ্র-কাম-প্রাথমিক বিদ্যালয়" স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে, যা আপদকালীন সময়ে রোহিঙ্গা এবং স্থানীয় বাঙালি উভয়ের জন্য ব্যবহার করা হবে।

পল্লী বিদ্যুৎ সমিতির মাধ্যমে উখিয়ার কুতুপালং-বালুখালী নতুন ক্যাম্প এলাকায় প্রস্তাবিত ২০ কি.মি. লাইন নির্মাণের কাজ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। উল্লেখ্য, উল্লিখিত বিদ্যুৎ লাইন কেবল ক্যাম্প কার্যালয়সহ অন্যান্য প্রশাসনিক স্থাপনায় বিদ্যুৎ সংযোগের কাজে ব্যবহৃত হবে। বিভিন্ন আন্তর্জাতিক সংস্থা এবং এনজিওদের সহায়তায় সবক'টি ক্যাম্প এলাকায় এ পর্যন্ত ৬,৬৮৬টি সোলার স্ট্রিট লাইট স্থাপন করা হয়েছে। তা'ছাড়া, প্রায় সকল রোহিঙ্গা পরিবারকে ঘরে ব্যবহারের উপযোগি সোলার টর্চ লাইট সরবরাহ করা হয়েছে।

২.৬ শিক্ষা

আন্তর্জাতিক সংস্থাসমূহের তথ্যানুসারে ৫ লক্ষ ৩০ হাজার ছেলে-মেয়ের শিক্ষা সহায়তা প্রয়োজন। ইতোমধ্যে ৫,৪৯৫ টি শিক্ষা কেন্দ্র (Functional) স্থাপন ও ৯,৭২৭ জন শিক্ষক নিয়োগ করা হয়েছে এবং প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ১৪ বছরের কম বয়সী ৪,৩১,৮১৮ জন (৩,১৪,৯২৬ জন শরণার্থী) বালক-বালিকাকে এসব শিক্ষা কেন্দ্রে মিয়ানমার ও ইংরেজী ভাষায় অনানুষ্ঠানিক শিক্ষা প্রদান করা হচ্ছে। ১,৫১৭টি শিক্ষা কেন্দ্রের জন্য পরিচালনা কমিটি গঠন ও কার্যকর করা হয়েছে। এ পর্যন্ত শিক্ষার্থী ও শিক্ষক মিলিয়ে ১,৭১,১০১ জনকে শিক্ষাসহায়ক কিট সরবরাহ করা হয়েছে। নতুন শিক্ষা কেন্দ্র স্থাপন ও শিক্ষাসহায়ক কিট সরবরাহ কার্যক্রম অব্যাহত আছে।

২.৭ পুষ্টিমান উন্নয়ন

আন্তর্জাতিক সংস্থাসমূহের তথ্যানুসারে নতুন ৩০টি ক্যাম্পে বর্তমানে ৩১৮,৭৭৮ জন রোহিঙ্গা অপুষ্টিজনিত সমস্যায় আক্রান্ত। এর মধ্যে ১৪২,৮২৩ জনকে (৪৫%) পুষ্টিসেবা প্রদান করা হয়েছে। অপুষ্টিজনিত সমস্যায় আক্রান্তদের অধিকাংশই শিশু ও গর্ভবতী মহিলা। এ পর্যন্ত ১২,৬৬৮ জন শিশু ভর্তি হয়েছে পুষ্টিজনিত সমস্যা নিয়ে। অনূর্ধ্ব ৫ বছরের ১৩৬,৮৮২ জন শিশুকে তীব্র অপুষ্টি রোধকল্পে ব্ল্যাংকেট সাপ্লিমেন্টারী ফিডিং প্রোগ্রামের আওতায় আনা হয়েছে। গর্ভবতী ও প্রাপ্ত বয়স্ক মোট ৮৩,১৪৫ জন মহিলাকে পুষ্টিজনিত সেবা প্রদান করা হয়েছে।

৩.০ পরিবেশ সংরক্ষণ ও বিকল্প জ্বালানী:

আশ্রয় গ্রহণকারীদের রান্নার জন্য বিকল্প জ্বালানীর ব্যবস্থা না থাকায় শুরু থেকেই ক্যাম্প সংলগ্ন বনভূমির ওপর চাপ পড়ে। বন থেকে সংগৃহীত জ্বালানী কাঠের উপর নির্ভরশীলতা হ্রাস এবং নিকটস্থ বনভূমির উপর চাপ কমাতে জ্বালানী সাশ্রয়ী চুলাসহ প্রথম দিকে ধানের তুষ দিয়ে তৈরী Compressed Rice Husk সরবরাহের উদ্যোগ গ্রহণ করা হয়। ইতোমধ্যে ১,৭০,৪৭৮ পরিবারকে (Host Communitysহ) LPG (এলপিজি) সরবরাহ করা হয়েছে। (রোহিঙ্গা পরিবার = ১,৮১,০৫৩ এবং হোষ্ট কমিউনিটি পরিবার= ১৬,৪০৯) ইউএনএইচসিআর, আইওএম ডাব্লিউএফপি, আইসিআরসি, আইএফআরসি, কারিতাস, এফএকিউ, এফআইভিডিবি এলপিজি সরবরাহ করছে। সরবরাহকৃত এলপিজি'র ২৫% হোষ্ট কমিউনিটিকে দেয়া হয়। বিভিন্ন এনজিও বৃক্ষরোপন কার্যক্রমের মাধ্যমে ক্যাম্পসমূহে গত বর্ষা মৌসুমে সর্বমোট ২,০৪,৩০০টি বৃক্ষ রোপন করেছে। এ বছরের বর্ষা মৌসুমে ৫ লক্ষ্য বৃক্ষ রোপনের লক্ষ্য স্থির করা হয়েছে। এ কার্যক্রম ২৬/০৬/২০১৯ তারিখে শুরু হয়েছে। তাছাড়া, ব্র্যাক ও কারিতাস ২১ লক্ষ বিন্না ঘাসের চারা বিতরণ করেছে। এফএও ৫টি বৃহৎ এলাকায় প্রদর্শনীমূলক বৃক্ষরোপন এর ব্যবস্থা করেছে। এফএও'র সহায়তায় আরণ্যক ফাউন্ডেশন ৯টি ও বন বিভাগ ৮টি নার্সারি সৃজন করেছে। এফএও ৫০ হাজার পরিবারের মধ্যে Micro-gardening kit বিতরণ করেছে। স্থানীয় কৃষক সমিতিকে ১২২টি পাওয়ার টিলারও বিতরণ করা হয়েছে।

হাতির বিচরণ ও চলাচলের পথ সংকুচিত হয়ে পড়ায় উখিয়ার কুতুপালং-বালুখালী ক্যাম্প এলাকায় এ পর্যন্ত বন্য হাতির আক্রমণের ৫টি ঘটনা ঘটেছে। ভবিষ্যতে এ ধরণের ঘটনা পুনরাবৃত্তি রোধকল্পে হাতির চলাচলের পথ নির্দিষ্টকরণের লক্ষ্যে কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য ইউএনএইচসিআর এর আর্থিক সহায়তায় আইইউসিএন (International Union for Conservation of Nature) কাজ শুরু করেছে।

৪.০ দুর্যোগ ঝুঁকি হ্রাস ও ব্যবস্থাপনা:

(ক) ইউএনএইচসিআর এর অর্থায়নে Asian Disaster Preparedness Centre (ADPC) ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের যৌথ উদ্যোগে সম্ভাব্য ভূমিধস ও পাহাড়ী ঢলে আক্রান্ত হতে পারে এমন এলাকা চিহ্নিত করা হয়েছে। Cyclone Preparedness Programme (CPP)-কে আইওএম ও ইউএনএইচসিআরসহ বিভিন্ন সংস্থার সমন্বয়ে গঠিত দুর্যোগ মোকাবেলা সংক্রান্ত ওয়ার্কিং গ্রুপের অন্তর্ভুক্ত করা হয়েছে। সম্ভাব্য ঘুর্ণিঝড় হতে রক্ষার উদ্দেশ্যে ইতোমধ্যে নির্মিত অস্থায়ী শেল্টারসমূহকে মজবুত করার লক্ষ্যে কার্যক্রম গ্রহণ করা হয়েছে। ঝুর্কিপূর্ণ হিসেবে চিহ্নিত মোট ১,৯০,৯২৬টি শেল্টারের জন্য মজবুতিকরণ সামগ্রী সরবরাহ করা হয়েছে। এ পর্যন্ত ১, ৩, ৪, ৫, ৭, ৮, ৯, ১০, ১২, ১৪, ১৫, ১৬ ও ১৮ নং ক্যাম্প হতে ১১,০৯৭ পরিবারের মোট ৪৮,৬৪৬ জনকে সম্প্রসারণশীল ৪, ৫, ৬, ১৩, ১৪, ১৫, ১৬, ১৭, ১৮, ২০, নং ক্যাম্পে স্থানান্তর করা হয়েছে।

সিপিপি (Cyclone Preparedness Programme)-কে আইওএম ও ইউএনএইচসিআরসহ বিভিন্ন সংস্থার সমন্বয়ে গঠিত দুর্যোগ মোকাবেলা সংক্রান্ত ওয়ার্কিং গ্রুপের অন্তর্ভুক্ত করা হয়েছে। সিপিপি'র সহায়তায় প্রতটি ক্যাম্পে দূর্যোগ মোকাবেলা কার্যক্রমে সহায়তা প্রদানের জন্য স্বেচ্ছাসেবক দল গঠন এবং তাদের প্রশিক্ষণ প্রদান ও সরঞ্জাম সরবরাহ করা হয়েছে। সম্ভাব্য ঘুর্ণিঝড় হতে রক্ষার উদ্দেশ্যে ইতোমধ্যে নির্মিত অস্থায়ী শেল্টারসমূহকে মজবুত করার লক্ষ্যে কার্যক্রম গ্রহণ করা হয়েছে। ঝুর্কিপূর্ণ হিসেবে চিহ্নিত মোট ১৯০,৯২৬টি শেল্টারের জন্য মজবুতিকরণ সামগ্রী সরবরাহ করা হয়েছে।

৪.০ দুর্যোগ ঝুঁকি হ্রাস ও ব্যবস্থাপনা:

(ক) ইউএনএইচসিআর এর অর্থায়নে Asian Disaster Preparedness Centre (ADPC) ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের যৌথ উদ্যেগে সম্ভাব্য ভূমিধস ও পাহাড়ী ঢলে আক্রান্ত হতে পারে এমন এলাকা চিহ্নিত করা হয়েছে। Cyclone Preparedness Programme (CPP)-কে আইওএম ও ইউএনএইচসিআরসহ বিভিন্ন সংস্থার সমন্বয়ে গঠিত দুর্যোগ মোকাবেলা সংক্রান্ত ওয়ার্কিং গ্রুপের অন্তর্ভুক্ত করা হয়েছে। সম্ভাব্য ঘুর্ণিঝড় হতে রক্ষার উদ্দেশ্যে ইতোমধ্যে নির্মিত অস্থায়ী শেল্টারসমূহকে মজবুত করার লক্ষ্যে কার্যক্রম গ্রহণ করা হয়েছে। ঝুর্কিপূর্ণ হিসেবে চিহ্নিত মোট ১,৯০,৯২৬টি শেল্টারের জন্য মজবুতিকরণ সামগ্রী সরবরাহ করা হয়েছে। এ পর্যন্ত ১, ৩, ৪, ৫, ৭, ৮, ৯, ১০, ১২, ১৪, ১৫, ১৬ ও ১৮ নং ক্যাম্প হতে ১১,০৯৭ পরিবারের মোট ৪৮,৬৪৬ জনকে সম্প্রসারণশীল ৪, ৫, ৬, ১৩, ১৪, ১৫, ১৬, ১৭, ১৮, ২০, নং ক্যাম্পে স্থানান্তর করা হয়েছে।

সিপিপি (Cyclone Preparedness Programme)-কে আইওএম ও ইউএনএইচসিআরসহ বিভিন্ন সংস্থার সমন্বয়ে গঠিত দুর্যোগ মোকাবেলা সংক্রান্ত ওয়ার্কিং গ্রুপের অন্তর্ভুক্ত করা হয়েছে। সিপিপি'র সহায়তায় প্রতটি ক্যাম্পে দূর্যোগ মোকাবেলা কার্যক্রমে সহায়তা প্রদানের জন্য স্বেচ্ছাসেবক দল গঠন এবং তাদের প্রশিক্ষণ প্রদান ও সরঞ্জাম সরবরাহ করা হয়েছে। সম্ভাব্য ঘুর্ণিঝড় হতে রক্ষার উদ্দেশ্যে ইতোমধ্যে নির্মিত অস্থায়ী শেল্টারসমূহকে মজবুত করার লক্ষ্যে কার্যক্রম গ্রহণ করা হয়েছে। ঝুর্কিপূর্ণ হিসেবে চিহ্নিত মোট ১৯০,৯২৬টি শেল্টারের জন্য মজবুতিকরণ সামগ্রী সরবরাহ করা হয়েছে।

৫.০ প্রত্যাবাসন প্রস্তুতি:

কক্সবাজার জেলার টেকনাফ উপজেলার কেরণতলী ও বান্দরবান জেলার নাইক্ষ্যংছড়ি উপজেলার ঘুমঘুমে দু'টি প্রত্যাবাসন কেন্দ্র নির্মাণ সম্পন্ন হয়েছে। আরো ২টি স্থানে প্রত্যাবাসন কাঠামো নির্মাণের প্রস্তুতি চলমান আছে।

কক্সবাজারে আশ্রয়গ্রহণকারী মিয়ানমার নাগরিকদের প্রত্যাবাসনের লক্ষ্যে সম্মত ভেরিফিকেশন ফর্ম অনুযায়ী তথ্য সংগ্রহ কার্যক্রম ২৪/০৬/২০১৮ তারিখে শুরু ২৩/১২/২০১৯ তারিখে সম্পন্ন হয়েছে। মোট ১,৭৯,০০৬ পরিবারের (৮,১৭,০৪৭ জনের) তথ্য সংগ্রহ সম্পন্ন হয়েছে।